আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ২৬ || সোমবার || চৈত্র ১২ || ১৪২৯ || রমাদান ৫ || ১৪৪৪ || Vol. 27 || Issue 26 || 27 March || 2023 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

২০২৪ সালের নির্বাচনে শেষবার লড়বেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্কঃ সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেশটির আগামী প্রেসিডেন্ট নির্বাচনে লড়তে চান। এ লক্ষ্যে প্রচার শুরু করেছেন তিনি। গত শনিবার টেক্সাসের ওয়াকোতে তাঁর (বাকি অংশ ১৪ পাতায়)

জ্যাকসন হাইটসে বাংলাদেশ স্ট্রীট: বাঁধভাঙ্গা উচ্ছ্বাস




ইকবাল মাহমুদ: বহুল আলোচিত ও প্রত্যাশিত জ্যাকসন হাইটস ৩৭ এভিনিউ এর ৭৩ স্ট্রিটের পুণ:নামকরণ অবশেষে আলোর মুখ দেখেছে। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও বিএনপির পাল্টাপাল্টি প্রস্তাবে দীর্ঘদিন ধরে আটকা পড়েছিলো এই পুণ:নামকরণ প্রক্রিয়া। আওয়ামী লীগ এই সড়কের নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে এবং বিএনপি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নামে পুণ: নামকরণের প্রস্তাব দিয়েছিলো। পাল্টাপাল্টি এই প্রস্তাবের কারণে সিদ্ধান্ত গ্রহণে বিপাকে পড়ে নিউয়র্ক সিটি কাউন্সিল। যে কারণে বিলম্বিত হয় পুণ:নামকরণের প্রক্রিয়া। সবশেষ স্থানীয় কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান এর প্রচেষ্টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং জিয়াউর রহমানের নাম বাদ দিয়ে বাংলাদেশ স্ট্রিট নামকরণের প্রস্তাব অনুমোদন করে সিটি কাউন্সিল। (বাকি অংশ ২০ পাতায়)

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

	সেহরি শেষ	ইফতার
৫ রমাদান ২৭ মার্চ	৫.২৮	৭.১৫
৬ রমাদান ২৮ মার্চ	৫.২৬	৭.১৬
৭ রমাদান ২৯ মার্চ	৫.২৪	৭.১৭
৮ রমাদান ৩০ মার্চ	৫.২২	৭.১৮
৯ রমাদান ৩১ মার্চ	৫.২০	৭.১৯
১০ রমাদান ০১ এপ্রিল	৫.১৯	৭.২০
১১ রমাদান ০২ এপ্রিল	৫.১৭	৭.২১

‘ওয়ার্ক ভিসা’ ছাড়াই যুক্তরাষ্ট্রে চাকরির সুযোগ

বাংলা পত্রিকা ডেস্কঃ- এতদিন পর্যটক বা ব্যবসায়িক ভিসায় যুক্তরাষ্ট্রে কাজ করতে পারতেন না বিদেশি নাগরিকরা। ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস্থর (ইউএসসিএস) সেই নিয়ম শিথিল করা হয়েছে।



ব্যবসায়িক কাজ বা পর্যটন ভিসায় যুক্তরাষ্ট্র ভ্রমণকারী ব্যক্তিরা এখন দেশটিতে চাকরির আবেদন করতে পারবেন। চাকরির সাক্ষাৎকারও দিতে পারবেন। তবে এক্ষেত্রে চাকরিতে যোগ (বাকি অংশ১৪ পাতায়)



নিউয়র্কে বাংলাদেশী একটি উজ্জল কমিউনিটি : এরিক এডামস

সিটি মেয়রের বাসায় বাংলাদেশের স্বাধীনতা দিবস উদযাপন

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশের ৫২তম স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে প্রথমবারের মত নিউয়র্ক সিটি কাউন্সিলের মেয়র এরিক এডামস বাংলাদেশী কমিউনিটির সম্মানে রিসিপশন পার্টি দিয়েছেন। মঙ্গলবার (২১ মার্চ) সন্ধ্যায় ম্যানহাটনে মেয়রের সরকারি বাসভবনে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ হেরিটেজ (বাকি অংশ ১৬ পাতায়)

কুরআনে হাত রেখে শপথ নিলেন নিউজার্সীর মুসলিম জাজ



বাংলা পত্রিকা ডেস্কঃ পবিত্র কুরআনে হাত রেখে শপথ গ্রহণ করেছেন যুক্তরাষ্ট্রের প্রথম হিজাবি জজ নাদিয়া কাহাফ। বৃহস্পতিবার নিজের দাদি থেকে উত্তরাধিকার সূত্রে পাওয়া পবিত্র কুরআনের ওপর হাত রেখে শপথ নেন তিনি। (বাকি অংশ ১৪ পাতায়)

ইউটাহ অঙ্গরাজ্যে আইন পাশ

সোস্যাল মিডিয়া ব্যবহারে অভিভাবকের অনুমতির বিধান

বাংলা পত্রিকা ডেস্ক:- যুক্তরাষ্ট্রের ইউটাহ অঙ্গরাজ্যের গভর্নর স্পেনসার কক্স গত বৃহস্পতিবার একটি আলোচিত বিলে সই করেছেন। এই বিলে বলা হয়েছে, অঙ্গরাজ্যে বসবাসরত অপ্রাপ্তবয়স্ক কেউ (বাকি অংশ ১৪ পাতায়)

রমজানে পেট ভালো রাখতে কী করবেন

ডা. মোহাম্মদ জাকির হোসেন

মুসলমানদের জন্য রমজান পবিত্র মাস। এ মাসে জীবনাচরণে পরিবর্তন আসে, পরিবর্তন আসে খাদ্যাভ্যাসে। হঠাৎ এই পরিবর্তন মানিয়ে নিতে কিছুটা সময় লেগে যায় বৈকি। তা ছাড়া এবারের রমজানে গরমও বেশি। ঠিকমতো ইবাদত-বন্দেগি করার জন্য (বাকি অংশ ১৪ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে


কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com


বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // March 27 // 2023

ক্ষমতা টিকিয়ে রাখতে যে পদক্ষেপ নিতে যাচ্ছেন পুতিন



ঢাকা ডেস্ক: ইউক্রেনে আরও ভয়ংকর অভিযানের ছক কষছে রাশিয়া। আর সে লক্ষ্যে ইউক্রেনে আরও চার লাখ সেনা মোতায়েন করবে মস্কো। নাম প্রকাশ না করার শর্তে মার্কিন গণমাধ্যম ব্লুমবার্গকে এ তথ্য জানিয়েছে একটি সূত্র। ইউক্রেনে রুশ সেনাদের ক্ষতি কাটিয়ে উঠতে এই নিয়োগ অনিবার্য হয়ে উঠছে বলেই জানানো হয়েছে। সঙ্গে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের ক্ষমতা টিকিয়ে রাখতেও ইউক্রেনে আগ্রাসন দেখানো ছাড়া উপায় নেই। তবে চলতি বছর নতুন করে চার লাখ সেনা নিয়োগ দেওয়ার সামর্থ্য নিয়েও সংশয় প্রকাশ করছেন অনেকে। কারণ, এই সংখ্যা গত বছরের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে আক্রমণ শুরুর আগে রাশিয়ার মোট পেশাদার সৈন্যসংখ্যার প্রায় সমান। গত বছরের ডিসেম্বরে রুশ প্রতিরক্ষামন্ত্রী সের্গেই শোইগু জানিয়েছিলেন, ২০২৩ সালের শেষ নাগাদ তারা সেনাসংখ্যা পাঁচ লাখ ২১ হাজারে উন্নীত করতে চায়। যে কারণে সেনা নিয়োগ প্রক্রিয়াতেও আনা হয়েছে পরিবর্তন।



কলকাতার বাংলাদেশ উপ-দূতাবাসে গণহত্যা দিবস পালিত

ঢাকা ডেস্ক, ২৬ মার্চ : আন্তর্জাতিক স্বীকৃতির দাবি জানিয়ে কলকাতার বাংলাদেশ উপদূতাবাস প্রাঙ্গনে পালিত হল গণহত্যা দিবস। এই উপলক্ষে শনিবার বিকালে মিশনের বাংলাদেশ গ্যালারিতে আয়োজিত অনুষ্ঠানের শুরুতে গণহত্যা দিবস হিসাবে নির্মিত দুইটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস-এর নেতৃত্বে সকল কর্মকর্তাদের নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

পরবর্তীতে বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর প্রেরিত বাণী পাঠ করে শোনান যাথক্রমে কাউন্সেলর (শিক্ষা ও ক্রীড়া) রিয়াজুল ইসলাম এবং কাউন্সেলর (রাজনৈতিক) তুষিতা চাকমা। অনুষ্ঠানে গণহত্যা দিবস নিয়ে আলোচনা করেন মিনিস্টার (রাজনৈতিক) ও দূতালয় প্রধান সিকদার মোহাম্মদ আশরাফুর রহমান এবং প্রথম সচিব (প্রেস) রঞ্জন সেন।


সমাপনী বক্তব্যে উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস বলেন,১৯৭১ দলের ২৫ মার্চ বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনী যে গণহত্যা শুরু করেছিলো, যা পরবর্তী নয় মাস চলেছিলো, তা ইতিহাসের সবচেয়ে ভয়াবহ গণহত্যাগুলোর মধ্যে অন্যতম। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ত্রিশ লক্ষ শহিদের প্রাণের বিনিময়ে আমরা আমাদের স্বাধীনতা পেয়েছি।

ইলিয়াস আরো বলেন,প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সরকার ১৯৭১-এর গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির জন্য সর্বাত্মক চেষ্টা করছে এবং জাতিসংঘে বাংলাদেশের এ উদ্যোগ নিশ্চয়ই সফল হবে। একই সঙ্গে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের অগ্রণী ভূমিকার কথা তুলে ধরে গোটা বিশ্বে যে কোন গণহত্যার বিরুদ্ধে বাংলাদেশের অবস্থানের কথা পুণর্ব্যক্ত করেন উপ-হাইকমিশনার।

এদিনের অনুষ্ঠানটির সঞ্চালনা করেন উপ-হাইকমিশনের দ্বিতীয় সচিব (রাজনৈতিক) শেখ মারেফাত তারিকুল ইসলাম।

সবশেষে বিশেষ মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।





Khalil Biryani House

পবিত্র মাহে রমজানের

ইফতার ও সেহেরি পার্টি

বুকিং চলছে

জ্যামাইকা

১৬৭-২০ হিলসাইড এভিনিউ,
জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২

(৯২৯) ৬০৮-০২২৯

ব্রঙ্কস

২০৬২ ম্যাকগ্র এভিনিউ,
ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২

(৬৪৬) ৭৬৩-৫০৭৩



সুস্বাদু খাবার
স্বাস্থ্যসম্মত খাবার
সার্টিফাইড শেফ

khalilsfood.com

+1 646-763-5073

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

পালিত হল মহান স্বাধীনতা দিবস

আজ থেকে ৫২ বছর আগে ঘোষিত হয়েছিল এ দেশের স্বাধীনতা। এ এক আনন্দের দিন। তবে আমাদের স্বাধীনতার ইতিহাস যেমন গৌরবের, তেমনি বেদনারও।

অনেক রক্ত ও আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের স্বাধীনতা। আজ আমরা শ্রদ্ধাভরে স্মরণ করছি সেই সব জানা-অজানা শহিদকে, যারা তাদের বর্তমানকে বিসর্জন দিয়ে গেছেন এ দেশের ভবিষ্যৎকে সুন্দর করার জন্য। আমরা শ্রদ্ধা জানাই স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মুক্তিযুদ্ধের সব সংগঠক ও মুক্তিযোদ্ধাকে। আমরা কৃতজ্ঞতা জানাই ভারত ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নসহ সেই সব বন্ধুরাষ্ট্র ও বিদেশি নাগরিকদের, যারা মুক্তিযুদ্ধে নানাভাবে আমাদের সহায়তা করেছেন।

মহাকালের বিচারে ৫২ বছর খুব বড় সময় নয়। তবে এ সময়ের ব্যবধানে কোনো কোনো জাতির অনেক দূর এগিয়ে যাওয়ার নজিরও আছে। আজ আমাদের বিচার-বিশ্লেষণ করা প্রয়োজন স্বাধীনতার পাঁচ দশকে আমরা কতটা এগিয়েছি, কী ছিল আমাদের লক্ষ্য ও প্রত্যাশা, পূরণ হয়েছে কতটা। কোথায় আমাদের ব্যর্থতা, কী এর কারণ। স্বাধীনতার অন্যতম লক্ষ্য যদি হয় ভৌগোলিকভাবে একটি স্বাধীন রাষ্ট্র বা ভূখণ্ডের অধিকারী হওয়া, তাহলে তা অর্জিত হয়েছে। তবে শুধু এটুকুই মানুষের প্রত্যাশা ছিল না। পাকিস্তানের শৃঙ্খল থেকে মুক্ত হয়ে দেশে একটি কার্যকর গণতান্ত্রিক ব্যবস্থা এবং জনগণের অর্থনৈতিক মুক্তিসহ মৌলিক অধিকার প্রতিষ্ঠা-এ প্রত্যাশাও ছিল ব্যাপকভাবে। পাকিস্তানি শাসকগোষ্ঠী ১৯৭০ সালের সাধারণ নির্বাচনের রায় মেনে না নেওয়ার পরিপ্রেক্ষিতে স্বাধীনতা ও গণতন্ত্রের দাবি প্রবল হয়ে ওঠে বাঙালির মধ্যে। তবে স্বাধীনতার পর দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা পেলেও তা হোঁচট খেয়েছে বারবার। বজায় থাকেনি এর ধারাবাহিকতা। ফলে আজও প্রাতিষ্ঠানিকতা পায়নি গণতন্ত্র। রাজনীতিতে ঐকমত্যের অভাব ও অসহিষ্ণুতাও এর বড় কারণ। অন্তত জাতীয় ইস্যুগুলোয় সরকার ও বিরোধী দলের মধ্যে ঐক্য থাকা প্রয়োজন হলেও কোনো শাসনামলেই তা দেখা যায়নি। এক্ষেত্রে দেশের চেয়ে দলের স্বার্থই হয়ে উঠেছে মুখ্য।

এটা সত্য-দারিদ্র্য বিমোচন, শিক্ষার প্রসার, নারী উন্নয়ন, শিশুমৃত্যুর হার কমানো ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য রয়েছে আমাদের। মাথাপিছু আয় বেড়েছে উল্লেখযোগ্য পরিমাণে। স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বেরিয়ে উন্নয়নশীল দেশের কাতারে শামিল হতে যাচ্ছে দেশ। এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে। জঙ্গিবাদের অপতৎপরতা ঠেকিয়ে রাখা গেছে। এর মূল কৃতিত্বের দাবিদার জনগণ। এ দেশের মানুষ ধর্মের নামে সহিংসতা সমর্থন করে না। তা সত্ত্বেও এ ব্যাপারে আমাদের সতর্ক থাকতে হবে; গড়ে তুলতে হবে রাজনৈতিক ঐকমত্য। সরকারকে মানবাধিকারের প্রশ্নে হতে হবে অঙ্গীকারবদ্ধ। স্বাধীনতাকে অর্থবহ করে তুলতে সব বিভেদ ভুলে আমাদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। সেই ঐক্যের ভিত্তিতে বিদ্যমান সমস্যাগুলো আমরা দ্রুত কাটিয়ে উঠতে সক্ষম হব-এ প্রত্যাশা সবার।

বর্তমান সরকার মুক্তিযোদ্ধাদের নানাভাবে সহায়তা করে আসছে সন্দেহ নেই। তারপরও বহু মুক্তিযোদ্ধা অসহায় ও মানবেতর জীবনযাপন করছেন। সেসব অবহেলিত মুক্তিযোদ্ধার প্রতি দৃষ্টি দেওয়া আমাদের সবার কর্তব্য। স্বাধীনতা দিবসে আমাদের পাঠক, লেখক, শুভানুধ্যায়ীসহ সমগ্র দেশবাসীর প্রতি রইল শুভেচ্ছা।

স্বাধীন হওয়ার কারণেই আমরা পাকিস্তানের চেয়ে এগিয়ে

॥ মুঈদ রহমান ॥

আজ ২৬ মার্চ, মহান স্বাধীনতা দিবস। গত ৫২ বছর ধরে আমরা প্রতিবছরই এ দিনটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদযাপন করে আসছি। এ বছরও এর ব্যতিক্রম নয়। বিশেষ দিনগুলো কেবল আনুষ্ঠানিকতার জন্য উদযাপিত হয় না; বরং যে লক্ষ্য সামনে রেখে দিবসটির জন্ম তার একটি বছরওয়ারি খতিয়ান বিবেচনা করা প্রয়োজন। সেই লক্ষ্য অর্জনে যদি কোনো ঘাটতি থাকে, তবে তা পূরণের অঙ্গীকার ও প্রচেষ্টা থাকা বাঞ্ছনীয়। আজ প্রায় অর্ধশতক পরে এসে আমাদের স্বাধীনতা নিয়ে দুই ধরনের মূল্যায়ন চোখে পড়ে।

প্রথমটি হলো, যারা পাকিস্তানের অনিবার্য পতন আজও মেনে নিতে পারেননি, তাদের মতে আমাদের দেশ এখনো পাকিস্তান থাকলে মঙ্গল হতো। দ্বিতীয় মূল্যায়নটি স্বাধীনতার পক্ষশক্তির। তাদের মত হলো, স্বাধীনতার সনদে উল্লেখ করা সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় আমরা আজও কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারিনি। এ দুটি মূল্যায়নের যথার্থতা যাচাই করার একটি প্রয়াস নেওয়া যেতেই পারে। তবে এ কাজে সাবেক ইউজিসি প্রফেসর ড. মইনুল ইসলামের সাম্প্রতিক সময়ে প্রকাশিত দুটি প্রবন্ধের সহযোগিতা নেওয়া প্রয়োজন বলে মনে করি। প্রথম মূল্যায়নটি-যেখানে বলা হয়ে থাকে, আমরা পাকিস্তান থাকলেই ভালো থাকতাম-পাকিস্তানের প্রতি অন্ধ আনুগত্য থেকে উত্থিত। এ ধরনের মূল্যায়নে তৎকালীন পশ্চিম পাকিস্তান (বর্তমান পাকিস্তান) কর্তৃক পূর্ব পাকিস্তানে (বর্তমানে স্বাধীন বাংলাদেশ) যে সীমাহীন শোষণ, বঞ্চনা, বৈষম্য, লুণ্ঠন ও রাজনৈতিক নিপীড়ন চালানো হয়েছিল, তা অবলীলায় অস্বীকার করা হয়েছে।

১৯৪৭ সালের মধ্য আগস্টে পাকিস্তান সৃষ্টির পর থেকেই পাকিস্তানি শাসনব্যবস্থা জননির্ভর হওয়ার বিপরীতে সামরিকনির্ভর হয়ে পড়ে। গত ৭৫ বছর ধরে পাকিস্তানের কোনো সরকার জাতীয় বাজেটে সামরিক খাতের আধিপত্য খর্ব করার সাহস রাখেনি; আজও রাখে না। ২০২৩ সালে এসেও পাকিস্তানে সামরিক বাহিনীর সমর্থন ছাড়া কোনো সরকার গঠন ও পরিচালনা কল্পনাতীত বিষয় হয়ে আছে। বর্তমান সময়ে বাংলাদেশের রাজনীতিতে গণতান্ত্রিক হতাশা বিরাজ করলেও সামরিকতন্ত্রের কোনো অস্তিত্ব নেই। যারা আজও পাকিস্তানকে বাংলাদেশের তুলনায় অধিকতর স্বস্তিদায়ক মনে করেন, তারা কোনো সূচক ব্যবহার করেন না বা সূচকের প্রতি ইচ্ছাকৃতভাবে দৃষ্টি এড়িয়ে যান এবং তা উদ্দেশ্যপ্রণোদিত। ২০২৩ সালের বাংলাদেশ ও পাকিস্তানের তুলনামূলক এমন কতগুলো সূচক আছে, যা থেকে স্পষ্টভাবেই প্রতীয়মান হয় যে, স্বাধীন বাংলাদেশের সঙ্গে পাকিস্তান আজ আর কোনো তুলনীয় রাষ্ট্র নয়। সূচকগুলো হলো-এক. বাংলাদেশের মোট জিডিপি ৪৬৫ বিলিয়ন ডলার, পাকিস্তানের জিডিপি ৩৪৬ বিলিয়ন ডলার, যা আমাদের চেয়ে ১১৯ বিলিয়ন কম। দুই. পাকিস্তানের মোট জিডিপি আমাদের চেয়ে কম, কিন্তু জনসংখ্যা বেশি। সেখানে জনসংখ্যা প্রবৃদ্ধির হার ২ দশমিক ১ শতাংশ; আর বাংলাদেশে এ হার ১ দশমিক ২ শতাংশ। পাকিস্তানের মোট জনসংখ্যা বর্তমানে ২২ কোটি; আর বাংলাদেশে ১৭ কোটি। অথচ ১৯৭২ সালে পাকিস্তানের জনসংখ্যা ছিল সাড়ে ৬ কোটি; আর সদ্যস্বাধীন বাংলাদেশের জনসংখ্যা ছিল ৭ কোটিরও বেশি। তিন. মাথাপিছু আয়কে সামনে আনা যাক। ২০২২ সালের জুনের হিসাব অনুযায়ী, বাংলাদেশের মাথাপিছু আয় ছিল ২৭৯৩ ডলার; পাকিস্তানের ছিল ১৫৪৭ ডলার। তবে ২০২৩ সালের জুনে বাংলাদেশের মাথাপিছু আয় বেড়ে ২৮৪৬ ডলার হতে পারে; এর বিপরীতে পাকিস্তানের মাথাপিছু আয় কমে ১৪৪৬ ডলারে দাঁড়াতে পারে। চার. রপ্তানি আয়ের পার্থক্যটাও লক্ষণীয়। ২০২১-২২ অর্থবছরে আমাদের রপ্তানি আয় ছিল প্রায় ৫২ বিলিয়ন ডলার; আর পাকিস্তানের ছিল প্রায় ৩০ বিলিয়ন ডলার। পাঁচ. বৈদেশিক মুদ্রার রিজার্ভ নিয়ে সরকারের ও আইএমএফের হিসাবে গরমিল আছে। ২০২১-২২ অর্থবছরের আমাদের বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ ছিল ৪৮ বিলিয়ন ডলার। ২০২৩ সালে সরকারি হিসাবমতে কমে দাঁড়িয়েছে ৩২ বিলিয়ন ডলারে। কিন্তু আইএমএফ বলছে সঠিক হিসাব হলো, বাংলাদেশের বৈদেশিক মুদ্রার প্রকৃত রিজার্ভের পরিমাণ ২৪ বিলিয়ন ডলারের বেশি নয়। আমরা যদি সর্বনিম্ন হিসাবটিও ধরি, তাহলেও তা দিয়ে তিন মাসেরও বেশি সময়ের আমদানি ব্যয় মেটানো সম্ভব। অন্যদিকে একই সময়ে পাকিস্তানের রিজার্ভের পরিমাণ ছিল ৪ বিলিয়ন ডলার, যা দিয়ে মাত্র ৩ সপ্তাহের আমদানি ব্যয় মেটান যেতে পারে। ছয়. বাংলাদেশের মোট বৈদেশিক ঋণের পরিমাণ জিডিপির ২০ দশমিক ৪৮ শতাংশ; আর পাকিস্তানের বেলায় তা জিডিপির প্রায় ৪৭ শতাংশ। সাত. নারীর ক্ষমতায়নে বাংলাদেশ পাকিস্তানের চেয়ে অনেক এগিয়ে। বাড়ির আঙিনার বাইরে গিয়ে কর্মরত নারীর অনুপাত পাকিস্তানে ১৪ শতাংশের বেশি নয়; অথচ বাংলাদেশের বেলায় এ হার ৩৬ শতাংশেরও বেশি। আট. আমাদের দেশে শিশুমৃত্যুর হার হাজারে ২১ জন; অন্যদিকে পাকিস্তানে বর্তমানে তা হাজারে ৫৯ জন। নয়. বাংলাদেশের মানুষের প্রত্যাশিত গড় আয়ু যেখানে ৭৩ বছর; পাকিস্তানের বেলায় তা মাত্র ৬৬ বছর। দশ. বাংলাদেশে শতভাগ মানুষকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা সম্ভব হয়েছে; কিন্তু পাকিস্তানে প্রায় ২৫ শতাংশ মানুষ এখনো বিদ্যুৎ সুবিধার বাইরে অবস্থান করছে। এগারো. স্থানীয় মুদ্রার কথায় আসি-২০০৭ সাল পর্যন্ত পাকিস্তানের রুপির মূল্যমান বাংলাদেশের টাকার চেয়ে ৮ শতাংশ বেশি ছিল। ২০২৩ সালে এসে বাংলাদেশের বাজারে ১০৭ টাকায় ১ ডলার কেনা যায়; কিন্তু পাকিস্তানে ১ ডলার কিনতে হলে ২৭৭ রুপি খরচ করতে হয়। বারো. বাংলাদেশের জনগণের সাক্ষরতার হার হচ্ছে ৭৬ শতাংশ; আর পাকিস্তানের বেলায় তা মাত্র ৫৯ শতাংশ। তেরো. জাতিসংঘের মানব উন্নয়ন সূচকেও বাংলাদেশ পাকিস্তানের চেয়ে অনেকখানি এগিয়ে। ২০২২ সালের মানব উন্নয়ন সূচকে বিশ্ব র‍্যাংকিংয়ে বাংলাদেশের অবস্থান ছিল ১২৯; আর পাকিস্তানের অবস্থান ১৪৭। এসব সূচক বিবেচনায় নিয়ে স্পষ্টভাবেই বলা চলে, আজকের বাংলাদেশের সঙ্গে পাকিস্তানের কোনো তুলনা চলে না। বাংলাদেশের তুলনা হতে পারে সফল কোনো রাষ্ট্রের সঙ্গে।

সুতরাং মূল্যায়নকারীদের প্রথম অংশের বিচার-বিশ্লেষণ প্রমাণসাপেক্ষ নয়; নয় বাস্তবতার প্রতিফলন। নেহায়াতই পাকিস্তানপ্রীতি থেকে মূল্যায়ন-মন্তব্যটি করা হয়ে থাকে। এবারে আসা যাক স্বাধীনতার পক্ষশক্তির মূল্যায়ন প্রসঙ্গে। এ অংশের বিশ্লেষকরা মনে করেন, বাংলাদেশের স্বাধীনতা হচ্ছে বাঙালি জাতির ইতিহাসে একটি অনন্য প্রাপ্তি। পৃথিবীর বুকে একটি স্বতন্ত্র জাতি হিসাবে প্রতিষ্ঠিত হওয়ার জন্য স্বাধীনতা ছিল অপরিহার্য শর্ত। তবে একই সঙ্গে স্বীকার করতে হবে যে, স্বাধীনতা সনদের যে মূলনীতি সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার-এ তিনটি নীতির প্রতি আমরা কাঙ্ক্ষিত মাত্রায় সুবিচার করতে পারিনি। এ মূল্যায়নটি আমলে নেওয়ার দাবি রাখে।

বাংলাদেশ ব্যাংক বলছে, বাংলাদেশে খেলাপি ঋণের পরিমাণ ১ লাখ ৩৪ হাজার কোটি টাকা। ২ হাজার টাকার ঋণখেলাপি কৃষককে কোমরে দড়ি বেঁধে আইনের দরজায় নিয়ে যাওয়া হয়; কিন্তু ২ হাজার কোটি টাকার ঋণখেলাপির বিরুদ্ধে ব্যবস্থা নিতে গেলে মন্ত্রিত্ব নিয়ে টানাটানি পড়ে যায়। আয়বৈষম্য বাড়ছে আশঙ্কাজনকভাবে।

আমাদের রাজনীতি ও অর্থনীতিকে সক্ষমতা অনুযায়ী পরিচালিত করতে পারলে আমরা আরও বেশি সমৃদ্ধ হতে পারতাম। স্বাধীনতার প্রথম দুই দশক আমাদের গণতান্ত্রিক পথচলা দারুণভাবে ব্যাহত হয়েছে। '৯০-পরবর্তী সময়ে নির্বাচনমুখী রাজনীতির প্রতি মানুষের আস্থা সন্তোষজনক পর্যায়ে ফিরে আসে। কিন্তু ২০১৪ সালের পর প্রচলিত নির্বাচন প্রক্রিয়ার প্রতি আস্থায় চিড় ধরতে থাকে। আজকের দিনে বলা যায়, সুষ্ঠু-গণতান্ত্রিক ধারার কোনো নির্বাচনের আশা জনগণ মন থেকে মুছে ফেলেছে। সুতরাং রাজনীতির বেলায় আমরা গণতান্ত্রিক সংস্কৃতিকে কাঙ্ক্ষিত অবস্থানে পৌঁছাতে পারিনি। অন্যদিকে অর্থনীতিতে যদি দুর্নীতি, পুঁজি লুণ্ঠন এবং পুঁজি পাচার বন্ধ করতে পারতাম, তাহলে আজকের বাংলাদেশ পৃথিবীর বুকে অনন্য উদাহরণ হতে পারত। সরকারি ভাষ্যমতেই আমাদের অর্থনীতিতে যে পরিমাণ কালোটাকা আছে, তা জিডিপির ৩৩ শতাংশের সমান; কিন্তু তার সুরাহা করতে পারছি না। ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রেটি সারা বিশ্বের অবৈধ অর্থ প্রবাহ, দুর্নীতি, অবৈধ বাণিজ্য ও অর্থ পাচার নিয়ে গবেষণা করে। তাদের প্রতিবেদন বলছে, বাংলাদেশ থেকে ১০ বছরে পাচার হয়েছে ৭ হাজার কোটি ডলার। তার মানে হলো, অর্থ পাচারের পরিমাণ গড়ে বছরে ৭০০ কোটি ডলার। যদি ১ ডলার সমান ১০০ টাকা ধরা হয়, তাহলে প্রতিবছর বাংলাদেশ থেকে পাচার হচ্ছে ৭০ হাজার কোটি টাকা; অথচ আমরা যে পদ্মা সেতু নিয়ে গর্ব করি, সেই পদ্মা সেতু নির্মাণে ৮ বছরে মোট ব্যয় করা হয়েছে ৩০ হাজার কোটি টাকা। সেই হিসাবে পদ্মা সেতু নির্মাণে আমরা প্রতিবছর গড়ে মাত্র ৩ হাজার ৭৫০ কোটি টাকা ব্যয় করেছি। আমরা এ সমস্যারও কিনারা করতে পারছি না।

বাংলাদেশ ব্যাংক বলছে, বাংলাদেশে খেলাপি ঋণের পরিমাণ ১ লাখ ৩৪ হাজার কোটি টাকা। ২ হাজার টাকার ঋণখেলাপি কৃষককে কোমরে দড়ি বেঁধে আইনের দরজায় নিয়ে যাওয়া হয়; কিন্তু ২ হাজার কোটি টাকার ঋণখেলাপির বিরুদ্ধে ব্যবস্থা নিতে গেলে মন্ত্রিত্ব নিয়ে টানাটানি পড়ে যায়। আয়বৈষম্য বাড়ছে আশঙ্কাজনকভাবে। একদিকে নিম্ন-মধ্যবিত্ত দরিদ্র হচ্ছে; বিপরীতভাবে দিনদিন ধনীরা পরিণত হচ্ছে 'সুপার' ধনীতে। প্রচারিত ও প্রকাশিত প্রবৃদ্ধির হার বৃদ্ধির কোনো সুফল সাধারণ মানুষ পাচ্ছে না। তাই মনে হয়, আমরা সাম্যের প্রতিশ্রুতি থেকে দিনকে দিন বিচ্যুত হচ্ছি।

স্বাধীনতা দিবসের ৫৩তম পর্বে এসে বলতেই হবে, আমাদের মহান স্বাধীনতাপ্রাপ্তিতে আওয়ামী লীগের একটি গৌরবোজ্জ্বল ঐতিহাসিক ভূমিকা রয়েছে। পাশাপাশি আজকের শাসক আওয়ামী লীগের রয়েছে শাসনজনিত দুর্বলতা। এ নিয়ে দুটি ধারা লক্ষ করা যায়। প্রথম ধারায় একদল মানুষ আওয়ামী লীগের সমালোচনা ও বিরোধিতা করতে করতে এক পর্যায়ে স্বাধীনতারই বিরুদ্ধে অবস্থান নেয়। অন্য ধারাটি আওয়ামী লীগের অসহিষ্ণুতা থেকে সৃষ্ট। সেটি হলো, আওয়ামী লীগের কোনো কাজের যৌক্তিক ও আবশ্যিক সমালোচনাকারীকে শাসকগোষ্ঠী নির্বিচারে স্বাধীনতাবিরোধীর তকমা লাগিয়ে দেয়। প্রকৃতপক্ষে প্রচলিত এ দুটি ধারাই বর্জনীয় ও নিন্দনীয়। তাই আজকের মহান স্বাধীনতা দিবসে সব শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা রেখে শাসকদের প্রতি আহ্বান জানিয়ে বলতে চাই-আপনারা স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী শহিদদের স্বপ্ন বাস্তবায়নে অধিকতর মনোযোগী হোন।

মুঈদ রহমান : অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়

নামাজের সময়-সূচী

মার্চ/এপ্রিল	২৭	২৮	২৯	৩০	৩১	১	২
ফজর	৫.৩৩	৫.৩১	৫.২৯	৫.২৭	৫.২৫	৫.২৪	৫.২২
সূর্যোদয়	৬.৪৯	৬.৪৭	৬.৪৬	৬.৪৪	৬.৪২	৬.৪১	৬.৩৯
জোহর	১.০২	১.০২	১.০১	১.০১	১.০১	১.০১	১.০০
আসর	৫.২৫	৫.২৬	৫.২৭	৫.২৮	৫.২৮	৫.২৯	৫.৩০
মাগরিব	৭.১৫	৭.১৬	৭.১৭	৭.১৮	৭.১৯	৭.২০	৭.২১
এশা	৮.৩১	৮.৩২	৮.৩৪	৮.৩৫	৮.৩৬	৮.৩৭	৮.৩৮

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

ব্যাংকগুলোর সুশাসন নিশ্চিত করতে হবে

॥ ড. সালেহউদ্দিন আহমেদ ॥

বাংলাদেশ আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) কাছ থেকে ৪৭০ কোটি মার্কিন ডলার ঋণপ্রাপ্তির অনুমোদন পেয়েছে। এজন্য বাংলাদেশকে বেশকিছু শর্ত দিয়েছে আইএমএফ। বিশেষ করে ব্যাংক খাতের ব্যাপক সংস্কারের মাধ্যমে অভ্যন্তরীণ সুশাসন নিশ্চিতকরণ এবং খেলাপি ঋণের পরিমাণ যৌক্তিকভাবে কমিয়ে আনার বিষয়ে। আইএমএফ ব্যাংক খাতের সংস্কারের জন্য যেসব শর্ত দিয়েছে, তা বাংলাদেশের ক্ষেত্রে প্রযোজ্য বা প্রয়োজনীয়। অনেকদিন আগে থেকেই অর্থনীতিবিদ ও ব্যাংকসংশ্লিষ্টরা এ ব্যাপারে তাগিদ দিয়ে আসছিল। অর্থাৎ আইএমএফ দেশের ব্যাংক খাত সংস্কারের ব্যাপারে যেসব শর্ত দিয়েছে, তা অবশ্যই যৌক্তিক। এসব শর্ত বাস্তবায়ন করা হলে দেশের ব্যাংক খাতের সার্বিক অবস্থা ভালো হবে বলেই আমার বিশ্বাস।

আইএমএফ ঋণদানের ক্ষেত্রে যেসব পূর্বশর্ত দিয়েছে তার মধ্যে রয়েছে, ব্যাংক খাতে ব্যাপক সংস্কারের মাধ্যমে অভ্যন্তরীণ সুশাসন নিশ্চিত করে খেলাপি ঋণের পরিমাণ যৌক্তিকভাবে কমিয়ে আনা, রাজস্ব খাতের সংস্কারের মাধ্যমে রাজস্ব আদায়ের পরিমাণ বাড়ানো, জ্বালানি শক্তির ওপর থেকে ভর্তুকি কমানো, প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা-জবাবদিহি নিশ্চিত করা প্রভৃতি। বাংলাদেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ ও হার বৃদ্ধি পেয়ে বর্তমানে অনেকটা অসহনীয় পর্যায়ে উন্নীত হয়েছে। এ খাতে অভ্যন্তরীণ সুশাসনের অবস্থাও খুব একটা ভালো পর্যায়ে নেই। সম্প্রতি ব্যক্তি মালিকানাধীন কয়েকটি ব্যাংকে বড় রকমের দুর্নীতির খবর মিডিয়ায় প্রকাশিত হয়েছে। এতে আমানতকারীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। অনেকেই তাদের আমানতকৃত অর্থ তুলে নিচ্ছেন। ফলে ব্যাংক খাতে তারল্য সংকট দেখা দিয়েছে।

আইএমএফ রাজস্ব বাড়াতে কিছু সংস্কার কার্যক্রম বাস্তবায়নের জন্য শর্ত দিয়েছে। আমাদের রাজস্ব আদায়ের হার অত্যন্ত কম। গত অর্থবছরে ট্যাক্স-জিডিপি অনুপাত দাঁড়ায় ৯:৭। এটি দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে কম। এমনকি নেপালের ট্যাক্স-জিডিপি অনুপাত বর্তমানে ২৩:৯। ট্যাক্স আদায়ের পরিমাণ বাড়ানো না গেলে সরকারের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সমস্যা হয়। আইএমএফ যেসব শর্ত দিয়েছে, তার অধিকাংশই বাংলাদেশের অর্থনীতির স্বার্থেই বাস্তবায়ন করা প্রয়োজন। বাংলাদেশ নীতিগতভাবে শর্তগুলো পরিপালনে সম্মত হয়েছে। এখন দেখার বিষয়, সরকার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কতটা আন্তরিকতার সঙ্গে শর্তগুলো বাস্তবায়ন করে।

আইএমএফ বাংলাদেশের অনুকূলে মঞ্জুরিকৃত ঋণের প্রথম কিস্তি ইতোমধ্যেই ছাড় করেছে। তারা মোট ৪২ মাসে সাত কিস্তিতে পুরো ঋণ ছাড় করবে। তারা অনুমোদিত ঋণের পরবর্তী কিস্তি ছাড় করার আগে পর্যালোচনা করবে আরোপিত শর্ত বাংলাদেশ পরিপালন করছে কিনা বা পরিপালনে কতটা আন্তরিক।

আইএমএফ বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা রিজার্ভ হিসাবায়নের পদ্ধতি আন্তর্জাতিক মানে উন্নীত করার পরামর্শ দিয়েছে। বর্তমানে ব্যাংক গ্রস পদ্ধতিতে বৈদেশিক মুদ্রা রিজার্ভ হিসাবায়ন করছে। অর্থাৎ বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা রিজার্ভ থেকে যে অর্থ রপ্তানি উন্নয়ন ফান্ডসহ বিভিন্ন প্রকল্পে ঋণ দিয়েছে, তাকে রিজার্ভে অন্তর্ভুক্ত করে দেখাচ্ছে। কিন্তু আইএমএফ বলেছে, যে অর্থ ব্যবহারযোগ্য নয়, তা কখনই রিজার্ভ অর্থ হতে পারে না। তাই বিভিন্ন প্রকল্পে বিনিয়োজিত রিজার্ভ অর্থ মোট রিজার্ভের পরিমাণ থেকে বাদ দিতে হবে।

আইএমএফ-এর যেসব শর্তের কথা আমরা শুনেছি, এর বাইরেও আরও কিছু শর্ত আছে যেগুলো তেমন একটা আলোচিত হচ্ছে না। যেমন তারা রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠানের লাভ-লোকসানের বিষয়গুলো দেখতে চাচ্ছে। বিভিন্ন পণ্যের ওপর সরকার যে ভর্তুকি প্রদান করছে, তা নিয়েও সংস্থাটির আপত্তি আছে। সরকার ভর্তুকি প্রত্যাহারের ক্ষেত্রে কিছুটা তৎপরতা দেখাচ্ছে। ইতোমধ্যেই বিদ্যুৎ, গ্যাসসহ বিভিন্ন ইউটিলিটি পণ্যের মূল্য বাড়ানো হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হচ্ছে, গ্যাস, বিদ্যুৎ, জ্বালানি ইত্যাদি পণ্যের ওপর ভর্তুকি প্রত্যাহার করা হবে। আইএমএফ পুঁজিবাজার সম্পর্কেও কথাবার্তা বলেছে। সরকার আগামী দিনে গ্যাস, বিদ্যুৎ, জ্বালানি-এসব খাতে যে ভর্তুকি প্রত্যাহার বা হ্রাস করতে যাচ্ছে, এটি মোটামুটি পরিষ্কার হয়ে উঠেছে। তবে কৃষি খাতে ভর্তুকি প্রদানের বিষয়ে কী সিদ্ধান্ত নেওয়া হবে, সেটাই এখন দেখার বিষয়। বিভিন্ন ক্ষেত্রে ভর্তুকি প্রত্যাহার করা হলে বাজারে এর প্রভাব পড়বে। মূল্যস্ফীতির বিদ্যমান হার আরও বেড়ে যাবে। এতে জনদুর্ভোগ সৃষ্টি হতে পারে। বিভিন্ন ক্ষেত্রে, বিশেষ করে জ্বালানি তেল, গ্যাস ও বিদ্যুৎ খাতে ভর্তুকি প্রত্যাহারের জন্য এ খাতের লোকসানের কথা বলা হচ্ছে। কিন্তু কী কারণে লোকসান হচ্ছে, তা খতিয়ে দেখা হচ্ছে না। এসব প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ সুশাসনের অভাব রয়েছে। ফলে প্রতিষ্ঠানগুলো তাদের সম্ভাবনার পুরোটা সঠিকভাবে কাজে লাগাতে পারছে না। তাই ভর্তুকি প্রত্যাহারের আগে প্রতিষ্ঠানগুলোয় অভ্যন্তরীণ সুশাসন নিশ্চিত করাটাই বেশি জরুরি। অন্যথায় শুধু ভর্তুকি প্রত্যাহার করে এসব প্রতিষ্ঠানকে লাভজনক করা যাবে না। নিয়ন্ত্রক



আইএমএফ রাজস্ব বাড়াতে কিছু সংস্কার কার্যক্রম বাস্তবায়নের জন্য শর্ত দিয়েছে। আমাদের রাজস্ব আদায়ের হার অত্যন্ত কম। গত অর্থবছরে ট্যাক্স-জিডিপি অনুপাত দাঁড়ায় ৯:৭। এটি দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে কম। এমনকি নেপালের ট্যাক্স-জিডিপি অনুপাত বর্তমানে ২৩:৯। ট্যাক্স আদায়ের পরিমাণ বাড়ানো না গেলে সরকারের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সমস্যা হয়। আইএমএফ যেসব শর্ত দিয়েছে, তার অধিকাংশই বাংলাদেশের অর্থনীতির স্বার্থেই বাস্তবায়ন করা প্রয়োজন। বাংলাদেশ নীতিগতভাবে শর্তগুলো পরিপালনে সম্মত হয়েছে।

সংস্থাগুলো যদি সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করে, তাহলে আইএমএফের শর্ত পরিপালন করা সহজ হবে এবং আমরা এ সংস্কার কার্যক্রম থেকে সুফল পাব।

আইএমএফ যেসব শর্ত দিয়েছে, এর মধ্যে বেশকিছু শর্ত আছে যা অত্যন্ত কঠিন। যেমন: রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকের বিদ্যমান খেলাপি ঋণের হার ৯ শতাংশ থেকে ৫ শতাংশে নামিয়ে আনা, দুর্নীতি কমানো, রাজস্ব আয় বাড়ানো প্রভৃতি। এছাড়া বর্তমানে ব্যাংক ঋণের আপার ক্যাপ ৯ শতাংশ নির্ধারিত রয়েছে। এটি বাজার চাহিদার তুলনায় অনেক কম। যত দ্রুত সম্ভব ব্যাংক ঋণের সুদের হার বাজারভিত্তিক করা প্রয়োজন। আমানতের পরিমাণ কমে যাওয়ার কারণে ব্যাংকগুলো আমানত সংকটে পতিত হয়েছে। বাংলাদেশ ব্যাংক সম্ভবত এ বিষয়টি অনুধাবন করেই আমানতের ওপর প্রদেয় সর্বোচ্চ সুদের হার ৬ শতাংশ প্রত্যাহার করে নিয়েছে; কিন্তু ব্যাংক ঋণের আপার ক্যাপ এখনো ৯ শতাংশ রয়ে গেছে। এতে ব্যাংকগুলোর স্প্রেড কমে যাচ্ছে। তারা ৭/৮ শতাংশ সুদে আমানত সংগ্রহ করছে। কিন্তু সেই আমানতকৃত অর্থ ৯ শতাংশে বিনিয়োগ করতে হচ্ছে।

ব্যাংক খাতে খেলাপি ঋণের ঊর্ধ্বমুখী প্রবণতা অনেকদিন ধরেই থাকায় যারা ভালো উদ্যোক্তা তারাও প্রয়োজনীয় মুহূর্তে ঋণ পাচ্ছেন না। এতে দেশের উন্নয়ন কার্যক্রম কিছুটা হলেও বিঘ্নিত হচ্ছে। যারা ক্ষুদ্র ব্যবসায়ী ও নারী উদ্যোক্তা, তাদের জন্য ব্যাংক ঋণপ্রাপ্তি খুবই কঠিন হয়ে দাঁড়ায়।

আমাদের জিডিপি প্রবৃদ্ধি হয়তো কিছুটা ভালোই হচ্ছে। কিন্তু কাঙ্ক্ষিত মাত্রায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে না। কর্মসংস্থানের পর্যাপ্ত সুযোগ সৃষ্টি না হলে চূড়ান্ত বিচারে দারিদ্র্য বিমোচন কার্যক্রম ব্যাহত হতে বাধ্য। কিছু মানুষের হাতে ব্যাংক ঋণ আটকে থাকায় ঋণের অর্থের পুনঃচক্রায়ণ বিঘ্নিত হচ্ছে। সমাজে বিত্তবান-বিত্তহীনের মধ্যে সৃষ্ট ও বিদ্যমান বৈষম্য ক্রমেই বাড়ছে। এ অবস্থা একটি দেশের অর্থনীতির টেকসই উন্নয়নের পথে প্রতিবন্ধক। খেলাপি ঋণ আদায়ের ক্ষেত্রে জোরদার প্রচেষ্টার অভাবে সম্পদ কিছু মানুষের কাছে পুঞ্জীভূত হচ্ছে। সম্ভাব্য ও যোগ্য উদ্যোক্তারা ঋণ পাওয়ার অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। ব্যাংকের ঋণের অর্থ ঠিকই বেরিয়ে যাচ্ছে; কিন্তু তা উৎপাদনশীল কাজে ব্যবহৃত হচ্ছে না। ফলে ব্যাংকব্যবস্থার ওপর সাধারণ মানুষের আস্থা কমে যাচ্ছে।

ব্যাংকসংশ্লিষ্টদের জন্য মাথাব্যথার কারণ হয়ে রয়েছে। কিন্তু খেলাপি ঋণ আদায়ের জন্য কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণের আলামত লক্ষ করা যাচ্ছে না। আমি জানি না কর্তৃপক্ষ খেলাপি ঋণ কমানোর বিষয়টি কতটা গুরুত্বের সঙ্গে নিয়েছে। আইএমএফ বলুক আর নাই বলুক, আমাদের খেলাপি ঋণ তো কমাতেই হবে। কোনোভাবেই খেলাপি ঋণের এ উচ্চ প্রবণতা মেনে নেওয়া যায় না। খেলাপি ঋণের কারণে ব্যাংকগুলোর ঋণদান ক্ষমতা কমে যাচ্ছে। তাদের কস্ট অব ফান্ড বেড়ে যাচ্ছে। ব্যাংক খাতের জন্য খেলাপি ঋণ একটি 'দুষ্ট ক্ষত' হিসাবে পরিচিত। খেলাপি ঋণের বর্তমান ধারা অব্যাহত রেখে সুষ্ঠু ব্যাংকব্যবস্থা গড়ে তোলা কোনোভাবেই সম্ভব নয়। বিষয়টি আমাদের অনুধাবন করতে হবে। ব্যাংক ঋণের একটি বড় অংশ সামান্য কিছু গ্রাহকের কাছে আটকে

ব্যাংক খাতের ওপর সাধারণ মানুষের আস্থা ফেরানোর জন্য প্রথমেই ব্যাংকের অভ্যন্তরীণ সুশাসন নিশ্চিত করতে হবে। খেলাপি ঋণের পরিমাণ কমিয়ে আনার উদ্যোগ নিতে হবে। সেই উদ্যোগ হতে হবে কার্যকর ও বাস্তবধর্মী। বর্তমানে ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ ১ লাখ ২০ হাজার কোটি টাকায় উন্নীত হয়েছে। কিন্তু এটি খেলাপি ঋণের প্রকৃত চিত্র নয়। কারণ ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ অনেক বেশি। উন্নয়ন সহযোগীরাও খেলাপি ঋণের এ পরিমাণ মানতে নারাজ। আইএমএফ বিভিন্ন সময় বলেছে, বাংলাদেশ ব্যাংক খেলাপি ঋণের যে চিত্র প্রদর্শন করছে তা বাস্তবসম্মত নয়। প্রকৃত খেলাপি ঋণের পরিমাণ আরও অনেক বেশি। খেলাপি ঋণের পরিমাণ কমিয়ে দেখানোর মধ্যে কোনো কৃতিত্ব নেই। বরং খেলাপি ঋণের প্রকৃত পরিমাণ নির্ধারণ করে তা আদায়ের জন্য কার্যকর উদ্যোগ নিতে হবে।

ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ দিনদিনই বৃদ্ধি পাচ্ছে। এতে ব্যাংকগুলো প্রভিশনিং কস্ট বেড়ে যায়। বিনিয়োগযোগ্য তারল্যে সংকট দেখা দেয়। ব্যাংকের আয় কমে যায়। ফলে ব্যাংকের পক্ষে আমানতকারীদের সুদ প্রদানের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হয়। ব্যাংক খাতে যে দুরবস্থা তার জন্য মূলত অভ্যন্তরীণ সুশাসনের অভাবই দায়ী। আমরা দেখছি, ব্যাংকের পরিচালকরা ব্যাংকের অভ্যন্তরীণ কার্যক্রমে হস্তক্ষেপ করে। তারা ঋণ অনুমোদন থেকে শুরু করে এমন কোনো কাজ নেই, যেখানে প্রভাব বিস্তার করেন না। পরিচালকদের প্রভাবে ব্যাংক ম্যানেজমেন্ট স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে না। আবার অনেক ক্ষেত্রে ব্যাংক ম্যানেজমেন্টও পরিচালকদের সঙ্গে যোগসূত্র তৈরি করে কাজ করে থাকে। তারা একটি 'কমফোর্ট জোন' তৈরি করে। যে ঋণ প্রদান করা হয় তা ভালোভাবে যাচাই করা সম্ভব হয় না। কারণ এসব ঋণের ক্ষেত্রে পরিচালকদের প্রভাব থাকে।

একশ্রেণির ব্যাংক কর্মকর্তাও নানাভাবে দুর্নীতির সঙ্গে জড়িয়ে পড়ছেন। তাই তারা স্বচ্ছতার সঙ্গে দায়িত্ব পালন করেন না। যারা ঋণ গ্রহণ করেন, তাদের অনেকেই দুর্নীতির মাধ্যমে ঋণ গ্রহণ করেন। ব্যাংকে যারা সৎ ও দায়িত্বশীল কর্মকর্তা, তাদের পক্ষে এসব অনৈতিক কার্যক্রম বন্ধ করা সম্ভব হচ্ছে না। ব্যাংকগুলোর কিছু বিধিনিষেধ পরিপালনের কথা রয়েছে। সেগুলো সঠিকভাবে পরিপালিত হচ্ছে না। ব্যাসেল-১, ব্যাসেল-২, ব্যাসেল-৩ প্রভৃতি পরিপালনের কথা থাকলেও বেশির ভাগ ব্যাংকই এগুলো সঠিকভাবে পরিপালন করছে না। বাংলাদেশ ব্যাংকের দায়িত্ব হচ্ছে এসব আইন সঠিকভাবে পরিপালিত হচ্ছে কি না, তা দেখা। সেই কাজটিও সঠিকভাবে হচ্ছে না। যারা এসব আইন পরিপালন করছে না, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন হলেও তা করা হচ্ছে না। বরং অধিকাংশ ক্ষেত্রেই তাদের প্রতি একধরনের সহানুভূতি প্রদর্শন করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের অডিট টিম বিভিন্ন ব্যাংকে অডিট করতে যায়। সেই টিমের প্রতিবেদনের ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয় না। আবার যারা অডিট করতে যান, তাদের স্বচ্ছতা নিয়েও প্রায়ই প্রশ্ন উত্থাপিত হয়। অডিট রিপোর্টের ভিত্তিতে ব্যাংকগুলোর বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। অডিট টিমে যারা থাকেন, তারা তাদের কাজটি সঠিকভাবে করছেন কি না, তা দেখার দায়িত্ব বাংলাদেশ ব্যাংকের। অডিটরদের যোগ্যতা ও সততা নিয়ে কোনো প্রশ্ন থাকা উচিত নয়। অডিট টিমের কর্মকর্তাদের বিরুদ্ধে যদি কোনো ব্যাংক থেকে অভিযোগ আসে, তাহলে দ্রুত সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ব্যাংকের সমস্যা সমাধানে বাস্তবসম্মত উদ্যোগ নিতে হবে। ব্যাংকের নাম পরিবর্তন বা লিমিটেড কোম্পানিতে পরিণত করলে কোনো লাভ হবে না। (অনুলিখন : এম এ খালেক)

লেখক: সাবেক গভর্নর, বাংলাদেশ ব্যাংক; অর্থনীতিবিদ



মাহে রমজান

॥ খন্দকার হাসনাত করিম ॥

ইসলামী জীবন বিধানের অন্যতম গুরুত্ববহ বিধান হলো 'সিয়াম' বা 'রমজানের রোজা'। 'সিয়াম' শব্দের আক্ষরিক অর্থ রোজা, উপবাস, খাদ্য-পানীয় পরিহার প্রভৃতি। আরবি 'রমজান' একটি মাসের নাম হলেও 'রমজ' ধাতু থেকে আসা রমজান মাস- আর এই 'রমজ' শব্দের অর্থ হলো দাহকরণ বা পোড়ানো। এই যে দাহন, এর স্বরূপটি হলো, মানব জীবনে কুপ্রবৃত্তি ও ভোগলিপ্সার দাহন। রোজা দেহকে নীরোগ রাখে; আত্মা প্রশান্তি ও পুষ্টি সঞ্চয় করে। পৃথিবীর অন্যান্য ধর্ম বিধানেও রোজার সমজাতীয় সংযমের বিধান রয়েছে। খ্রিষ্টান ও ইহুদিরাও তাদের বিধান ও ধর্মীয় আচার মোতাবেক সংযমের সুনির্দিষ্ট কানুন পালন করে থাকে। তবে উপবাসের সাথে রমজানের রোজা বা সিয়ামের মৌলিক পার্থক্য রয়েছে। সিয়াম কেবল পানাহার থেকেই বিরত থাকার বিধান নয়; সর্ব প্রকার লোভ, কামনা-বাসনা, পাপাচার, অশ্লীলতা বা রিপুর তাড়না থেকে বিরত থাকার বিধান। রোজা তাই ইন্দ্রিয় শাসন ও প্রবৃত্তি দমনের সুযোগ এনে দেয়। রোজা দেহের তাড়নার ঊর্ধ্বে আত্মার পরিশোধনের এক অমোঘ 'ডিটারজেন্ট'। প্রবৃত্তির আনুগত্য বা বশ্যতা যেখানে এক বিরাট শিরক, তখন সেই শিরক থেকে আমাদের আত্মরক্ষার দৈহিক ও মানসিক ঢাল হলো এই পবিত্র মাস, রমজানের ফরজ রোজা। প্রবৃত্তির দৌরাত্ম্য সব সময়ই প্রবল হয়ে দাগা দেয় আমাদের দেহ ও মনকে। সেই অপ্রতিরোধযোগ্য প্রবৃত্তি দমন ও শাসনের শক্ত কাজটি করে থাকে রোজার রক্ষাব্যূহ বা শিরোস্ত্রাণ।

রোজার মাস পবিত্র রমজান সম্পর্কে পবিত্র মহাগ্রন্থ আল কুরআনে বলা হয়েছে- 'রমজান মাস। এই মাসে কুরআন নাজিল হয়েছে যা মানুষের জন্য হেদায়েত, সৎ পথের স্পষ্ট নিদর্শন এবং সত্য-মিথ্যার পার্থক্যকারী। সুতরাং তোমাদের মধ্যে যে এই মাস পাবে সে যেন এই মাসে রোজা রাখে। তবে কেউ অসুস্থ হলে বা সফরে থাকলে সে অন্য সময়ে রোজার সংখ্যা পূরণ করে দেবে। আল্লাহ চান তোমাদের জন্য সহজ করতে, তিনি এমন কিছু চান না যা তোমাদের জন্য কষ্টকর যাতে তোমরা সংখ্যা পূরণ করো ও তোমাদের সৎপথে পরিচালিত করার জন্য আল্লাহর মহিমা বর্ণনা করো এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পারো।' (সূরা বাকারা-১৮৫)

শুধু পারস্যের অগ্নি উপাসক যরাথুষ্টবাদীরা ছাড়া পৃথিবীর প্রায় সব ক'টি বড় ও প্রতিষ্ঠিত ধর্মেই কোনো না কোনো ধরনে এবং রীতিতে রোজা পালনের বিধান রয়েছে। প্রাচীন গ্রিস, পেরু ও আমেরিকার আদিবাসী রেড ইন্ডিয়ানদের মধ্যেও বছরে একটি নির্ধারিত সময়ে উপবাস পালনের রীতি ছিল। আন্তর্জাতিক ডায়াবেটিস ফেডারেশন সম্প্রতি গবেষণা করে দেখিয়েছেন, তুরস্কে ২৬ জন ডাক্তার তাদের রোগীদের ওপর জরিপ করে দেখতে পান, ২২ শতাংশ রোগী রোজার কারণে ডায়াবেটিস রোগ থেকে আরোগ্য লাভ করেছেন।

বহু-ধর্মীয় সমাজে আত্মসংযমধর্মী উপবাসের বিধানের পটভূমি থেকে বলা হয়েছে, আরো অনেক ধর্মে রোজা পালনের অনুশাসন ও এটি মেনে চলার পরও ইসলামে প্রতিষ্ঠান বা প্রথা হিসাবে রোজা প্রকৃত পূর্ণাঙ্গতা পেয়েছে। ইসলামে পবিত্র রমজান মাসের ফরজ রোজাকে বলা হয়েছে, এই মাসব্যাপী সংযম সুখ, সুস্থতা ও মহান স্রষ্টার আজ্ঞা পালনের সন্তুষ্টিকে সমন্বিত করা হয়েছে। অন্য অনেক ধর্মেই উপবাস প্রথা ছিল সমাজের উচ্চ পর্যায়ের একটি অংশের মধ্যে সীমাবদ্ধ। কিন্তু ইসলামে রোজাকে দেয়া হয়েছে সর্বজনীনতা, যা সব সামাজিক গোষ্ঠী, গোত্র বা শ্রেণী ও জেন্ডারভিত্তিক বিন্যাসে সব বিশ্বাসীর জন্য সমান ও সর্বজনীনভাবে পালনীয়।

বহু-ধর্মীয় সমাজে আত্মসংযমধর্মী উপবাসের বিধানের পটভূমি থেকে বলা হয়েছে, আরো অনেক ধর্মে রোজা পালনের অনুশাসন ও এটি মেনে চলার পরও ইসলামে প্রতিষ্ঠান বা প্রথা হিসাবে রোজা প্রকৃত পূর্ণাঙ্গতা পেয়েছে। ইসলামে পবিত্র রমজান মাসের ফরজ রোজাকে বলা হয়েছে, এই মাসব্যাপী সংযম সুখ, সুস্থতা ও মহান স্রষ্টার আজ্ঞা পালনের সন্তুষ্টিকে সমন্বিত করা হয়েছে।

আল্লাহ রাব্বুল আলামিনের কী অপারমহিমা! যতই দিন যাচ্ছে ততই অবাক বিস্ময়ে বিজ্ঞান বিশ্ব অবলোকন করছে এবং প্রমাণ পাচ্ছে, রোজা মানবদেহের জন্য কতখানি আশীর্বাদ হিসেবে এসেছে। সারা মাসের রোজায় মানুষের হরমোন, কোষ ও এবহবং-এর কার্যকরণে শুভ ও কল্যাণী পরিবর্তন নিয়ে আসে। মানুষ যখন বেশ কয়েক ঘণ্টা খাদ্য ও পানীয় গ্রহণে বিরত থাকে তখন দেহের 'হরমোন' মাত্রায় পরিবর্তন আসে যাতে দেহের শর্করা গলতে থাকে ও কোষ মেরামতের (cellular repair) কাজ শুরু হয়ে যায়। রোজা থাকা অবস্থায় রক্তে 'ইনসুলিন'-এর মাত্রা কমে যায়। ফলে দেহ চর্বি গলার মাত্রা দ্রুত হয় এবং দেহকোষের বর্জ্য বস্তু (Waste material) অপসারণের কাজ শুরু হয়। একেই বলে কোষ মেরামত। এর পাশাপাশি দেহের আয়ুবর্ধক এবহব ও গড়ষবপঁষব, যা রোগ-বিমারি ঠেকায়, তাদেরকে নতুনভাবে শক্তিশালী করে তোলে। রোজায় দেহের ওজন (body weight) কমে। যারা রমজানের এক মাস রোজা ছাড়াও বছরের বিভিন্ন সময়ে রোজা রাখেন তাদের 'এভারেজ বডি ওয়েট' স্থূলদেহীদের থেকে তুলনামূলকভাবে কম থাকে। রোজা ভাঙার পর অন্যান্য আহারে যদি আপনি খুব বেশি কিছু না খান, তাহলে আপনার 'ফুড ইনটেক' কম হচ্ছে; ক্যালরি গ্রহণও হচ্ছে কম। তা ছাড়া ঘন ঘন রোজা রাখলে দেহের 'হরমোন' কার্যকারিতা বেড়ে যায়। এটিও ওজন কমাতে সহায়ক হয়। শুধু দেহ ওজনই কমায় না, রোজা দেহের Visceral Fat-ও কমায়, ক্যালরি ভারসাম্য এনে অন্য সময়ের চেয়ে দ্রুত এবং বেশি ক্যালরি দহনে সহায়ক হয় এবং দেহের হজম-প্রক্রিয়ার হার (circumference) কমায়, পেটের ক্ষত (Abdominal Cavity) উপশম করে।

রোজায় দুই ওয়াক্ত খাওয়া ও রোজা ছাড়া তিন ওয়াক্ত খাওয়ার মধ্যে সঙ্গত কারণেই অনেকটা বেশকম আছে। তবে আমাদের এটিও খেয়াল রাখতে হবে, ভরপেট ইফতারি কিংবা নৈশভোজে খাদ্য গ্রহণ যেন পরিমিত থাকে। উদরপূর্তি করে খাওয়ার রীতি তো চতুষ্পদ প্রাণীর; আমাদের নয়। বিজ্ঞানীরা এখন বলছেন, রোজায় Insulin Resistance-এর পাশাপাশি Type-2 ধরনের 'ডায়াবেটিস'-এর ঝুঁকি কমে। রোজার এক বড় নিয়ামত হলো দেহে রোগ-বিমারির অন্যতম হেতু দেহ-ক্ষার (Body Toxin) এই টক্সিসিটির মাত্রা কমে এবং এই একই কারণে বা বৈশিষ্ট্যে দেহের oxychloride Stress ও প্রদাহ (Inflamation) নিরাময়। দেহের রন্ধ্রে রন্ধ্রে এমন বহু প্রকাশ্য ও গোপন প্রদাহ নিত্যই ঘটে চলে, যার কতকটা আমরা ঠাহর করতে পারি; বেশির ভাগই পারি না। আন্দাজ পাই না যে প্রদাহগুলো (Inflamation), সেগুলো দেহ রাজ্যের অন্যান্য জায়গায় স্বাভাবিক কার্যকারিতাকে অবশ্যই কোনো না কোনোভাবে বিঘ্নিত বা প্রভাবিত করে। এর দীর্ঘমেয়াদি প্রতিক্রিয়া বিষময় হতেও তো পারে! বিশেষ করে দেহানুভূতির ঊর্ধ্বে মনোজগতে মানসিক পর্যায়ে! আজ মানুষের মধ্যে গড় যে অস্থিরতা, উৎক্রান্তিকতা, ক্ষিপ্রতা বা মনোবিকৃতি, এর মূলে যে দেহ-ক্ষার (Toxicity) কাজ করছে না, তাই বা কে হলফ করে বলতে পারে?

বিস্ময়কর শোনাবে, তবে এটি Clinical Fact যে, রোজায় হৃৎপিন্ড এবং এর কার্যক্রম সহজ হয়। হৃদরোগকে এখন বলা হচ্ছে বিশ্বের প্রধান ঘাতক। রোজা থাকলে এমন কতগুলো ঝুঁকি কমে আসে, যারা হৃদরোগের ভায়রাভাই। কারণটা বোঝা খুব খুবই সোজা। রোজায় রক্তচাপ কম থাকে, কোলেস্টেরলের মাত্রা কম থাকে বিশেষ করে HDL? রোজায় পরিপাকতন্ত্র ভদ্র মানুষের মতো আচরণ করে, ভঙ্গুর ও অকার্যকর প্রোটিন শাসনে থাকে, কোষগুলো নিয়মিত মেরামতে থাকে, এগুলো কি হৃদযন্ত্রের কার্যকারিতার অনুকূলে নয়? রোজা রাখলে বাঁধভাঙা গতির কোষ সঞ্চার কমে যায়। ফলে ম্যালিগন্যান্সির (ক্যান্সার) ঝুঁকিও কমে যায়। রোজায় ক্যান্সার রোগীদের চলমান চিকিৎসার মধ্যে কেমোথেরাপির পার্শ্বপ্রতিক্রিয়া লঘু হয়ে যায়। এমনকি বাত ও হাঁপানি রোগের কষ্টও লাঘব করে। রোজায় মস্তিষ্কের কার্যকরণের স্বীকৃত ক্লিনিক্যাল সীমাবদ্ধতারও উপশম (Neurotrophic factors) এবং পার্কিনসন, অ্যালঝেইমার রোগের দুর্ভোগ তাৎপর্যপূর্ণ মাত্রায় সহনীয় হয়ে আসে। রোজাদার রোগীদের নিয়ে বড়ই নিশ্চিন্তে থাকে Clinical Nutritionist ও Dietician-রা। এগুলো জগৎব্যাপী পরিচালিত জরিপ ও ক্লিনিক্যাল গবেষণা থেকে পাওয়া।

তাই আমরা যারা এবারের পবিত্র রমজান মাসটা পেলাম বা পেতে যাচ্ছি, তারা কতই না সৌভাগ্যবান! আমাদের উচিত হবে, এই রোজার ফজিলতে কেবল দেহের Toxin-ই নয়, মনের এঞ্জীরপরঃু-গুলোকেও দূর করা। দেহের রোজা করার পাশাপাশি মনের রোজা করতে পারলে তবেই হবে রোজার পরিপূর্ণতা।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।
অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা তদুর্ধ্বে ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিণ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711



স্বাগত আমদেদ
মাহে রমজান
Ramadan Mubarak

লোভনীয় ইফতার বক্স
9.99
Iftar Box

গরম জিলাপী
7.99/lb

হালিম / Halim
7.99

স্পেশাল ইফতার বক্স
$15

জিলাপী
জিলাপী-খেজুরের গুড়ের $11.99
জিলাপী -কালাজিরা $ 9.99
জিলাপী -সানার $15.99

হালিম

	Small	Large
চিকেন	7.99	11.99
বিফ	8.99	15.99
গোট	10.99	16.99

বিসমিল্লাহির রাহমানির রাহিম

রমজান মাসের সময় সূচী ২০২৩

TIMETABLE FOR RAMADAN
1444 AH / 2023 AD
For New York City & Vicinity

RAMADAN	DAY	DATE	END OF SEHARI	FAJR	SUNRISE	DHUHR	ASR	IFTAR/ MAGHRIB	ISHA
1	Thu	March 23	05:35	05:40	06:56	01:03	05:22	07:10	08:26
2	Fri	March 24	05:33	05:38	06:54	01:03	05:23	07:11	08:27
3	Sat	March 25	05:32	05:37	06:52	01:03	05:24	07:12	08:29
4	Sun	March 26	05:30	05:35	06:51	01:02	05:25	07:13	08:30
5	Mon	March 27	05:28	05:33	06:49	01:02	05:26	07:15	08:31
6	Tue	March 28	05:26	05:31	06:47	01:02	05:26	07:16	08:32
7	Wed	March 29	05:24	05:29	06:46	01:01	05:27	07:17	08:33
8	Thu	March 30	05:23	05:28	06:44	01:01	05:28	07:18	08:35
9	Fri	March 31	05:21	05:26	06:43	01:01	05:28	07:19	08:36
10	Sat	April 01	05:19	05:24	06:41	01:00	05:29	07:20	08:37
11	Sun	April 02	05: 17	05:22	06:39	01:00	05:30	07:21	08:38
12	Mon	April 03	05:15	05:20	06:38	01:00	05:31	07:22	08:39
13	Tue	April 04	05:14	05:19	06:36	01:00	05:31	07:23	08:41
14	Wed	April 05	05:12	05:17	06:34	12:59	05:32	07:24	08:42
15	Thu	April 06	05:10	05:15	06:33	12:59	05:33	07:25	08:43
16	Fri	April 07	05:08	05:13	06:31	12:59	05:33	07:26	08:44
17	Sat	April 08	05:06	05:11	06:30	12:58	05:34	07:27	08:46
18	Sun	April 09	05:05	05:10	06:28	12:58	05:35	07:28	08:47
19	Mon	April 10	05:08	05:08	06:26	12:58	05:35	07:29	08:48
20	Tue	April 11	05:01	05:06	06:25	12:58	05:36	07:30	08:49
21	Wed	April 12	04:59	05:04	06:23	12:57	05:37	07:31	08:51
22	Thu	April 13	04:57	05:02	06:22	12:57	05:37	07:32	08:52
23	Fri	April 14	04:55	05:00	06:20	12:57	05:38	07:33	08:53
24	Sat	April 15	04:54	04:59	06:19	12:57	05:39	07:34	08:55
25	Sun	April 16	04:52	04:57	06:17	12:56	05:39	07:35	08:56
26	Mon	April 17	04:50	04:55	06:15	12:56	05:40	07:36	08:57
27	Tue	April 18	04:48	04:53	06:14	12:56	05:41	07:38	08:58
28	Wed	April 19	04:47	04:52	06:12	12:56	05:41	07:39	09:00
29	Thu	April 20	04:45	04:50	06:11	12:55	05:42	07:40	09:01

10 Days of Mercy
10 Days of Forgiveness
10 Days of Emancipation

All Islamic events are subject to Moon Sighting

রোজার নিয়ত
নাওয়াইতু আন আছুমা গাদাম্ মিন্ শাহরি রামাদ্বানাল্ মুবারাকি ফারদ্বাল্ লাকা ইয়া আল্লাহু ফাতাক্বাব্বাল্ মিন্নী ইন্নাকা আনতাছ্ছামিউল আলীম।

DUA FOR FASTING
Nawaitu An Asuma Gadam Min Shahri Ramadanal Mubarak Fardal-laka ya-Allah, Fataqabbal Minni Innaka Antas Samiul Aleem.

ইফতারের দোয়া
আল্লাহুম্মা লাকা ছুমতু ওয়ালা রিজকিকা আফ্তারতু।

DUA FOR BREAKING FAST
Allahumma Laka Sumtu Wala Rizqika Aftartu

Ador Printing- 718-715-1848

ABDULLAH SWEETS & RESTAURANT
আব্দুল্লাহ সুইট্স এন্ড রেস্টুরেন্ট
73-06 37th Ave, Jackson Heights, NY 11372
Tel: 718-406-9457

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নাগরিকত্ব লাভের জন্য পরীক্ষাঃ

ইউএসসিআইএস ২০২৩ সালের ১২ জানুয়ারী এক ঘোষণায় জানিয়েছে যে, তারা ন্যাচারালাইজেশন টেস্টে যে পরিকল্পিত পরিবর্তন এনেছে সে বিষয়ে জাতীয়ভাবে একটি পরীক্ষা পরিচালনা করবে। ন্যাচারালাইজেশন টেস্টে রয়েছে পৌর জ্ঞানের পরীক্ষা। যার মাধ্যমে ইউএস ইতিহাস, নীতিমালা এবং ইউএস গভর্নমেন্টের গঠনপ্রণালী সম্পর্কে মৌলিক জ্ঞানের বিচার একই সঙ্গে ইংরেজি ভাষা জানার মূল্যায়ন। এ দুটি পরীক্ষাই হবে হালনাগাদ বিষয়ও ফরমেটের উপর এই ট্রায়ালে গঠন ও লিখিনের বিষয় থাকবে না। যেসব সংগঠন ইমিগ্র্যান্টদের ইংরেজি শিক্ষাদান করে এবং পার্মানেন্ট রেসিডেন্টদের ন্যাচারাইজেশন পরীক্ষার জন্য প্রস্তুত করে সেইসব কমিউনিটি ভিত্তিক সংগঠনের (সিবিও) স্বেচ্ছাসেবকদের দিয়ে ইউএসসিসআইএস এই পরীক্ষা পরিচালনা করবে। এই ট্রায়ালে অংশ নেয়ার বিষয় সম্পূর্ণ ঐচ্ছিক এবং এই পরীক্ষা কোনভাবেই সেইসব আবদেনের ক্ষেত্রে কোন প্রভাব ফেরবে না যারা এই টেস্ট চলাকালে ইউএসসিআইএস'এ আবেদন করেছে। এই ব্যাপারে আরো বিস্তারিত জানতে ইউএসসিআইএস'র ওয়েব সাইট অনুসন্ধান করুন।

পৌর (সিভিক) টেস্টঃ

নিম্ন সিভিক টেস্টের সম্ভাব্য ১০০ প্রশ্ন এবং তার উত্তর দেয়া হলো। যা ন্যাচারালাইজেশনের জন্য একজন আবেদনকারীকে কি উত্তর দিতে পারে। পাশের জন্য একজন আবেদনকারীকে ১০টি প্রশ্নের মধ্যে অবশ্যই ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। ইউএসএসতে ২০ বছর বা ততোধিক বছর বসবাস করছেন এমন একজন ৬৫ বছর বা তার অধিক বয়সি বৈধ পারমানেন্ট রেসিডেন্টদের ক্ষেত্রে এই পরীক্ষা সহজতর হবে।

নাগরিকত্ব লাভের জন্য সিভিস্ট টেস্টের প্রশ্নঃ উত্তরঃ



দেশের সর্বোচ্চা আইন কী? সঠিক উত্তরঃ সংবিধান।

সংবিধানের কাজ কী? সঠিক উত্তরঃ সরকার গঠন; সরকারের সংরক্ষণ নিরূপন; ইউএস নাগরিকদের মৌলিক অধিকার সংরক্ষণ।

সংবিধানের প্রথম ৩টি শব্দ দিয়ে স্বশাসিত সরকার বুজানো হয়। সে ৩টি শব্দ কী? সঠিক উত্তরঃ উই দি পিপল।

এ্যামেনমেন্ট বা সংশোধন বলতে কী বুঝায়? সঠিক উত্তরঃ পরিবর্তন (সংবিধানে) অথবা সংযোজন (সংবিধানে)।

সংবিধানের প্রথম ১০ টি সংশোধনকে আমন্ত্রন কী বলে থাকি? সঠিক উত্তরঃ দি বিল অব রাইটস।

সংবিধানের প্রথম সংশোধনীয় যে কোন একটি ফ্রিডম বা রাষ্ট্র কী? সঠিক উত্তরঃ কথা বলা; ধর্ম পালন; সমবেতন হওয়া; সংবাদপত্র; সরকারের কাছে আবেদন জানানো।

সংবিধানের সংশোধনী কতটি? সঠিক উত্তরঃ ২৭টি।

ডিক্লারেশন অব ইমিগ্রেশন বলতে কী বুঝায়? সঠিক উত্তরঃ আমাদের স্বাধীনতার প্রচার (গ্রেট বৃটেন থেকে); আমাদের স্বাধীনতার ঘোষণা (গ্রেট বৃটেন থেকে); ইউনাইটেড স্টেস স্বাধীন একথা হলো (গ্রেট বৃটেন থেকে)।

স্বাধীনতার ঘোষণায় ২টি অধিকার কী? সঠিক উত্তরঃ জীবন, লিবার্টি ও সুখের সন্ধান।

ধর্মীয় স্বাধীনতা কী? সঠিক উত্তরঃ যে কোন ধর্ম পালন করা এবং কোন ধর্ম পালন না করার অধিকার।

ইউএসএ'র অর্থনেতিক ব্যবস্থানে কী বলা হয়? সটিক উত্তরঃ ধনবাদী অর্থনীতি; বাজার অর্থনীতি।

আইনের শাসন বলতে কী বুঝানো হয়? সঠিক উত্তরঃ সবাইকে অবশ্যই আইন মেনে চলতে হবে। নেতাদেরকেও অবশ্যই আইন জানতে হবে: কেউ আইনের উর্ধ্বে নয়।

সরকারের যে কোন একটি শাখার নাম বলতে হবে? সঠিক উত্তরঃ কংগ্রেস; লেজিসলেটিভ, প্রেসিডেন্ট, এক্সিকিউটিভ, কোর্ট, জুডিশিয়ান।

কোন ব্যবস্থা একটি শাখা থেকে অন্য একটি শাখাকে অতিরিক্ত শক্তিশালী হতে বিরত রাখে? সঠিক উত্তরঃ চেক এ্যান্ড ব্যালান্স, সেপারেশন অব পাওয়ার।

নির্বাহী শাখার দায়িত্ব কার? সঠিক উত্তরঃ প্রেসিডেন্ট।

ফেডারেল আইন প্রনেতা কারা? সঠিক উত্তরঃ কংগ্রেস, সিন্টে ও হাউজ অব রিপ্রেজেনটেটিভ, ইউএস অথবা জাতীয় (লিজিসলেচার)।

ইউএস কংগ্রেসের ২টি পার্ট কাকে বলা হয়? সঠিক উত্তরঃ দি সিনেট এ্যান্ড হাউজ অব রিপ্রেজেনটেটিভস:

সিনেটের সদস্য কতজন? সঠিক উত্তরঃ ১০০ জন।

একজন সিনেটর কতদিনের জন্য নির্বাচিত হন? সঠিক উত্তরঃ ৬ বছরের জন্য।

নিজ স্টেটের বর্তমান একজন সিনেটরের নাম কী? সঠিক উত্তরঃ নিউইয়র্কের সিনেটর চাক শুমার।

হাউজ অব রিপ্রেজেনটেটিভ এ ভোটার কতজন? সঠিক উত্তরঃ ৪৩৫ জন।

আমরা হাউজ অব রিপ্রেজেনটেটিভ-এর একজন সদস্যকে কতদিনের জন্য নির্বাচিত করি? সঠিক উত্তরঃ ২ বছরের জন্য।

আপনার ইউএস রিপ্রেজেনটেটিভ এর নাম কী? সঠিক উত্তরঃ নিজ নিজ এলাকার হাউজ অব রিপ্রেজেনটেটিভ এর নাম বলতে হবে।

একজনর সিনেটর কাদের প্রতিনিধিত্ব পালন করেন? সঠিক উত্তরঃ স্টেটের সকাল মানুষের।

কোন কোন স্টেটের হাউজ অব রিপ্রেজেনটেটিভ এর সংখ্যা অন্য আরেকটি স্টেটের চেয়ে অধিক হওয়ার কারণ কী? সঠিক উত্তরঃ সংখ্যার কারণে, অধিক সংখ্যক হলে অধিক রিপ্রেজেনটেটিভ হবে।

একজন প্রেসিডেন্টকে কয় বছরের জন্য নির্বাচিত করা হয়? সঠিক উত্তরঃ ৪ বছরের জন্য।

কোন মাসে প্রেসিডেন্ট নির্বাচনের জন্য ভোট হয়? সঠিক উত্তরঃ নভেম্বর মাসে।

ইউএস এর বর্তমান প্রেসিডেন্টের নাম কী? সঠিক উত্তরঃ জো বাইডেন।

ইউএসএ'র বর্তমান ভাইস প্রেসিডেন্টের নাম কী? সঠিক উত্তরঃ ইউএসএ'র বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হারিস।

কোন কারণে প্রেসিডেন্ট যদি তার দায়িত্ব পালনে অপারগ হন, সেক্ষেত্রে কে দায়িত্ব পালন করবেন? সঠিক উত্তরঃ ভাইস প্রেসিডেন্ট।

প্রেসিডেন্ট এবং ভাইস প্রেসিডেন্ট দায়িত্ব পালনে অপারগ হবে সেক্ষেত্রে কে দায়িত্ব পালন করবেন? সঠিক উত্তরঃ হাউজের স্পিকার।

সামরিক বাহিনীর সর্বাধিনায়ক কে? সঠিক উত্তরঃ প্রেসিডেন্ট।

কোন বিল আইনে পরিণত করতে স্পন্সর করেন কে? সঠিক উত্তরঃ প্রেসিডেন্ট।

(পরবর্তী সংখ্যায় আরো প্রশ্ন ও উত্তর প্রকাশিত হবে।)

বিস্তারিত জানতে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট দেখুন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

দেশপ্রেমের পরীক্ষা

॥ আফরোজা পারভীন ॥

চারদিকের নৈরাশ্যজনক খবরের মধ্যে যখন দু-চারটা ভালো খবর শুনি, প্রশংসনীয় উদ্যোগ দেখি, তখন আনন্দে উদ্বেল হই! চোখে পানি এসে যায়। তেমনই একটি খবর চোখে পড়ল। রাজশাহীর চারঘাটের ইউএনও সোহরাব হোসেন ১৭ হাজার ছেলেমেয়েকে দেশপ্রেমের পরীক্ষায় বসিয়েছেন। ২৬ ফেব্রুয়ারি উপজেলার অষ্টম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানে প্রশ্ন পাঠানো হয়েছে। ছাত্রছাত্রীদের উদ্দেশে ১৭টি প্রশ্নের একটি প্রশ্নমালা তৈরি করা হয়েছে, যা উন্মুক্ত। অর্থাৎ অন্যের কাছে জেনেশুনে উত্তর লিখতে পারবে তারা। মুখস্থ থাকলে ভালো, না হলে জেনে নেওয়ার এ সুযোগ তাদের দেওয়া হয়েছে। ১ থেকে ১৬ নম্বর প্রশ্নের উত্তর হবে অল্পকথায়। প্রশ্নগুলো এমন-তোমার এলাকার জীবিত তিনজন মুক্তিযোদ্ধা ও দুজন শহিদের নাম লেখ। মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? জাতীয় চার নেতার নাম কী? বীরপ্রতীক, বীরবিক্রম, বীর-উত্তম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার সংখ্যা কত? দুজন নারী মুক্তিযোদ্ধার নাম লেখ। এ ধরনের ১৬টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নের জন্য নম্বর ৫। ১৭ নম্বর প্রশ্নটি বর্ণনামূলক-'সারা বিশ্বের বিস্ময় তুমি আমার অহংকার' উক্তিটির আলোকে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ ঘিরে তোমার আবেগ-অনুভূতি-স্বপ্ন-প্রত্যাশা লেখ। এর উত্তরটি দিতে হবে ১০০ শব্দের মধ্যে। এর জন্য নির্ধারিত নম্বর ২০। পরীক্ষা শুরু হয়ে গেছে। ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসে উপজেলার প্রতিটি বিদ্যালয়ের তিনজন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হবে।

মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসকে আমাদের সন্তানদের মধ্যে ছড়িয়ে দেওয়ার জন্য এ প্রচেষ্টা নেওয়া হয়েছে। স্মার্ট বাংলাদেশ গড়ার একটি পদক্ষেপও এটি। যেখানে আমাদের ছেলেমেয়েরা জানে না একুশে ফেব্রুয়ারি, ১৬ ডিসেম্বর আর ২৬ মার্চ কী; জানে না আমাদের জাতীয় সংগীত কোনটি, এর রচয়িতা কে, সেখানে রণসংগীত আর তার রচয়িতার নাম জানা তো অনেক দূরের কথা। এদেশে ভাষা আন্দোলন হয়েছিল, মুক্তিযুদ্ধ হয়েছিল-তা-ও তো একালের অনেক ছেলেমেয়ের অজানা। সে কারণে তাদের মনে এ সম্পর্কে কোনো আবেগ-অনুভূতি কাজ করে না। বয়স্করাও কেউ কেউ কথায় কথায় বলেন, 'মুক্তিযুদ্ধের চেতনা বেঁচে আর কতদিন চলবে। এ বড় আদিখ্যেতা হচ্ছে।' অনেকে এখনো বলে 'গন্ডগোলের বছর'। এর কারণও আছে। কতিপয় দিবস পালন ছাড়া ভাষা আন্দোলন, ঐতিহাসিক গণ-আন্দোলন, মুক্তিযুদ্ধের মহিমা তুলে ধরার কোনো উদ্যোগ নেই। সবই দিবসকেন্দ্রিক। আর প্রতিদিনই এমন নতুন নতুন দিবসের নাম শুনছি যে, সত্যিকার পালন করার যে দিবস, সেগুলো ম্লান হয়ে যাচ্ছে। মাঝেমধ্যে ভাবি-হাত ধোয়া দিবস, পা ধোয়া দিবস, জল তোলা দিবস, জল ফেলা দিবস করতে করতে তো আসল দিবসগুলো হারিয়ে যাবে। মস্তিষ্কের ধারণক্ষমতা বলেও তো একটা কথা আছে! এ তো দেখছি একটা দিবস ডিকশনারি খুলতে হবে। প্রতিদিন সেটার পাতা উলটে দেখতে হবে আজ কী দিবস!

স্বাধীনতার মহিমা ম্লান হওয়ার আরেক কারণ অসংখ্য ভুয়া মুক্তিযোদ্ধা। যুদ্ধের সময় নিউমোনিয়ায় মারা গেছেন কেউ, পরিবার তাকে বানিয়ে দিয়েছে শহিদ। কঞ্চির খোঁচায় পা রক্তাক্ত হয়ে গেছে, তিনি হয়েছেন পঙ্গু মুক্তিযোদ্ধা। একাত্তরে জন্ম নেয়নি এমন সহস্রাধিক মুক্তিযোদ্ধার কথা তো পত্রিকাতেই পড়লাম। চাকরির বয়স হয়নি, তারা নাকি সব মুজিবনগর সরকারের চাকুরে ছিলেন। কলকাতা গেছেন, ঘুরেছেন ফিরেছেন, খেয়েছেন। সীমান্ত পার হওয়ার কারণেই তারা বড় বড় যোদ্ধা। বাতিলের পরও রয়ে গেছে অঢেল। তাই মুক্তিযুদ্ধ নিয়ে কথা বলতেও অনেকে কুণ্ঠিত হন। সত্যিকার মুক্তিযোদ্ধারা নিজেদের কৃতিত্বের কথা বলতে পারেন না স্বতঃস্ফূর্তভাবে। এই বুঝি ভুয়া মুক্তিযোদ্ধার তকমা জোটে! আম আর আমড়া এক হয়ে গেছে।

এরকম একটা সময়ে এ ধরনের উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়। পুথিগত বিদ্যায় দেশপ্রেম হয় না। দেশপ্রেম জাগাতে হলে দেশকে জানতে হয়। আগের দিনের ছেলেমেয়েরা পাঠ্যবইয়ের বাইরে বইপত্র পড়ত। তাই তারা জানতে পারত ক্ষুদিরাম সম্পর্কে, মাস্টার দা সূর্যসেন সম্পর্কে, বীরকন্যা প্রীতিলতা সম্পর্কে, নেতাজি সুভাস বোস সম্পর্কে। জানত তাদের অবিস্মরণীয় কীর্তিগাথা। তাদের শ্রদ্ধা করত। তাদের মতো হওয়ার স্বপ্ন দেখত। আমি নিশ্চিত, এখনকার অধিকাংশ শিক্ষার্থী এ প্রাতঃস্মরণীয়দের নাম জানে না। পরিবার থেকে জানানোর কোনো চেষ্টাও নেওয়া হয় না। 'একবার বিদায় দে মা ঘুরে আসি/হাসি হাসি পরব ফাঁসি দেখবে জগৎবাসী' শুনেছিলাম কোন ছেলেবেলায়। এ গান শুনে মা কাঁদতেন, সঙ্গে বুঝে না বুঝে আমিও কাঁদতাম। মা শোনাতেন ক্ষুদিরামের গল্প। আজকালকার কয়টা ছেলেমেয়ে এ গান শুনেছে! কজন মা তাদের সন্তানদের বলেছেন এ গল্প! আর জানেনই বা কতজন মা!

অসংখ্য বইয়ের ভারে জর্জরিত আজকের শিক্ষার্থীরা। তার ওপর আছে কোচিং, একটি-দুটি নয়, লাগাতার। কোচিংয়ের চাপে ভারাক্রান্ত শিক্ষার্থীরা বাইরের বই পড়বে কখন, শিখবে কী? অনেক বাবা-মা চানও না তাদের ছেলেমেয়েরা গল্প-উপন্যাস পড়ুক। তারা এগুলোকে বলেন 'আউট বই'। তাদের একমাত্র লক্ষ্য ছেলেমেয়েকে জিপিএ ৫ নামের ঘোড়ার ডিমটি পেতে হবে; যেটি পেলে কলেজ-বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অনেক সময় টেকেও না। এমনই জিপিএ-৫-এর গুরুত্ব!

আজকের ছেলেমেয়েদের শৈশব নেই, কৈশোর নেই, খেলার মাঠ নেই। তাদের জীবনে ঘুড়ি নেই, ডাংগুলি নেই, জিওলের আঠা নেই, প্রজাপতি নেই। স্কুলে স্কুলে সাংস্কৃতিক প্রতিযোগিতা আর বিতর্ক নেই। নেই টিফিন ভাগাভাগি, খুনসুটি, মারামারি। এক অবরুদ্ধ জীবনের বাসিন্দা ওরা। ওদের জীবনে আছে বই-খাতা, ব্যাগ, কোচিং, মাস্টার। তারা কী করে জানবে দেশের কথা, দশের কথা। পাশের মানুষের কথা, প্রতিবেশীর কথা। আমরা নিজেরাই সন্তানদের চারপাশে দেওয়াল তুলে দিয়েছি। সেখানে কোনো ঘুলঘুলি নেই, বাইরের বাতাসের প্রবেশাধিকার নেই। তারপর ছেলেমেয়ে বড় হলে, পাশ করে বেরোলে দেশে চাকরি নেই; এ দেশ বসবাসের অনুপযুক্ত বলে পাঠিয়ে দিচ্ছি বিদেশে। ব্যস নিশ্চিন্ত! কোনো চেষ্টা নেই দেশের ভালো করার, দেশের সমৃদ্ধির। অথচ এ দেশই তাদের প্রফেসর, বিজ্ঞানী, ডাক্তার, ইঞ্জি-নয়ার বানায়। আমরা ধরেই নিই দেশের সবকিছু করবে সরকার। জনগণের কোনো দায়দায়িত্ব নেই। দেশটাকে নিজেদের মতো করে গড়ব, অন্য কারও অধীনে থাকব না, অন্য কারও দেশে থাকব না বলেই তো মুক্তিযোদ্ধারা রক্ত ঢেলে দেশ স্বাধীন করেছিল। তাহলে এ স্বাধীনতার মানে কী?

এ চরম অসহনশীল আর ভঙ্গুর সময়ে চারঘাটের ইউএনও সোহরাব হোসেন এমন ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছেন। উন্মুক্ত প্রশ্নাবলির উত্তর সন্ধানে ছেলেমেয়েরা এলাকায় ঘুরবে। বাবা-মা প্রতিবেশী শিক্ষকদের কাছে জানতে চাইবে তাদের এলাকার শহিদ আর মুক্তিযোদ্ধাদের কথা। নারী মুক্তিযোদ্ধাদের সন্ধান করবে। বই পড়বে উত্তরের সন্ধানে। মুক্তিযুদ্ধের দু-চারটি উপন্যাস বা গল্পও তাদের পড়া হয়ে যাবে। অন্তত বইগুলো আর তার লেখকদের নাম তো জানবে। এভাবে দেশের আর মুক্তিযুদ্ধের অনেক কথাই তারা জানতে পারবে, যা এতদিন তারা জানতে পারেনি। হয়তো দু-চারজন মুক্তিযোদ্ধার সঙ্গে তারা সরাসরি পরিচিত হবে। শুনবে তাদের মুক্তিযুদ্ধকালীন অভিজ্ঞতার কথা। সত্যি, ভাবতেই খুব ভালো লাগছে, একজন মুক্তিযোদ্ধা চোখ বুজে যুদ্ধদিনের স্মৃতিচারণ করছেন আর একজন শিক্ষার্থী মন্ত্রমুগ্ধের মতো শুনছে সেই সত্যি গল্প!

অতীতে প্রশাসনের আমলাদের নানা অসংগতি উল্লেখ করে কলাম লিখেছি। লিখেছি তাদের সাফল্যগাথাও। আজ এ লেখাটি লিখতে একজন শহিদ পরিবারের সদস্য হিসাবে আমি নিজেই উদ্বেলিত। সবে আমরা একুশে পার করে এসেছি। মহান স্বাধীনতা দিবসের প্রাক্কালে, ঐতিহাসিক মার্চে এ ধরনের একটি উদ্যোগ নেওয়ায় আপ্লুত হচ্ছি। আসলে দেশকে ভালোবাসলে, দেশের জন্য ভাবলে এ ধরনের কাজ করা সম্ভব। দেশপ্রেমের পরীক্ষা নেওয়া চারঘাটের ইউএনওর গভীর দেশপ্রেমের নিদর্শন। তাকে সাধুবাদ জানাই!

লেখক: কথাশিল্পী, গবেষক, সাবেক যুগ্ম সচিব





চিত্রে জয়া হলে জালালাবাদ এসোসিয়েশনের ইফতার মাহফিল




























নতুন প্রজন্মের ব্যাপক সাড়া

(শেষের পাতার পর)

আগামী ৪ এপ্রিল রোববার তৃতীয় পর্ব অনুষ্ঠিত হবে। আগ্রহী প্রতিযোগীদেরকে অংশগ্রহণ করার জন্য টাইম টেলিভিশন-এর পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে। রোববারের প্রতিযোগিতা পরিচালনায় ছিলেন নিউইয়র্কের জামেয়া কুরআনিয়া একাডেমী, জিএমসি উস্তাদ মাওলানা আবু সুফিয়ান, প্রতিযোগিতার সমন্বয়কারী এবং ব্রুকলীনের বিএমএমসিসি ইসলামিক স্কুলের প্রিন্সিপাল মাওলানা রশীদ আহমদ। এদিন বিচারক ছিলেন কুর-আন একাডেমীর ফর ইয়াং স্কলার, শায়খ ইব্রাহিম কামারা, এলমাস্ট মুসলিম সেন্টার-কুইন্স ইমাম ও খাতিব কারী মাওলানা মোহাম্মদ ইয়াসীন , ব্রুকলীনের বায়তুশ শরফ মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের ইমাম ও খতীব মাওলানা মাহমুদ জাকারিয়া ও এলমহার্স্ট ইসলামিক সেন্টারের মাওলানা মুহাম্মদ ইয়াসীন প্রতিযোগিতার দ্বিতীয় দিন অতিথি ছিলেন যথাক্রমে ড.মাওলানা মোহাম্মদ রুহুল আমীন, চেয়ারম্যান, আল কুরআন দাওয়াহ সেন্টার,ইউএসএ, মুফতি মোহাম্মদ ইসমাইল- পরিচালক, আন নূর কালচারাল সেন্টার, নিউইয়র্ক। এডভোকেট নাসির আহমদ সভাপতি,মদিনা মসজিদ,ম্যানহাটন।

অংশগ্রহনকারীদের মধ্যে ছিলেন: মায়েশা চৌধুরী, ফারাহ আকতার, মরিয়ম তৌরি, জাকারিয়া চৌধুরী, মেহরুন এম মু-নওয়ারা, রাকিন হোসেন, ফারিয়া এম রাইসা, সাঈদ মোহাম্মদ উদ্দিন, জুবায়ের হোসাইন, আবু চৌধুরী, সুহান মাহমুদ, আব্দুর আর সালেহ, আসফিয়া আয়েশা ও জুনায়েদ এম উদ্দিন।

ঈশান কোণে অশনি সঙ্কেত

(১২ পাতার পর)

একজন সিরিয়াস দর্শক হিসেবে সম্মুখ সারিতে বসে আমি প্রতিযোগীদের গুণাগুণ নিয়ে গবেষণা শুরু করলাম। অনুষ্ঠানের এক পর্যায়ে জারিগানের পর্ব।প্রথম প্রতিযোগী বিউটি রানী দাস। অসাধারণ পারফরমেন্স করল। আমি মুগ্ধ হয়ে দ্বিতীয় প্রতিযোগীর মঞ্চে আগমনের অপেক্ষা করলাম। এমন সময় ঘোষণা এলো এবারের প্রতিযোগী গোলাম মাওলা রনি।

উল্লিখিত ঘোষণা শোনার পর আমি কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়লাম। মনে হলো আমার মাথার ওপর বজ্রপাত হয়েছে। সুতরাং পরিস্থিতি সামাল দেয়ার জন্য কোনো কিছু না ভেবেই দিলাম ভোঁ দৌড়। আমার সেই দৌড়ের দৃশ্য উপস্থিত দর্শক শ্রোতাদের এত আনন্দ দিলো যা ভাষায় প্রকাশ করা যাবে না। আমার শিক্ষকরা দর্শকদেরকে অধিকতর আনন্দ দেয়ার জন্য হুকুম দিলেন, ওরে ধইরা আন। মুহূর্তের মধ্যে শ'খানেক ছাত্রের দঙ্গল আমার পেছনে ছুটল এবং আমাকে ধরে এনে মঞ্চের মাঝখানে দাঁড় করাল। আমি ততক্ষণে মঞ্চে ছিলাম এবং কি করেছি- কি বলেছি তা আজ আমার মনে নেই। তবে উপস্থিত সব বয়সের দর্শকরা যেভাবে সে রাতে প্রাণ খুলে হেসেছিল অমন দৃশ্য আমি জীবনে দেখিনি।

আমার উল্লিখিত ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে নিশ্চয়ই আপন-ারা এতক্ষণে আমার যোগ্যতা অভিজ্ঞতা ও দক্ষতা সম্পর্কে আন্দাজ করতে পারেন। তো আমার মতো নির্বোধ যদি বরিশাল বিভাগের সর্বোচ্চ ভোট পেয়ে সংসদ সদস্য হতে পারে কিংবা মাত্র ত্রিশ বছরের ব্যবসায়িক জীবনে নিম্ন মধ্যবিত্তের বলয় থেকে বেরিয়ে উচ্চবিত্তের কাতারে শামিল হতে পারে তবে আমার চেয়ে বুদ্ধিশুদ্ধি বেশি থাকা লোকজনের পক্ষে কী কী করা সম্ভব তার বাস্তব নমুনা সংসদের তিনশ' জন সংসদ সদস্য পদধারী বা মন্ত্রিপরিষদের সদস্যদের আমলনামা যাচাই বাছাই করলেই বুঝতে পারবেন।

আমাদের কর্তাদের মস্তিষ্কে কী পরিমাণ নিউরনের লাফালাফি চলছে তা তাদের অঙ্গভঙ্গি-জিহ্বার নড়াচড়া এবং ভোটের নৃত্য দেখলেই বোঝা যায়। তাদের বাগাড়ম্বর, উর্বর মস্তিষ্কজাত চিন্তা-ভাবনার ফল এবং দক্ষতা-অভিজ্ঞতার নমুনা টের পাবেন ঢাকার রাজপথে চলতে গিয়ে সিঙ্গাপুরের কথা স্মরণের মাধ্যমে। পাবলিক ট্রান্সপোর্ট, ফুটপাথ, হাটবাজার এবং অলি গলিতে গিয়ে মালয়েশিয়াকে খোঁজ করলে হয়তো প্রাগৈতিহাসিক মালয়েশিয়ার সন্ধান পেয়ে যাবেন। আর যদি আপনি ওসব কিছু টের না পেয়ে বাংলার অলিতে গলিতে লন্ডন আমেরিকা দেখতে পান তবে আমি নিশ্চিত যে আপনার জন্য ইলুশন এবং হ্যালোসিনেশন থেরাপি অপরিহার্য।

আমরা আজকের আলোচনার শেষ পর্যায়ে চলে এসেছি। এবার সংক্ষেপে শিরোনাম প্রসঙ্গে কিছু বলে নিবন্ধের ইতি টানব। মানুষের কর্মের ফলে যে বিপত্তির সৃষ্টি হয় তা কমবেশি সবাই বুঝতে পারে। কুকর্মের একটি চিরায়ত চরিত্র হলো- তা করা হয় গোপনে এবং কুকর্মকারী মনে করে যে তাদের কর্মের কথা কেউ টের পাবে না। কিন্তু নির্মম বাস্তবতা হলো কুকর্মের আলামতগুলো কালো মেঘ হয়ে আকাশে বাতাসে জমা হয়ে যায় এবং কালবৈশাখীরূপে তান্ডব করার জন্য অপেক্ষা করতে থাকে। এ অবস্থায় সবাই টের পায় যে ভয়াবহ পরিণতি অপেক্ষা করছে এবং তা বোঝানোর জন্য বাংলা ভাষায় ঈশান কোণে অশনি সঙ্কেত বা কালো মেঘ শব্দমালা ব্যবহৃত হয়।

এখানে নিয়তির নির্মম লীলা খেলা হলো- সবাই অশনি সঙ্কেতের আলামত বুঝলেও কুকর্মকারীরা মৃত্যুর পূর্বক্ষণ পর্যন্ত তা অনুমানও করতে পারে না। কারণ অপকর্ম করতে করতে তাদের অন্তর এতটা কালো হয়ে যায় সেখানে সত্য-মিথ্যার পার্থক্য করার জ্ঞান বা হিদায়াত পৌঁছাতে পারে না।

লেখক: সাবেক সংসদ সদস্য

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

'ওয়ার্ক ভিসা' ছাড়াই যুক্তরাষ্ট্রে চাকরির সুযোগ

(প্রথম পাতার পর)

সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করতে চাইলে মা, বাবা কিংবা আইনগত অভিভাবকের অনুমতি নিতে হবে।

অনলাইনের জগতে, বিশেষত ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রামের মতো সামাজিক যোগাযোগমাধ্যমগুলোয় শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে অনেক আগে থেকেই যুক্তরাষ্ট্রে কথাবার্তা চলছে। এর মধ্যে উটাহ অঙ্গরাজ্যের গভর্নর স্পেনসার কক্স এ উদ্যোগ নিলেন। বিলটির নাম 'উটাহ সোশ্যাল মিডিয়া রেগুলেশন অ্যাক্ট'। এতে বলা হয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের ক্ষেত্রে উটাহবাসীর বয়স যাচাই করতে হবে। ব্যবহারকারী শিশু হলে মা, বাবা বা অভিভাবকের অনুমতি নিতে হবে। বিলটিতে আরও বলা হয়েছে, অপ্রাপ্তবয়স্কদের জন্য সামাজিক যোগাযোগমাধ্যমে বিজ্ঞাপন দেওয়া যাবে না। এমন নিয়ম করতে হবে, যাতে ১৮ বছরের কম বয়সী কেউ রাত সাড়ে ১০টা থেকে সকাল সাড়ে ৬টার মধ্যবর্তী সময়ে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করতে না পারে। অপ্রাপ্তবয়স্ক ব্যবহারকারীদের অ্যাকাউন্টে যাতে অভিভাবকেরা অনায়াসে প্রবেশ করতে পারেন, সেই ব্যবস্থাও রাখতে হবে। ইউটাহের রিপাবলিকান সিনেটর মিখায়েল ম্যাককেল বিলটি উত্থাপন করেছিলেন। পরে রিপাবলিকান গভর্নর স্পেনসার কক্স এতে সই করেছেন। ২০২৪ সালের ১ মার্চ থেকে অঙ্গরাজ্যটিতে এ বিল কার্যকর হবে। আইন প্রণেতা ম্যাককেল এক বিবৃতিতে বলেছেন, 'এ আইন আমাদের শিশুদের অনলাইনে সুরক্ষা দেবে। একজন আইন প্রণেতা ও একজন অভিভাবক হিসেবে আমি মনে করি, সামাজিক যোগাযোগমাধ্যম থেকে পাওয়া নেতিবাচকতা এবং জীবনহানির ঝুঁকি থেকে এ আইন শিশুদের রক্ষা করতে সক্ষম হবে।' ইউটাহ যুক্তরাষ্ট্রের প্রথম অঙ্গরাজ্য, যেখানে সামাজিক যোগাযোগমাধ্যমে শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে এমন নিয়ম করা হলো। কানেকটিকাট এবং ওহাইও অঙ্গরাজ্যেও ১৬ বছরের কম বয়সীদের সামাজিক যোগাযোগমাধ্যমে অ্যাকাউন্ট খুলতে অভিভাবকের অনুমতির বিষয়টি উল্লেখ করে আইন পাসের চেষ্টা করা হচ্ছে।

'ওয়ার্ক ভিসা' ছাড়াই যুক্তরাষ্ট্রে চাকরির সুযোগ

(প্রথম পাতার পর)

দেওয়ার আগে তাদের ভিসার স্ট্যাটাস বদল করতে হবে। ইউএসসিআইএসের টুইটার পেজে এসব তথ্য জানানো হয়েছে।

খবরে বলা হয়, এতদিন পর্যটক বা ব্যবসায়িক ভিসা নিয়ে বিদেশি নাগরিকরা যুক্তরাষ্ট্রে সাক্ষাৎকার দিতে পারলেও কাজ করতে পারতেন না। যুক্তরাষ্ট্রে বিভিন্ন উদ্দেশ্যে সবচেয়ে বেশি বি-১ ও বি-২ ভিসা ব্যবহার করা হয়। বি-১ ভিসা সাধারণত স্বল্পমেয়াদি ব্যবসায়িক ভ্রমণের জন্য দেওয়া হয়। আর বি-২ ভিসা পর্যটনের জন্য দেওয়া হয়।

যুক্তরাষ্ট্র সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস জানিয়েছে, আমেরিকায় অনাবাসী কর্মীদের ছাঁটাই হলে অনেক সময় তারা বিভ্রান্তিতে পড়েন। অনেকে ভাবতে শুরু করেন, ছাঁটাইয়ের ৬০ দিনের মধ্যেই নতুন চাকরি খুঁজতে হবে। নয়তো ভিসা বাতিল হওয়ায় দেশ ছাড়তে হবে। তবে বিষয়টি সে রকম নয়, তা স্পষ্ট করেছে ইউএসসিআইএস। সংস্থার পক্ষ থেকে বলা হয়েছে, চাকরির শেষ দিন থেকে এ গ্রেস পিরিয়ড শুরু হয়।

সম্প্রতি গুগল, মাইক্রোসফট ও অ্যামাজনের মতো বড় বড় কোম্পানি কর্মী ছাঁটাই করছে। এ জন্য যুক্তরাষ্ট্রে কমরত হাজারো বিদেশি নাগরিক তাদের চাকরি হারিয়েছেন। এ কর্মীরা এখন দেশটিতে থাকার জন্য তাদের কাজের ভিসার অধীন নির্ধারিত ২ মাসের (৬০ দিন) মধ্যে নতুন কর্মসংস্থান খুঁজে পেতে ঝক্কি পোহাচ্ছেন। এ নতুন ঘোষণা তাদের স্বস্তি দেবে। কারণ, এতে ভিসার স্ট্যাটাস পরিবর্তন করে ট্যুরিস্ট ভিসা বা স্টুডেন্ট ভিসায় পরিণত করতে পারবেন তারা। এমনকি চাকরি হারানোর পরও বিদেশিদের আমেরিকায় থাকার সময়সীমাও আবেদন করে বাড়িয়ে নেওয়া যাবে।

চাকরিতে যোগ দেওয়ার আগে বি-১ ও বি-২ ভিসা থেকে পাল্টে সেটি ওয়ার্ক ভিসা করে নিতে হবে। আর এ ভিসা স্ট্যাটাস পালটানোর অনুরোধ জানিয়ে আবেদন জমা করতে হবে। যুক্তরাষ্ট্র নাগরিকত্ব ও অভিবাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, এ আবেদন খারিজ করে দেওয়া হলে আবেদনকারীকে আমেরিকা ছেড়ে চলে যেতে হবে।

২০২৪ সালের নির্বাচনে শেষবার লড়বেন ট্রাম্প

(প্রথম পাতার পর)

প্রথম নির্বাচনী জনসভায় দেওয়া ভাষণে প্রতিশোধ এবং সহিংসতার আহ্বান অব্যাহত রেখেছেন তিনি। ট্রাম্প বলেছেন, ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচন হবে চূড়ান্ত লড়াই। তাঁর বিরুদ্ধে ফৌজদারি অপরাধের অভিযোগ তোলা কৌঁসুলিদেরও কঠোর সমালোচনা করেছেন তিনি।

'জাস্টিস ফর অল' গান চালিয়ে ট্রাম্প তাঁর নির্বাচনী মিছিল শুরু করেন। পোডিয়ামে একা দাঁড়িয়ে ট্রাম্প তাঁর বক্তৃতা করার সময় ক্যাপিটল হিলের দাঙ্গার ভিডিও চিত্র পর্দায় দেখানো হয়। ট্রাম্প এমন এক সময়ে তাঁর নির্বাচনী প্রচার শুরু করলেন, যখন প্রথম প্রেসিডেন্ট হিসেবে ফৌজদারি অপরাধে অভিযুক্ত হওয়ার মুখে রয়েছেন তিনি। তাঁর বিরুদ্ধে অভিযোগ, ২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনের আগে ট্রাম্পের সঙ্গে অবৈধ সম্পর্কের তথ্য লুকিয়ে রাখতে সাবেক এক পর্নো তারকাকে বিপুল পরিমাণ অর্থ দেওয়া হয়েছিল। গত সপ্তাহে ট্রাম্প দাবি করেন, এই মামলায় তাঁকে গ্রেপ্তার করতে পারে পুলিশ। এ ধরনের পরিস্থিতি দেখা দিলে এর বিরুদ্ধে বিক্ষোভে নামতে সমর্থকদের প্রতি আহ্বান জানান তিনি। এ নিয়ে দাঙ্গার আশঙ্কায় নিউইয়র্কে নিরাপত্তা জোরদার করা হয়। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে করা এক পোস্টে ট্রাম্প সতর্ক করেন।

কুরআনে হাত রেখে শপথ নিলেন নি-উজার্সীর মুসলিম জাজ

(প্রথম পাতার পর)

শপথ গ্রহণের পর এক প্রতিক্রিয়ায় ৫০ বছর বয়সী নাদিয়া বলেন, 'আমি অনেক আনন্দিত ও নিজেকে গর্বিত অনুভব করছি।' নাদিয়া কাহাফ যুক্তরাষ্ট্রের নিউ জার্সি অঙ্গরাজ্যে সর্বোচ্চ আদালতের বিচারক হিসেবে নির্বাচিত হয়েছেন। প্রথম হিজাবি মুসলিম বিচারক হিসেবে প্যাসাইক কাউন্টিতে বিচারকের দায়িত্ব পালন করবেন তিনি। নাদিয়া এর আগে ওয়েন এলাকার পারিবারিক আইন অ্যাটর্নি হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। নিউ জার্সির গভর্নর ফিলিপ ডানটন মারফি এক বছর আগে ১৫ ব্যক্তিকে বিচারক হিসেবে মনোনয়ন দেন। গত ২৮ ফেব্রুয়ারি তাদের নিয়োগ অনুমোদন করে নিউ জার্সি সিনেট। এই ১৫ জনের অন্যতম হলেন নাদিয়া কাহাফ। তার আগেও মুসলিম নারীরা এখানে বিচারক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তবে নাদিয়াই প্রথম, যিনি হিজাব পরে প্রথমবারের মতো এই দায়িত্ব পালন করবেন। পারিবারিক আইন ও অভিবাসন বিশেষজ্ঞ নাদিয়া কাহাফ প্রথমে কাজ শুরু করেন হ্যালেডনে। ২০০৩ সালে তিনি যুক্তরাষ্ট্রের মুসলিম নাগরিক অধিকারবিষয়ক প্রতিষ্ঠান 'কাউন্সিল অন আমেরিকান-ইসলামিক রিলেশন্স'র নিউ জার্সি শাখার সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। পাশাপাশি তিনি ক্লিফটনের সমাজসেবা সংস্থা ওয়াফা হাউসের আইনি উপদেষ্টা এবং ইসলামিক সেন্টার অব প্যাসাইক কাউন্টির চেয়ারওম্যান হিসেবেও দায়িত্ব পালন করছেন। এসেক্স ও হাডসন কাউন্টির সুপিরিয়র কোর্টে শরিফা সালাম ও কালিমা আহমদ নামে আরো দুজন মুসলিম নারী বিচারক দায়িত্ব পালন করছেন। এর আগে ২০২২ সালের জুনে অ্যারিজোনায় লায়লা ইকরাম প্রথম মুসলিম বিচারক মনোনীত হয়ে ইতিহাস তৈরি করেন। প্রেসিডেন্ট জো বাইডেন কর্তৃক মনোনীত বিচার বিভাগীয় আট ব্যক্তির মধ্যে নুসরাত চৌধুরী নামের এক মুসলিম নারীও রয়েছেন। নিয়োগ চূড়ান্ত হলে তিনি হবেন ফেডারেল বিচারক হিসেবে দায়িত্ব পালন করা প্রথম মুসলিম নারী।

রমজানে পেট ভালো রাখতে কী করবেন

(প্রথম পাতার পর)

সুস্থ থাকা জরুরি। এ জন্য সুষম খাবার খেতে হবে। পর্যাপ্ত পরিমাণে পানীয় খেতে হবে। পাশাপাশি মৌসুমি ফলের জুস ও শরবত খেতে হবে। কোনোভাবেই যেন পানি শূন্যতা না হয় সেদিকে নজর রাখতে হবে। আর বাইরের খোলা পানি বা পানীয় খাওয়া যাবে না।

রমজানে সাধারণত পেটের সমস্যা যেমন গ্যাস্ট্রিক বা অ্যাসিডিটিজাতীয় সমস্যা বেড়ে যায়। এর প্রধান কারণ খাদ্যাভ্যাসে পরিবর্তন। রমজানে অনেকেই ভাজাপোড়া বেশি খেয়ে থাকি, যা পেটের জন্য মোটেও ভালো নয়। সুস্থ থাকতে হলে এসব খাবার যথাসম্ভব এড়িয়ে চলতে হবে। সহজপাচ্য খাবার খেতে হবে। বাইরের খাবার পরিহার করতে হবে। বাড়িতে তৈরি স্বাস্থ্যকর ও পুষ্টিকর খাবার বেছে নিন। পর্যাপ্ত পরিমাণে শাকসবজি ও ফলমূল খেতে হবে।

রমজানে ইফতারের খাবার খুবই গুরুত্বপূর্ণ। কারণ, সারা দিন পানাহারে বিরত থেকে হঠাৎ যদি ভাজাপোড়াজাতীয় খাবার বেশি খাওয়া হয়, তবে শরীর খারাপ হওয়াই স্বাভাবিক।

ইফতারের পর তারাবিহর নামাজসহ অন্যান্য ইবাদত করে থাকি, তাই এমন সব খাবার খেতে হবে যেন সুস্থভাবে সেগুলো করতে পারি। ইফতারে পর্যাপ্ত পানীয়, খেজুর, কিছু মৌসুমি ফল ও সামান্য অন্যান্য সহজপাচ্য খাবার খাওয়া যেতে পারে। সতর্কতার সঙ্গে খাবার নির্বাচন করলে রমজানে গ্যাস্ট্রিকের সমস্যা খুব একটা হবে না। অ্যাসিডিটি হলে খাবারের ক্ষেত্রে সচেতনতার পাশাপাশি কিছু ওষুধের প্রয়োজন হতে পারে।

যেকোনো রেজিস্টার্ড চিকিৎসকের কাছ থেকে চিকিৎসা নিতে পারেন। তা ছাড়া অ্যাসিডিটির জন্য সাময়িকভাবে কিছু ওষুধ ফার্মেসি থেকে কিনেও খাওয়া যেতে পারে। রমজান মাসে কারও কারও কোষ্ঠকাঠিন্যের সমস্যা হতে পারে। এ জন্য ফাইবার বা আঁশজাতীয় খাবার বেশি করে খেতে হবে।

হাঁটাচলা করতে হবে। সন্ধ্যার পর থেকে ভোর পর্যন্ত দুই থেকে তিন লিটার পানি খাওয়া উচিত। রসাল ফল, ফলের জুস খেতে পারেন। মানসিক চাপমুক্ত থাকার চেষ্টা করতে হবে। মল ধরে রাখার চেষ্টা না করাই ভালো।







হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



- বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
- অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com


LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সিটি মেয়রের বাসায় বাংলাদেশের স্বাধীনতা দিবস উদযাপন













(প্রথম পাতার পর)

মান্থ উপলক্ষ্যে এই পার্টির আয়োজন করা হয়। সিটি মেয়র এডামসের দেয়া এ সংবর্ধনা উপলক্ষ্যে গ্রেসি ম্যানশনের মেয়র ভবন পরিণত হয় বাংলাদেশীদের মিলনমেলায়। সিটি প্রশাসন ছাড়াও নিউইয়র্কের জনপ্রতিনিধি আর সর্বস্তরের প্রবাসী বাংলাদেশীদের উপস্থিতিতে মেয়রের বাসভবন হয়ে উঠে এক টুকরো বাংলাদেশ। সর্বত্রই ছোঁয়া পাওয়া যায় বাংলাদেলে জাতীয় পতাকা লাল-সবুজের রংয়ের স্পর্শ। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানে নিউয়র্কে আমন্ত্রিত অতিথি হিসেবে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল ড. মনিরুল ইসলাম, নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার ছাড়াও কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিরা এতে যোগ দেন। এছাড়া, প্রশাসন, পুলিশ বিভাগ, আইন ও বিচার বিভাগ, স্বাস্থ্যখাতসহ নিউয়র্কের বিভিন্ন সেক্টরে সফল পেশাজীবীদের আমন্ত্রণ জানানো হয় এ অনুষ্ঠানে।

সিটি মেয়রের দক্ষিণ এশিয়ার বিষয়ক এডভাইডারী কমিটির অন্যতম সদস্য এবং কমিউনিটি বোর্ড মেম্বার ফাহাদ সোলায়মানের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে শুরু হওয়া অনুষ্ঠানে বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশিত হয় এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

অনুষ্ঠানের কর্মসূচীর মধ্যে ছিলো মেয়র ছাড়াও অতিথিদের শুভেচ্ছা বক্তব্য, সম্মাননা প্রদান ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে কমিউনিটি সেবায় অবদান রাখার জন্য মেয়রের পক্ষ থেকে ৫জন বাংলাদেশীকে সাইটেশন প্রদান করা হয়। এরা হলেন- কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার ও শাহ জে চৌধুরী, রুতবা তাবাসুম, রিমা বেগম ও বাবু খান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন মেয়র অফিসের সহকারী পরিচালক উমিয়া হাসান। তিনি স্বাধীন বাংলাদেশের স্থপতি 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কিশেষভাবে স্মরণ করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ কনস্যলেটের পক্ষ থেকে বাংলাদেশের স্মৃতি সৌধের ছবি মেয়র এডামসকে উপহার দেন কনসাল জেনারেল ড. মনিরুল ইসলাম। এছাড়াও নিজের তোলা হাজারো ছবি দিয়ে মেয়রের ছবি তুলে তাকে উপহার দেন প্রবাসের জনপ্রিয় ফটো সাংবাদিক নিহার সিদ্দিকী।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মেয়র এরিক এডামস বলেন, নিউয়র্কে বাংলাদেশী একটি উজ্জল কমিউনিটি। বিভিন্ন পেশায় ইতোমধ্যে তারা অভূতপূর্ব সাফল্য লাভ করেছেন। বাংলাদেশীরা কাজের ক্ষেত্রে খুবই কর্তব্যপরায়ন উল্লেখ করে মেয়র বলেন নিউয়র্কের অগ্রযাত্রায় তাদের অবদান উল্লেখ করার মত। বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভেচ্ছা জানিয়ে এরিক বলেন বাংলাদেশ যুক্তরাষ্ট্রের খুবই আস্থাশীল বন্ধু। যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের সকল উৎসব যুক্তরাষ্ট্রেরই উৎসব। এসব উৎসব, আনুষ্ঠানিকতায় নিউয়র্ক সিটি কাউন্সিল সব সময় অগ্রণী ভূমিকা পালন করবে। তিনি সিটির উন্নয়নে কমিউনিটি সেবায় নিজেদেরকে আরো সম্পৃক্ত করার আহ্বান জানান।

ড. মনিরুল ইসলাম বলেন, আজকে সকল বাংলাদেশীদের একটি গর্বের দিন। মহান মুক্তিযুদ্ধের মধ্যদিয়ে আমরা যে স্বাধীনতা অর্জন করেছি, আজ সেটি আরও বেশী মহিমান্বিত হলো। নিউইয়র্ক সিটি মেয়ল কর্তৃক বাংলাদেশ আর বাঙালীরা সম্মানিত হলো।

সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবাসের জনপ্রিয় শিল্পী শাহ মাহবুব, কারুজ্জামান বকুল, ত্রিনিয়া হাসান প্রমুখ সঙ্গীত পরিবেশন করেন। এছাড়ও জনপ্রিয় নৃত্যশিল্পী প্রিয়া ডায়েস ও তার দল দলীয় নৃত্য পরিবেশন করেন। ছবি: নিহার সিদ্দিকী।

সিটি মেয়রের বাসায় বাংলাদেশের স্বাধীনতা দিবস উদযাপন

















নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল অনুষ্ঠিত









(শেষের পাতার পর)

কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। খবর ইউএনএ'র।

প্রেসক্লাবের সভাপতি আবু তাহেরের সভাপতিত্বে অনুষ্ঠিত দোয়া মাহফিলের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম। এরপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ক্লাব সদস্য আবিদুর রহমান। পরবর্তীতে ইসলাম ধর্মে পবিত্র রমজানের গুরুত্ব নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন মুনা'র আল কোরআন দাওয়া সেন্টারের পরিচালক ড. প্রফেসর রুহুল আমীন। তিনি তার বক্তব্যের শেষে 'কোরআন পড়ুন-বুঝুন-মানুন, কোরআনের আলোকে জীবন গড়ুন' এই আহ্বান জানান। এরপর ইফতারের সময় বিশেষ দোয়া ও দরুদ (সা:) পড়ার গুরুত্ব সংক্ষেপে তুলে ধরার পর বিশেষ মুনাজাত পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মওলানা মির্জা আবু জাফর বেগ। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন প্রেসক্লাবের কোষাধ্যক্ষ মওলানা রশীদ আহমদ।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে বিশিষ্ট সমাজসেবী, কমিউনিটি বোর্ড মেম্বার এবং বাংলা সিডিপ্যাপ সর্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ার ইনক'র প্রেসিডেন্ট বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ, বিশিষ্ট রাজনীতিক ও জেবিবিএ'র সভাপতি এবং এল্ডার হোম কেয়ার সার্ভিস-এর প্রেসিডেন্ট গিয়াস আহমেদ, পার্কচেষ্টার রিয়েলটির প্রেসিডেন্ট সালেহ আহমেদ, প্রবীণ নাট্যাভিনেত্রী রেখা আহমদ, আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মোহাম্মদ সাঈদ ও সাধারণ সম্পাদক মনজুরুল হক, আশা হোম কেয়ার সার্ভিস-এর প্রেসিডেন্ট আকাশ রহমান, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সৈয়দ আল আমীন রাসেল, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, রিয়েলটর আজিম উদ্দিন, শোটাইম মিউজিকের আলমগীর খান আলম, জেমিনি সম্পাদক বেলাল আহমেদ, নিউইয়র্ক কাগজ সম্পাদক আফরোজা ইসলাম, সঙ্গীত শিল্পী আলেয়া ফেরদৌস, খলিল বিরিয়ানী হাউজের স্বত্তাধিকারী খলিলুর রহমান, ইয়েলো সোসাইটি নিউইয়র্ক-এর সভাপতি শেখ ইলিয়াস হাবিব প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও ক্লাব কর্মকর্তা ও সদস্যদের মধ্যে মনজুর আহমদ, আনোয়ার হোসাইন মঞ্জু, সাঈদ তারেক, ডা. ওয়াজেদ এ খান, মাহমুদ খান তাসের, জয়নাল আবেদীন, ইব্রাহীম চৌধুরী খোকন, হাবিব রহমান, শেখ সিরাজুল ইসলাম, আকবর হায়দার কিরণ, মমিনুল ইসলাম মজুমদার, এস এ সোলায়মান, ফরিদ আলম, এবিএম সালাহউদ্দিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, রওশন হক, এইচ বি রিতা, ফরিদা ইয়াসমীন, সৈয়দ ইলিয়াস খসরু, আবিদুর রহমান, এবিএম সালেউদ্দিন, মাহাথির খান ফারুকী, সানাউল হক, নাজিম উদ্দিন, সোহেল সোসাইন প্রমুখ।



নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল অনুষ্ঠিত













জ্যাকসন হাইটসে ৭৩ স্ট্রীট এখন বাংলাদেশ স্ট্রীট














(প্রথম পাতার পর)

(প্রথম পাতার পর)রোববার কমিউনিটির প্রতিনিধিত্বশীল ব্যক্তিদের নিয়ে সেটি উদ্বোধন করেন শেখর। এর আগে জামাইকা, ব্রংকস এবং ওজনপার্কে বাংলাদেশের নামে সড়কের নামকরণ হয়েছে। বাংলাদেশী অধ্যুসিত জ্যাকসন হাইটসের ৩৭ এভিনিউ এর ২৩ স্ট্রিটের নামও বাংলাদেশের নামে পুণ: নামকরণের জন্য সিটি কাউন্সিলের কমিটি অন পার্কসে প্রস্তাব করেন স'্নীয় কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান। কিন্ত' যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও বিএনপির নেতারা আলাদা আবেদনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে এবং শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নামে নামকরণের জন্য প্রস্তাব করেন। এতে দেখা দেয় বিপত্তি। দুপক্ষকে ঐক্যমতে পৌঁছাতে কাজ করেন যুক্তরাষ্ট্রে বসবাসরত দল নিরপেক্ষ বাংলাদেশী সুশীল সমাজের প্রতিনিধিরা। এ ব্যাপারে এটর্নি মইন চৌধুরী টাইম টেলিভিশনকে জানান, দুই দলের প্রস্তাবে নিজেদের নেতাদের নাম থাকায় 'বাংলাদেশ' নামটি একটি কমন এবং সার্বজনীন নাম হিসেবে সিটি কাউন্সিল বিবেচনায় নিয়েছে। মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ বলেন, যুক্তরাষ্ট্রে বাংলাদেশের দলীয় রাজনীতি টেনে না আনাই ভালো। বাংলাদেশ আওয়ামী লীগ- বিএনপি সবার দেশ। ফলে দলের চেয়ে দেশের নামেই ঐক্যমত প্রতিষ্ঠা সম্ভব, এবং সেটিই হয়েছে শেষ পর্যন্ত।

এদিকে, পুণ: নামকরণের প্রস্তাব সিটি কাউন্সিল অধিবেশনের চূড়ান্ত অনুমোদন পাওয়ায় রোববার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হলো এই বাংলাদেশ স্ট্রিট।

২৬শে মার্চ বাংলাদেশের স্বাধীনতা দিবসে বাংলাদেশের নামে সড়কটির নামকরণ উদ্বোধন হওয়ায় আনন্দে মেতে ওঠেন নিউয়র্কের বাংলাদেশী কমিউনিটি। বাংলাদেশের স্বাধীনতা দিবসে বাংলাদেশী কমিউনিটির জন্য এটি নিউয়র্ক সিটি কাউন্সিলের এক অনন্য উপহার হিসেবেও মন্তব্য করেন অনেকে।

এদিকে, সড়কটির পুণ:নামকরণের অনুষ্ঠানে বিপুল সংখ্যক বাংলাদেশীর উপস্থিতি রীতিমত এক উৎসবের আবহ তৈরি করে। অনুষ্ঠানে স'্নীয় কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান ছাড়াও বক্তব্য রাখেন কংগ্রেস উইম্যান গ্রেসম্যাং, স্টেট সিনেটর মাইকেল জেনারেস, স্টেট এসেম্বলি উইম্যান জেসিকা গঞ্জালেস রজাস, এসেম্বলি উইম্যান ক্যাটালিনা ক্রোজ, কাউন্সিল উইম্যান লিন্ডা, ডেমোক্রেটিক পার্টির কুইন্স ডিস্ট্রিক্ট লিডার এটর্নি মইন চৌধুরী, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ, নিউয়র্ক মেয়রের এশিয়ান এডভাইজারি কাউন্সিলের সদস্য ফাহাদ সুলায়মান, জ্যাকসন হাইটস বিজনেস এসোসিয়েশনের সভাপতি গিয়াস আহমদ, হারুণ ভূঁইয়া, মাহবুবুর রহমান টুক, বীর মুক্তিযোদ্ধ কমিউনিটি বোর্ড মেম্বার আব্দুল মুকিত চৌধুরী, মহিউদ্দীন দেওয়ান প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন মিলান রহমান।

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

VIVID MORTGAGES® INC.

Crystal Clear Loans®

আপনার স্বপ্নের বাড়ি



ট্যাক্স রিটার্ন ছাড়াই
১ বছর ট্যাক্স রিটার্ন
তুলনামূলক সুদের হার
সর্বনিম্ন ৩.৫% ডাউন পেমেন্ট

আমরা ইসলামিক লোন করি

বিনামূল্যে পরামর্শ ও প্রি-এপ্রুভালের জন্য যোগাযোগ করুন
হোপ সেকিজি **NMLS# 244341**

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com
www.vividmortgages.com

VIVIDMORTGAGES

YOUR DREAM HOUSE



No Tax Returns
1 Year Tax Return
Copmpetitive Interest Rates
Down Payment
as low 3.5%

For Free consultation & Pre-Approval

Hope Sekezi : NMLS # 244341

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com www.vividmortgages.com

211-35 Jamaica Ave. Queens Village, NY 11428

REGISTERED MORTGAGE BROKER NYS DEPARTMENT OF FINANCES SERVICES NMLS # 1279925
ALL LOANS APPROVED THROUGH 3RD PARTY PROVIDERS

EQUAL HOUSING OPPORTUNITY

vividmortgages is registered Traders of vivid mortgage Inc All rights reserved

অভিযুক্ত হলে ‘সম্ভাব্য মৃত্যু ও ধ্বংসযজ্ঞের’ হুঁশিয়ারি ট্রাম্পের

ঢাকা ডেস্ক, ২৬ মার্চ : পর্ন তারকাকে অর্থ প্রদানের জন্য নিউইয়র্কের তদন্তে অভিযুক্ত হলে ‘সম্ভাব্য মৃত্যু এবং ধ্বংসযজ্ঞ’ সম্পর্কে হুঁশিয়ারি দিয়েছেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

গতকাল শুক্রবার হুমকি দিয়ে ডোনাল্ড ট্রাম্প বলেন, পর্নো তারকা স্টার্মি ড্যানিয়েলসের সঙ্গে অবৈধ অর্থ লেনদেনের মামলায় যদি তাকে অভিযুক্ত ও আটক করা হয় তাহলে তা মৃত্যু ও ধ্বংসযজ্ঞ ডেকে আনবে।

ট্রাম্প বলেন, ‘যখন সবাই জানে যে, কোনো অপরাধ হয়নি তখন আমেরিকার একজন সাবেক প্রেসিডেন্টকে অপরাধের দায়ে কোন ধরনের ব্যক্তি অভিযুক্ত করতে পারেন?



ডোনাল্ড ট্রাম্প তার নিজের প্রতিষ্ঠিত সামাজিক যোগাযোগ মাধ্যমে ট্রুথ সোশ্যালে দেয়া এক পোস্টে একথা বলেন।

ম্যানহাটনের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অ্যালভিন ব্র্যাগকে লক্ষ্য করে দৃশ্যত ডোনাল্ড ট্রাম্প এসব কথাবার্তা বলেছেন। যদিও ট্রাম্প তার পোস্টে সরাসরি কারো নাম উল্লেখ করেননি। তবে তিনি বলেছেন, মিথ্যা অভিযোগ গঠন করলে তা আমাদের দেশে হত্যা এবং ধ্বংসযজ্ঞ ডেকে আনবে।

গত সপ্তাহে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি শিগগিরি গ্রেফতার হবেন বলে আশঙ্কা করছেন। নিউইয়র্ক শহরের ম্যানহাটনের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিস তাকে গ্রেফতার করতে পারে বলে আশঙ্কার কথা জানান তিনি।

২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনের আগে সাবেক পর্নো তারকা স্টর্মি ড্যানিয়েলসকে ১ লাখ ৩০ হাজার ডলার দিয়েছিলেন তার মুখ বন্ধ করার জন্য। এই বিষয়টি পরে প্রকাশ হয়ে পড়ে এবং নির্বাচনের আগে এভাবে ঘুষ দিয়ে অপরাধী তার বিরুদ্ধে তদন্ত এবং সাক্ষ্য গ্রহণ চলছে।

টর্নেডোতে বিধ্বস্ত মিসিসিপি; নিহতের সংখ্যা ২৬

ঢাকা ডেস্ক, ২৬ মার্চ : যুক্তরাষ্ট্রের মিসিসিপি অঙ্গরাজ্যে শক্তিশালী টর্নেডোর আঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৬ জনে দাঁড়িয়েছে। তাদের মধ্যে ২৫ জন মিসিসিপির ও অন্য একজন আলাবামা অঙ্গরাজ্যের। শনিবার (২৫ মার্চ) আঘাত হানা টর্নেডোতে অনেক বাড়িঘর বিধ্বস্ত হয়েছে। তাই এখনো চলছে উদ্ধার অভিযান।



মিসিসিপি অঙ্গরাজ্যের গভর্নর টেট রিভস ক্ষয়ক্ষতির প্রতিক্রিয়ায় জরুরি অবস্থা ঘোষণা করেছেন।

তাছাড়া মিসিসিপি থেকে প্রকাশিত ছবিগুলোকে হৃদয়বিদারক বলে আখ্যায়িত করেছেন প্রেসিডেন্ট জো বাইডেন। সেখানে সব ধরনের সহায়তারও আশ্বাস দিয়েছেন তিনি।

এক বিবৃতিতে বাইডেন বলেন, যতদিন লাগে আমরা বিধ্বস্ত এলাকায় কাজ করে। পুনরুদ্ধার প্রক্রিয়ায় সাহায্য করতে একসঙ্গে কাজ করারও ঘোষণা দিয়েছেন তিনি।

বেশ কয়েকটি গ্রামীন শহরেও ধ্বংসযজ্ঞ চালিয়েছে প্রাকৃতিক এই দুর্যোগটি। ভেঙে পড়েছে অসংখ্য গাছ ও বিদ্যুতের লাইন। বিদ্যুৎহীন হয়ে পড়েছে হাজার হাজার মানুষ।

নতুন নিয়োগ দুর্নীতি, ফের চাপে মমতার দল

ঢাকা ডেস্ক: পশ্চিমবঙ্গে স্কুলশিক্ষক নিয়োগ দুর্নীতি নিয়ে ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস দীর্ঘদিন ধরে অস্বস্তিতে আছে। এ অবস্থায় নতুন দুর্নীতির কথা জানতে পেরেছে ভারতের কেন্দ্রীয় তদন্ত সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট বা ইডি। অভিযোগ উঠেছে, রাজ্যের বেশ কয়েকটি পুরসভায় (পৌরসভা) অর্থের বিনিময়ে নিয়োগ দেওয়া হয়েছে।

বিশ্লেষকরা মনে করেন, নতুন এ দুর্নীতির অভিযোগ তৃণমূল কংগ্রেস এবং দলটির নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অস্বস্তি বাড়িয়েছে। খবর বিবিসির।

তৃণমূল কংগ্রেস বলছে, তারা কোনো ধরনের দুর্নীতিকে প্রশ্রয় দেবে না। কিন্তু একই সঙ্গে তারা অভিযোগ তুলেছে, বিগত বামফ্রন্টের আমলেও দুর্নীতি করে অনেক শিক্ষক এবং শিক্ষাকর্মী নিয়োগ হয়েছে, তারও তদন্ত হোক।

শিক্ষক নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত হয়ে ইডির হেফাজতে আছেন পশ্চিমবঙ্গ রাজ্যের সাবেক শিক্ষামন্ত্রী ও তৃণমূল কংগ্রেসের মহাসচিব পার্থ চ্যাটার্জিসহ ছয়জন। ইডি জানিয়েছে, এ পর্যন্ত জব্দ নগদ এবং স্থাবর সম্পত্তির আনুমানিক মূল্য ১১১ কোটি টাকা। ওই দুর্নীতির তদন্ত চালাতে গিয়েই পুরসভায় নিয়োগ দুর্নীতির খোঁজ পায় তারা।

ভারতের কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয়ের তদন্ত শাখা ইডি জানিয়েছে, তারা স্কুলশিক্ষক নিয়োগ দুর্নীতির সূত্র ধরে অয়ন শীল নামে একজনের বাড়িতে তল্লাশি চালাতে গিয়ে এমন কিছু নথি উদ্ধার করে, যার মাধ্যমে রাজ্যের বেশ কিছু পুরসভায় অর্থের বিনিময়ে চাকরি দেওয়া হয়েছে বলে তারা ধারণা পায়। তদন্ত সংস্থা বলছে, তারা অয়ন শীলের বাড়ি এবং আগেই গ্রেপ্তার হওয়া শান্তনু ব্যানার্জির বাড়ি, অফিসসহ ৯টি জায়গায় তল্লাশি চালান। এ সময় প্রাপ্ত নথি থেকে তারা নতুন দুর্নীতির তথ্য জানতে পারে।

গ্রেপ্তার হওয়া তৃণমূল কংগ্রেস নেতা শান্তনু ব্যানার্জির ঘনিষ্ঠজন এ অয়ন শীল। তাঁর একটি নিয়োগ পরীক্ষা ব্যবস্থাপনা সংস্থা আছে। দক্ষিণ বঙ্গের ছয়টি পুরসভায় বিভিন্ন স্তরে নিয়োগের জন্য ওই সংস্থাটিকে বরাত দেওয়া হয় বলে তদন্তকারীরা জানতে পেরেছেন। অয়নের বিরুদ্ধে অর্থের বিনিময়ে নিয়োগ, পরীক্ষার খাতা জালিয়াতি ও রাজনৈতিক চাপ সৃষ্টির অভিযোগ রয়েছে। তদন্তকারীদের ধারণা, বেআইনিভাবে নিয়োগ পাওয়াদের সংখ্যা কয়েক হাজার হতে পারে।

তবে তৃণমূল কংগ্রেস বলছে, তারা দুর্নীতির সঙ্গে কখনোই আসপ করেনি। দলের মহাসচিব ও মন্ত্রী হওয়া সত্ত্বেও পার্থ চ্যাটার্জিকে দল আর মন্ত্রিসভা থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

sunman express
global money transfer
Licensed as a Money Transmitter by the New York State Department of Financial Services.
Fast, Secure & Reliable Remittance
আরো একধাপ এগিয়ে
UCB
SUNMAN GLOBAL EXPRESS CORP. partnership with UNITED COMMERCIAL BANK PLC
TOTAL BRANCHES 223
ATM 353
SUB BRANCHES 140
UCB UNITED COMMERCIAL BANK LIMITED
UPAY WALLET HOLDER 7 MILLION
AGENT BANKING OUTLETS 249
1 LAC ATM CRM 661
3% Incentive UCBL Cash
Pickup transaction (2.5%+.50Extra)
NO FEES
Mobile Wallet
Cash Pickup
Bank Deposit
bKash
উপায়
Remittance Partner
Agrani Bank Limited
Uttara Bank Limited
SBAC Bank Limited
JAMUNABANK
DHAKABANK LIMITED EXCELLENCE IN BANKING
aibl Al-Arafah Islami Bank Limited
Southeast Bank Limited
Social Islami Bank Limited
UNITED COMMERCIAL BANK LIMITED UCB
Sunman Global Express Corp.
Licensed as a Money Transmitter by the New York State Department of Financial Services.
HEAD OFFICE
3714 73rd Street (Suite-201),
Jackson Heights, NY-11372
Phone: 718-505-2224
JACKSON HEIGHTS BRANCH
37-17 74th Street (1st FL)
Jackson Heights, NY-11372
Phone: 718-565-5052
JAMAICA BRANCH
167-05 Hillside Ave.
Jamaica, NY-11432
Phone: 718-297-3443
ASTORIA BRANCH
29-24 36 Avenue
L.I.C, NY- 11106
Phone: 718-729-0600
www.sunmanexpress.com

হে ঈমানদারগণ! তোমাদের ওপর রোজা ফরয করা হলো। যেমন ফরজ করা হয়েছিল তোমাদের পূর্ববর্তীদের ওপর। যাতে তোমরা তাকওয়া অর্জন করতে পারো।
সুরা বাকারা, আয়াত ১৮৩। ।

ঈদ মোবারক

এর
শুভেচ্ছা



“আমরা সৌভাগ্যবান। আত্মশুদ্ধি অর্জনের সুমহান সময় আমাদের মাঝে সমুপস্থিত। সংযম, আত্মজিজ্ঞাসা ও শুদ্ধাচারের ভেতর দিয়ে জীবনের পূর্ণতা অর্জনের প্রয়াস পেয়েছি। আল্লাহ আমাদের পবিত্র নিয়ত পূরণ করুন। আমীন।”


আবু জাফর মাহমুদ
প্রেসিডেন্ট এণ্ড সিইও
বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ইনক্ ও অ্যালেগ্রা হোম কেয়ার ইনক্
প্রেসিডেন্ট, জয় বাংলাদেশ ইনক্।
৭২-২৬ ব্রডওয়ে (২য় তলা), জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক-১১৩৭২।
ফোন : ৬৪৬ ৭৬৯ ০৯৬৬
ইমেইল : netlake111@gmail.com

BANGLA CDPAP SERVICES
www.banglacdpap.com
888-212-3237
info@banglacdpap.com

বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ইনক্
অ্যালেগ্রা হোম কেয়ার ইনক্

ALEGRA® HOME CARE INC.
Care With Love Is Humanity
www.alegracare.com
888-212-3237
info@alegracare.com

মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা



জ্যাকসন হাইটস্ এর ৭৩ স্ট্রিট এখন
বাংলাদেশ স্ট্রিট
প্রস্তাবের জন্য কাউন্সিলম্যান শেখর কৃষ্ণাণ এবং
অনুমোদনের জন্য নিউইয়র্ক সিটি কাউন্সিলের কাছে
বাংলাদেশিরা কৃতজ্ঞ





সাহিত্য সাময়িকী

একাত্তরের বসন্ত আখ্যান
দুখু বাঙাল

শরতের আকাশজুড়ে শকুনের পাখা হয়ে ছিল সব ঘন কালো মেঘ
এরই মাঝে শীত এসে একদিন কানে কানে বলে গেল আমাদের
এবার আমি আসিব না– আনন্দ-বেদনা হয়ে আসিবে দুজন
সেই থেকে পথ চাওয়া, প্রহর গোনার দিন দিবস-রজনী
তবে আগাগোড়া গ্রীষ্ম ছিল, আমরা যার খরতাপে হয়েছি অঙ্গার
বর্ষা সেও আসিল কি আসিল না বুঝে ওঠা ছিল অতি-ভার
কারণ, নিজেরাই বৃষ্টি হয়ে সবুজ এক জমিনের স্বপ্ন বুনেছিলাম
এবং রক্তের ঝর্ণা হয়ে অবিরাম বিজয়ের ছবি এঁকেছিলাম
ডিসেম্বর– চিরকাল কনকনে শীতঝরা পৌষের উত্তুরে হাওয়া
ষড়ঋতুর এই দেশে প্রকৃতির নিয়ম ভাঙলে সে-ই একবার
কার আগমনে এত ছাড়? তবে কি আসিবে ঋতুরাজ!
অবশেষে যমজ ভাইয়ের মতো এসেছিলে শুভক্ষণে ওরা দুই জন
ঝরাপাতার মর্মর ধ্বনি তুলে শূন্যতায় বিস্তারিয়া বিষাদের ছায়া
সমুদ্রের বার্তা নিয়ে বইছিল ক্ষণে ক্ষণে দক্ষিণের অদম্য বাতাস
ডিসেম্বর,৭১– পৌষ আসিলেও শীত আসিল না, আসিল না পাখি
শীত তার কথা রাখিয়াছে– হেমন্তের হাত ধরে বসন্ত এসেছে
বহুদিন পরে ঠিক চোখে পড়ল শূন্যে সঙ্গমরত যুগল ফড়িং
হেমন্তের খা খা মাঠে ত্রিশ লক্ষ বাংলানাম চিকচিকে সোনা হয়ে গেল
সম্ভ্রম লুণ্ঠিত দুই লক্ষ গৃহকলা পিতৃছায়ায় বসন্তের ফুল হয়ে গেল
জলদগম্ভীর স্বরে আলোড়িত হতে থাকল আমাদের ভিতর বাহির–
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা....

অবাধ
কাজী আতীক

তোমার হাজার দোয়ারি প্রাসাদ
তুমি শক্ত করে খিল এঁটেছো ভেতর বাহির
সদর দরোজায় তালা দিয়েছো- লুকিয়ে রেখেছো চাবি,
রুদ্ধ তোমার বাহির বাড়ী ভেতরে যাবার পথ।

আমার দুই দোয়ারি তালা বিহীন ক্ষুদ্র কুঁড়েঘর
ভেতর বাহির আসা যাওয়ার অবাধ আয়োজন।
আমার ঘরের উঠোন, হাত বাড়ালেই আকাশ ছোঁয়া যায়
আর পা' বাড়ালে- বনানী নদী পর্বত ও সাগর।

তোমার টালবাহানা হাজার আলগা কপট কূটকৌশল
হয়তো আয়েশি যাপন তবু এক শৃঙ্খল, নাভিশ্বাস জীবন,
আমার সে ঘর খোলা জানালা বিস্তীর্ণ প্রান্তর
যেখানে অবাধ বাতাস অবাধ আলো উর্বরা বৃষ্টি অঝোর।

একাত্তরের চিঠি
দুলাল সরকার

মনে পড়ে, মনে পড়ে একাত্তরের মুক্তিযুদ্ধ?
আমি তখন পঙ্গু হয়ে যুদ্ধক্ষেত্রে শুয়ে আছি
বাঙ্কারের এক গোপন সন্ধ্যাকাশে
তখন কেবল চাঁদ উঠেছে-
আমি তোমার প্রেরিত চিঠিখানি
বাঙ্কারের এক গভীর খাদে শুয়ে
খুলেছি বুক থেকে.....
শেষ চিঠিটি তোমার, যেন আমি
যুদ্ধ জয়ের পতাকা হাতে তোমাকে ডাকি,
সদ্যজাত মেয়েটির নাম রেখেছ জয়ীতা.... একলা প্রজাপতি.....
লিখেছ আরও আমার অপেক্ষাতে তোমার চোখে ঘুম আসে না..... নদীর ঘাটে গিয়ে
সন্ধ্যা তোমার বন্ধ্যা সময়
মেয়েটি কোলে করে তুমি আমার গল্প শোনাও..... মেয়েটি বড়
হয়ে অন্য কোনো যুদ্ধে যাবে..... অন্য কোনো রোদেলা দুপুরে....
জয়ীতা আমার রৌদ্র হবে,স্বাধীনতার রোদের ডানা পরে।

প্রমিথিউস
শেখর ভট্টাচার্য

নির্জীব মানব দেহে অলৌকিক ফুঁ দিলেন দেবী এথেনা,

দেহে সঞ্চারিত হলো প্রাণ। সতেজ, স-প্রাণ দেহে
ষড়রিপুর সহচর হলো আবেগ, বুদ্ধি আর ভালোবাসা।
বাতাসের বেগে ছুটে চলতে চায় আবেগ, ছুটে চলে
স্বর্গ, মর্ত্য, পাতাল।
ঝকঝকে এক্সপ্রেস হাইওয়ে কিংবা সীমান্তহীন আকাশে
পতাকার মতো পতপত করে উড়ে আবেগ, শোনাতে চায়
মুক্তি ও স্বাধীনতার গান।

আতঙ্কগ্রস্থ দেবরাজ জিউস স্বাধীনতার পায়ে শেকল পরালেন,
মুক্তি ও স্বাধীনতার নায়ক প্রমিথিউসের হৃদপিন্ড ঠুকরে ঠুকরে খায়
জিউসের নিষ্ঠুর ঈগল।
প্রমিথিউসীয় আবেগে মুহূর্তে সবুজ হয়ে যায় ধূসর বনভূমি
সবুজ অরণ্যে লাল অক্ষরে লেখা হয় মুক্তির বার্তা।

প্রখর সূর্য তাপ দোআঁশ মাটি থেকে শুষে নেয় চন্ডীদাসের বাণী,
পঞ্চদশ শতাব্দী থেকে রবীন্দ্রনাথ, নজরুল হয়ে
আবির্ভাব হয় এক নির্ভীক জাদুকরের,
তর্জনীর গোলকে তার পৃথিবীর সব না-দেখা স্বপ্ন,
স্বপ্নের ঝান্ডাকে সাড়ে সাত কোটি হাত দিয়ে উড়িয়ে দেন
সুবর্ণ পলির ভালোবাসাময় রূপকথার প্রান্তরে।
রূপকথার নায়ক প্রমিথিউস, নির্ভয়ে সকলেই ডাকে
শেখের ব্যাটা, মুজিব, শেখ সাহেব, বঙ্গবন্ধু

কী আমি দেখতে চেয়েছি
মেহেদী ইকবাল

আমি যা দেখছি, দেখতে চাইনি কখনও
না দেখতে চাওয়ার কথা বলেছি কতবার
যে সকাল দেখছি আমি, আসলে কি সকাল?
দেখতে চেয়েছি ছবি সুলতানের
উঠোনে কূটছে মাছ জননী বাংলার
পিঁড়িতে আনন্দিত শিশুরা আছে বসে
নিকটেই আছে বসে নিরিহ এক বেড়াল।

আমি যা দেখছি, দেখতে চাইনি কখনও
যে সকাল দেখছি আমি, আসলে কি সকাল?
কী আমি দেখতে চেয়েছি
হাসিমুখ শিশুদের
দেখতে কী চেয়েছি আমি

হবে চুরি শিশুর খাবার!

মার্চ
বেনজির শিকদার

মার্চ সেই মাস; যেমাসে আছে একটি অনির্বাণ সাত তারিখ।
যে সাতে বঙ্গবন্ধুর হস্তাঙুলে ছিল অনিবার্য স্বাধীনতার ডাক।
তার হিমালয়-সম তর্জনির আকাশবিদীর্ণ গর্জনে
অর্জিত হয়েছিল স্বাধীনতা।

মার্চ সেই মাস; যেমাসে আছে একটি অবগুণ্ঠিত পঁচিশ তারিখ!
যে পঁচিশের পৈশাচিক অন্ধকার-
অত্যোজ্জ্বল সূর্যকে আজও ঢেকে রাখতে সক্ষম।
কালো অধ্যায় হয়ে ঘৃণার্হের অমোঘ খেয়ালে
পঁচিশে-মার্চ আজও লেপ্টে আছে প্রতিটি জখমদেয়ালে।

অনুসন্ধিৎসু মনে মার্চ আমার প্রবল উদ্দামের নাম।
নিরীহ বাঙালীর ওপর সশস্ত্র হামলা-
মার্চ মানেই ঘুরে দাঁড়ানো প্রবলতেজি মুক্তিসেনার ঘাম।

মার্চ স্বাধীনতার মাস; আমার জলবৎ শেকড়ের ভিত!
মার্চ এলেই মুক্তির স্বাদ পাই, স্মরি শহিদের আত্মদান;
আমি স্মৃতি ও প্রীতিকাতর বাঙালী; বুকে বাঁধা দেদীপ্যমান অমূল্য অতীত।

ছিল সেটি মৃত্যু উপত্যকা
তমিজ উদ্ দীন লোদী

ছিল সেটি মৃত্যু উপত্যকা। আমাদের শিক্ষালয়ের দেয়ালের ফোকর
দিয়ে আমরা দেখতাম মৃত্যু । আছড়ে পড়া মানুষের আর্তনাদ।
বুলেটে ঝাঁঝরা দেহ ওরা টেনে নিয়ে যেত শেয়াল কি কুকুরের দেহের
মতন। সেইসব দিন ছিল শীতলতম। হিমধরা শবের ধরণ।

ছিল শঙ্কা, ত্রাস, হিমধরানো ও অনিশ্চয়তার দিনরাত্রি।

তারপর তুমি এলে, স্বাধীনতা। যেন প্রেমিক এলো দীর্ঘ প্রতীক্ষার পর।
আকাশ জুড়ে স্বপ্নময় প্রতীক্ষা নক্ষত্রের মতো হেসে উঠলো ।
কোথায় যেন উধাও হয়ে গেল বিষণ্ন গোধূলি। কোনো সতর্কসংকেত
ছাড়া চুপচাপ বৃষ্টি পড়তে থাকল অবিরাম।

আকাশে আকাশে রঙধনু , হাউই উড়ল। যুদ্ধফেরৎ ভাইয়ের হাত
থেকে অস্ত্র নিয়ে আকাশে গুলি ছুড়লো উৎফুল্ল কিশোর। শঙ্কা,
ভয় কি ত্রাসের বিপরীতে হাস্যোজ্জ্বল তুমি এলে আমাদের প্রতিটি
সহনশীল ও সাহসী ঘরের চৌকাঠে।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549



সেহরির পর পরীমনির স্ট্যাটাস

বিনোদন ডেস্ক: পবিত্র রমজান মাসে রোজা পালন করছেন বিশ্বের ধর্মপ্রাণ মুসলিমরা। সেই ধারাবাহিকতায় রোজা রেখেছেন ঢাকাই চলচ্চিত্রের জনপ্রিয় চিত্রনায়িকা পরীমনি। রমজানের প্রথম সেহরি খাওয়ার বিষয়টি অভিনেত্রী নিজেই জানিয়েছেন।

একই সঙ্গে জানালেন তাদের সেহরি খাওয়ার সময় সাত মাস বয়সি খুদে ছেলে শাহীম মুহাম্মদ রাজ্য খেতে খেতে ঘুমিয়ে পড়েছেন।

শুক্রবার (২৪ মার্চ) ভোর সোয়া ৪টার দিকে নিজ ফেসবুক ভেরিফায়েড পেজে ছেলের ঘুমিয়ে পড়ার একটি ছবি দিয়ে অভিনেত্রী নিজেই এ কথা জানিয়েছেন।

ছবিতে দেখা যাচ্ছে, গোলাপি রঙের একটি পাত্রে খাবার। আর পেছনে ঘুমিয়ে পড়া ছেলে রাজ্য। অভিনেত্রী ক্যাপশনে লিখেছেন– আমাদের সেহরি শেষ, আলহামদুলিল্লাহ। আমার বাজান খেতে খেতে ঘুমমম।

চিত্রনায়িকার এ ছবিটি পোস্ট করার পর নজর পড়েছে অনুরাগীদের মধ্যে। মাত্র দু-ঘণ্টায় প্রায় ৩০ হাজার রিঅ্যাকশন পড়েছে ছবিটিতে। তবে মন্তব্যের সুযোগ না থাকায় কেউ কিছু লিখতে পারেননি সেখানে।

সালমানকে হত্যার হুমকি, তদন্তে নতুন মোড়

বিনোদন ডেস্ক: সালমান খানকে যে ইমেইলের মাধ্যমে হত্যার হুমকি দেওয়া হয়েছে সেই ইমেইল অ্যাকাউন্ট খুলতে ব্যবহার করা হয়েছে যুক্তরাজ্যের একটি মোবাইল নাম্বার। পুলিশি তদন্তে এমন তথ্য উঠে এসেছে।

গত ১৮ মার্চ শনিবার হুমকির সঙ্গে সঙ্গে সালমানের ব্যবস্থাপক প্রশান্ত গুঞ্জালকর মুম্বাইয়ের বান্দ্রা পুলিশ স্টেশনে অভিযোগ করেছেন। এ মামলায় বান্দ্রা পুলিশ আইপিসির ধারা ৫০৬ (২), ১২০ (বি), এবং ৩৪ অনুযায়ী গ্যাংস্টার লরেন্স বিষ্ণোই, গোল্ডি বরাড়, আর রোহিত বরাডের বিরুদ্ধে মামলা করেছে। আপাতত সালমান খানের বাড়ির চারপাশ নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে মুম্বাই পুলিশের পক্ষ থেকে।



এর আগে এ ঘটনার পর গ্রেফতার করা হয়েছে লরেন্স বিষ্ণোই এবং গোল্ডি ব্রারকে। আপাতত তিহার জেলে রয়েছেন তারা। অভিনেতাকে হুমকির সুরে লরেন্স বলেছিলেন, বিষ্ণোই সম্প্রদায়ের কাছে ক্ষমা চাইতে হবে অভিনেতাকে। তাদের গ্রামের মন্দিরে গিয়ে ক্ষমা চেয়ে আসতে হবে। না হলে খুন করা হবে তাকে।

সালমানকে এখন Y+ ক্যাটাগরির সুরক্ষা দেওয়া হয়েছে। গত নভেম্বরে তার ভাই সোহেল খান এবং তার ব্যক্তিগত সিকিউরিটি গার্ড এসে ভেন্যু পর্যবেক্ষণ করে গেছেন; যাতে অভিনেতার নিরাপত্তা নিয়ে কোনো প্রশ্ন না ওঠে।

এদিকে সালমান খানের কলকাতার শো স্থগিত হয়ে গেল অনির্দিষ্টকালের জন্য। তবে বাতিল হয়নি। এমনই খবর প্রকাশ্যে এলো অর্গানাইজারদের তরফে। তাদের তরফে জানানো হয় নিরাপত্তার কথা ভেবে এই শো স্থগিত করা হয়েছে। মে থেকে জুনের মধ্যে কোনো এক সময়ে এ শো অনুষ্ঠিত হবে। এই শোতে কেবল সালমান নন, বলিউডের একাধিক তাবড় তাবড় অভিনেতার আসার কথা ছিল। এদের মধ্যে আছেন সোনাক্ষী সিনহা, জ্যাকুলিন ফার্নান্দেজ, প্রভু দেবা, আয়ুষ শর্মা প্রমুখ।

শাকিব খানের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ যা বললেন সেই নারী এবং অন্যরা

বিনোদন ডেস্ক: বাংলাদেশের শীর্ষ চলচ্চিত্র তারকা শাকিব খানের বিরুদ্ধে এক নারী সহপ্রযোজককে ধর্ষণের অভিযোগ এনেছেন আরেক প্রযোজক রহমত উল্লাহ। এ পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার (২৩ মার্চ) রহমত উল্লাহর বিরুদ্ধে মানহানি ও চাঁদাবাজির অভিযোগে নালিশি মামলা করেন চিত্রনায়ক শাকিব খান। ঢাকার সিএমএম আদালতে তিনি মামলাটি করেন। ২০১৬ সালে সিডনিতে আসলে কী ঘটেছিল? অস্ট্রেলিয়া থেকে অভিযোগকারী, ভুক্তভোগী, পরিচালক, প্রযোজক এবং অভিযুক্ত তারকার সঙ্গে কথা বলে জানার চেষ্টা করেছেন প্রথম আলো।

২০১৬ সালে অস্ট্রেলিয়ার সিডনিতে 'অপারেশন অগ্নিপথ' সিনেমার দৃশ্য ধারণের জন্য গিয়েছিলেন শাকিব খান। চলচ্চিত্রটির অস্ট্রেলিয়া অংশের অন্যতম প্রযোজক মাহিন আবেদীন বলেছেন, 'চুক্তিপত্র অনুসারে বাংলাদেশের প্রযোজনা প্রতিষ্ঠান ভারটেক্স প্রোডাকশন হাউস ও অস্ট্রেলিয়ার প্রযোজনা প্রতিষ্ঠান সিনেফ্যাক্টের অর্থায়নে সিনেমাটি তৈরির কথা ছিল। সিনেফ্যাক্টের তিন প্রযোজকের একজন রহমত উল্লাহ। বাংলাদেশ, থাইল্যান্ড ও অস্ট্রেলিয়া–এই তিন দেশে চলচ্চিত্রটির দৃশ্যায়নের কথা ছিল। অস্ট্রেলিয়ার শুটিংয়ের জন্য ২০১৬ সালের ৩১ আগস্ট প্রথমবারের মতো সিডনিতে আসেন শাকিব খান। আশিকুর রহমানের পরিচালনায় বেশ কয়েক দিন সিনেমার শুটিং চলে। তবে বর্তমানে বাংলাদেশে যে অভিযোগ করা হয়েছে, সে সম্পর্কে আমরা অর্থাৎ বাংলাদেশের ভারটেক্স প্রোডাকশন হাউসের কর্ণধার ও অস্ট্রেলিয়ার সিনেফ্যাক্টের অন্যরা কিছু জানি না।'

পুলিশ প্রতিবেদনে যা আছে

অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস রাজ্য পুলিশের 'ইভেন্ট রেফারেন্স নম্বর ৬২৪৯৪৯৫৯'-এর তথ্যমতে, শাকিব খান রানার (ঢালিউড তারকার ডাকনাম) বিরুদ্ধে একটি পুলিশ প্রতিবেদনের অস্তিত্ব রয়েছে। ইভেন্টকে বাংলাদেশের সাধারণ ডায়রির (জিডি) সমতুল্য বলা যায়। সেখানে ঘটনাবলির সারসংক্ষেপে বলা আছে, '২০১৬ সালের ১৩ সেপ্টেম্বর শাকিব খান সিডনিতে একটি ঘরোয়া অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন। এরপর মধ্যরাতে শাকিব খান হোটেলে ফিরে যান। সেখানে একটি অপ্রত্যাশিত পরিস্থিতির সৃষ্টি হলে শাকিব খান ও সহপ্রযোজক এক নারীকে (নাম প্রকাশ করা হয়নি) হোটেলে রেখে নিজ বাড়িতে চলে যান রহমত উল্লাহ। পরদিন ১৪ সেপ্টেম্বর সকালে সেই নারীর ফোন পেয়ে তিনি আবার সেই হোটেলে যান এবং সেখান থেকে তাঁকে বাড়িতে নামিয়ে দিয়ে আসেন। একই দিন একটি হাসপাতালের প্রতিবেদনের ওপর ভিত্তি করে সিডনির সেন্ট জর্জ থানায় একটি বক্তব্য দেন ওই নারী। এ বক্তব্যের সাক্ষ্য হিসেবে পুলিশের কাছে বয়ান দেন রহমত উল্লাহ। পরদিন শাকিব খান অস্ট্রেলিয়া ত্যাগ করেন।'

পুলিশি তদন্ত

মূল অভিযোগের শেষ হালনাগাদ করা হয় ২০২২ সালের ৪ নভেম্বর। ২০১৬ সালের অভিযোগটির পুলিশি তদন্তের ফলাফল কী, পাবলিক রেকর্ডে তার উল্লেখ নেই। তবে অভিযোগের শুরুতে পুলিশ লিখেছে, 'ইভেন্ট ক্ল্যাসিফিকেশন: অ্যাকপ্টেটেড, স্ট্যাটাস: ভেরিফায়েড (ঘটনার ধরন: গৃহীত, হাল/অবস্থা: যাচাইকৃত)।' এ ছাড়া ২০১৮ সালের জানুয়ারির শেষ সপ্তাহে একই পরিচালকের সুপারহিরো চলচ্চিত্রের শুটিং করতে আবার অস্ট্রেলিয়ায় প্রবেশ করেছিলেন শাকিব খান। সেখানে অবস্থানকালে (২০১৮ সালের ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ) ২০১৬ সালের যৌন নিপীড়নের অভিযোগ নিয়ে পুলিশ আবার তাঁকে জেরা করে।



নাম প্রকাশ না করার শর্তে একটি ঘনিষ্ঠ সূত্র জানিয়েছে, পূর্বের সেই অভিযোগে দ্বিতীয়বার জিজ্ঞাসাবাদ করতে পুলিশ শাকিবের হোটেলে যায়। তখন শাকিব খানকে অনেকক্ষণ ধরে জিজ্ঞাসাবাদ করে পুলিশ।

অস্ট্রেলিয়ায় আমার বিরুদ্ধে মামলা হলে আমি সেখান থেকে আসতে পারতাম না। অস্ট্রেলিয়ার প্রশাসনের ওপর লোকটার (রহমত উল্লাহ) কোনো আস্থাই নেই। ওটা কোনো কেস নম্বর নয়, ইভেন্ট নম্বর। ওনার পরতে পরতে মিথ্যা। তাঁর একটাই কথা, "টাকা দেন।" ইটস আ ট্র্যাপ।'

রহমত উল্লাহর অভিযোগ

বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতিকে দেওয়া চিঠি ও অস্ট্রেলিয়ার পুলিশের কাছে দেওয়া জবানবন্দিতে শাকিব খানের অপেশাদারত্বকেই প্রধান অভিযোগ হিসেবে চিহ্নিত করেছেন 'অপারেশন অগ্নিপথ' সিনেমার সহপ্রযোজক রহমত উল্লাহ। দুই ক্ষেত্রেই মূল অভিযোগগুলো হলো, 'সময়মতো শুটিং স্পটে উপস্থিত না হওয়া, প্রয়োজনীয় সময় না দেওয়া, অপ্রত্যাশিত আবদার, অপেশাদার আচরণ, সিনেমার শুটিং সম্পূর্ণ না করা এবং সহপ্রযোজক নারীকে ধর্ষণ।'

থানায় অভিযোগ করা হলেও ভুক্তভোগী নারীর সামাজিক লাঞ্ছনার ভয়ে বিষয়টি দীর্ঘদিন জনসম্মুখে আনা হয়নি বলে উল্লেখ করেন রহমত উল্লাহ। অপারেশন অগ্নিপথ নির্মাণে বিপুল অর্থ ব্যয় এবং সিনেমাটি অসম্পূর্ণ থাকায় আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন বলেও অভিযোগ করেন তিনি। তাই আর্থিক ক্ষতিপূরণ দাবি করেছেন তিনি।

'ভুক্তভোগী' নারীর বক্তব্য

পুলিশের নথিতে বাংলাদেশি বংশোদ্ভূত যে অস্ট্রেলিয়ান নারীর প্রসঙ্গ এসেছে, তাঁর সঙ্গেও মুঠোফোনে কথা বলেছেন এই প্রতিবেদক। ওই নারী তাঁকে জানিয়েছেন, 'বাংলাদেশে আমার প্রসঙ্গ টেনে আমার হয়ে যে অভিযোগ করা হয়েছে, সে সম্পর্কে আমি কিছুই জানি না। সিনেমাটি সম্পূর্ণ করা হবে কি না, তা নিয়েও আমরা কোনো সিদ্ধান্ত নিইনি। আর আমার ব্যক্তিগত ঘটনা নিয়ে যেসব কথা হচ্ছে, তার জন্য আমি কাউকে অনুমতি দিইনি। এমনকি এই প্রসঙ্গ নিয়ে যে পদক্ষেপ গ্রহণ করা হবে, তা-ও আমি জানতাম না। ২০১৬ সালের অভিযোগটি এখনো তদন্তাধীন। কী করব, তা ভবিষ্যতে বিবেচনা করব। এখন আমি এসব নিয়ে ভাবছি না।'

আইনজীবীর মতামত

শাকিব খানের বিরুদ্ধে আনা অভিযোগ প্রসঙ্গে নাম প্রকাশ না করার শর্তে অস্ট্রেলিয়ার এক অভিবাসন আইনজীবী বলেন, 'দেশটির অভিবাসন আইনের ১১৬ (১) (ই) ধারা অনুযায়ী, কোনো ভিসাধারকের উপস্থিতি যদি অস্ট্রেলিয়ান সম্প্রদায়ের কারও স্বাস্থ্য, নিরাপত্তা বা সামাজিক শৃঙ্খলায় ঝুঁকি তৈরি করে, তাহলে তাঁর ভিসা বাতিল করা যায়।' অন্যদিকে যৌন নিপীড়নে ভুক্তভোগী ব্যক্তি যেকোনো সময় অভিযোগ করতে পারেন। তিনি চাইলে পূর্বের অভিযোগ আবারও আনার আবেদন করতে পারেন পুলিশের কাছে। তবে অভিযুক্ত ব্যক্তি দায়ী কি না, তা নির্ধারণ করবেন আদালত।'

শাকিবের বক্তব্য

বিষয়টি নিয়ে যোগাযোগ করা হলে শাকিব খান বলেন, তাঁর বিরুদ্ধে আনা অভিযোগ পুরোপুরি মিথ্যা। তিনি বলেন, 'প্রযোজক নামধারী এই প্রতারক যেন দেশ ছেড়ে পালাতে না পারেন, সে কারণে আইনি ব্যবস্থা নিতে থানায় গিয়েছিলাম। যেকোনো কারণেই হোক, থানা মামলা নেয়নি। পরে আমি ডিবিতে অভিযোগ করি। মিথ্যা অভিযোগের সুরাহা না হওয়া পর্যন্ত যেন অন্যায় অভিযোগকারী দেশ ছাড়তে না পারেন, সেটাই আমি চেয়েছিলাম। কিন্তু শুনেছি, দেশ ছেড়ে তিনি পালিয়েছেন। যদি তাঁর কথা সত্যিই হতো, তাহলে তিনি তড়িঘড়ি করে দেশ ছেড়ে পালাতেন না।'

শাকিব খান বলেন, 'অস্ট্রেলিয়ায় আমার বিরুদ্ধে মামলা হলে আমি সেখান থেকে আসতে পারতাম না। অস্ট্রেলিয়ার প্রশাসনের ওপর লোকটার (রহমত উল্লাহ) কোনো আস্থাই নেই। ওটা কোনো কেস নম্বর নয়, ইভেন্ট নম্বর। ওনার পরতে পরতে মিথ্যা। তাঁর একটাই কথা, "টাকা দেন।" ইটস আ ট্র্যাপ।'

শাকিবের আইনজীবীর বক্তব্য

গত সোমবার রাতে শাকিবের অস্ট্রেলীয় আইনজীবী উপল আমিন একটি ভিডিও বার্তা দিয়েছেন। বার্তার শুরুতেই উপল আমিন বলেন, 'অস্ট্রেলিয়ায় যে কেউ পুলিশ স্টেশনে গিয়ে যেকোনো ব্যাপারে রিপোর্ট করলে তাঁকে একটা ইভেন্ট নম্বর দেওয়া হয়। বাংলাদেশে জিডি বলা হয়। আর আমাদের অস্ট্রেলিয়ায় ইভেন্ট নম্বর বলা হয়। দুটি জিনিস কিন্তু একই। এখন একটা ইভেন্ট নম্বর পাওয়া মানে এই নয় যে কারও নামে কোনো মামলা হয়েছে। বাংলাদেশে তাঁর বিরুদ্ধে যা প্রোপাগান্ডা চলছে, আমি মনে করি, তা সম্পূর্ণ উদ্দেশ্যমূলক। শাকিব খানের বিরুদ্ধে যে অভিযোগ রহমত উল্লাহ এনেছেন, এটা একটা অর্থনৈতিক চক্রান্ত।'

যা বললেন পরিচালক

অভিযোগ প্রসঙ্গে পরিচালক আশিকুর রহমান বলেন, 'যদি অনৈতিক কোনো কাজ কেউ করে থাকেন, তাহলে তা যেকোনো দেশের আইনেই অপরাধযোগ্য এবং আমাদের সবারই সেটার বিচার চাওয়া উচিত। কিন্তু ঘটনার বদলে টাকা বা অন্য কোনো সুবিধা চাওয়াটা পুরোপুরি অগ্রহণযোগ্য।'



ব্রাজিলকে হারাল মরক্কো

ঢাকা ডেস্কঃ কাতার বিশ্বকাপে সবচেয়ে বড় চমক দেখানো মরক্কো এবার ২-১ গোলে হারাল পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিলকে।

রোববার (২৬ মার্চ) ভোর ৪টায় তাঞ্জিয়ারে আন্তর্জাতিক প্রীতি ম্যাচে মুখোমুখি হয় দু'দল। এই ম্যাচ উপলক্ষ্যে তরুণ নির্ভর দল ঘোষণা করে ব্রাজিলের অভ্যন্তরীণ কোচ র‍্যামন মেনেজেস। এরপরই তিনি বিশ্বকাপ দলের অনেককে বাদ দিয়ে দল গড়ায় সমালোচনার মুখে পড়েন। টানা দুই বিশ্বকাপে ব্যর্থতার দায় নিয়ে কাতার থেকে দেশে ফিরেই পদত্যাগ করেন দলটির কোচ তিতে।

এর আগেই পুরো মৌসুমের জন্য ছিটকে গেছেন নেইমার। ইনজুরির কারণে নেই দলের নিয়মিত অধিনায়ক ডি সিলভা। নতুন দলে রাখা হয়নি সাম্প্রতিক সময়ে ফর্মে থাকা বার্সেলোনা ফরোয়ার্ড রাফিনিয়া, আর্সেনালের গ্যাব্রিয়েল মার্টিনেল্লি ও মি-ডফিল্ডার ব্রুনো গুইমারেস। তবুও ম্যাচে বিশ্বচ্যাম্পিয়নরা ভালো ফলের আশা নিয়েই নতুন শুরু করতে চেয়েছিল।

আরেকটা কারণেও মরক্কোর বিপক্ষে ম্যাচটি ছিল বিশেষ। কিংবদন্তি পেলের মৃত্যুর পর এই প্রথম ব্রাজিলের মাঠে নামা। ম্যাচের শুরুতে তাই পেলেকে স্মরণ এবং প্রত্যেক খেলোয়াড়ের জার্সির পেছনেও ছিল ফুটবল-রাজার নাম। এসব উপলক্ষ্যও যেন ব্রাজিলকে উজ্জীবিত করতে পারেনি!

ম্যাচের শুরু থেকেই তুলনামূলক বেশি গতিসম্পন্ন ছিল মরক্কো। ব্রাজিলিয়ানদের থেকে বল কেড়ে নিয়ে দ্রুতই তারা আক্রমণে উঠছিল বারবার। ম্যাচের প্রথম ভালো সুযোগ তৈরি করে ব্রাজিল। ১৩ মিনিটে লুকাস পাকুয়েতার থ্রু বল পেয়ে কাছ থেকেও শট লক্ষ্যে রাখতে পারেননি রনি।

মিনিট দশেক পর মরক্কো গোলরক্ষক ইয়াসিন বুনুর ভুলে গোল প্রায় পেয়েই যাচ্ছিল ব্রাজিল। আন্দ্রে সান্তোসের শট এগিয়ে আসা বুনুর হাত ফসকে পেছনে গোলমুখের দিকে চলে যাচ্ছিল। শেষমুহূর্তে পেছনে গিয়ে বল নিয়ন্ত্রনে নেন তিনি। এর দুই মিনিট পরই অবশ্য বল জালে পাঠান ভিনিসিয়াস জুনিয়র। তবে আক্রমণ তৈরির সময় অফসাইডের কারণে গোল বাতিল হয়।

২৯ মিনিটে পাল্টা আক্রমণে এগিয়ে যায় মরক্কো। বিলাল এল খাননুসের কাছ থেকে বল নিয়ে দুই ডিফেন্ডারকে ফাঁকি দিয়ে বল জালে জড়িয়ে দেন বুফাল। ৩৬ মিনিটে সমতা ফেরানোর সুযোগ ছিল রদ্রিগোর সামনে। নেইমারের অনুপস্থিতিতে দশ নম্বর জার্সি পরা এই ফরোয়ার্ড শট লক্ষ্যে রাখতে ব্যর্থ হন।

২-১ গোলে হারের একরাশ হতাশা নিয়েই শেষপর্যন্ত মাঠ ছাড়তে হয়েছে সেলেসাওদের। অধিনায়ক ক্যাসেমিরো এবং ভারপ্রাপ্ত কোচ মেনেজেসের আপাত অধ্যায়টাও শুরু হল বিবর্ণতায়।

কাতার বিশ্বকাপে আফ্রিকার দেশ হিসেবে প্রথমবারের মতো মরক্কো নকআউট পর্বে ওঠে। শুধু তাই নয়, সেমিফাইনাল পর্যন্ত ওঠার যাত্রাপথে তারা বেলজিয়াম, স্পেন ও পর্তুগালের মতো দেশকে হারায়।

যার মাধ্যমে তারা ফুটবল বিশ্বের নতুন জায়ান্ট দল গড়ারই ইঙ্গিত দেয়। অন্যদিকে, বিশ্বকাপে হতাশাজনক বিদায়ের ঘোর এখনও কাটিয়ে উঠতে পারেনি পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল। বিশ্বকাপের পর প্রথমবার মাঠে নেমেও তারা মরক্কোর কাছে হেঁচট খেয়েছে।

সাকিবরা কি আইপিএলে খেলার সুযোগ হারাচ্ছেন?

ঢাকা ডেস্ক: ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) বাংলাদেশের ক্রিকেটারদের খেলা নিয়ে কড়া অবস্থান নিতে যাচ্ছে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড (বিসিসিআই)।

এ ব্যাপারে প্রতিবেদন করেছে ভারতের জনপ্রিয় সংবাদমাধ্যম আনন্দবাজার। তারা লিখেছে, ক্রিকেট খেলুরে কোনো দেশের বোর্ড যদি আই-পিএল খেলার জন্য ক্রিকেটারদের না ছাড়ে বা দেরি করে ছাড়ে, তাহলে ভবিষ্যতে সেই দেশের ক্রিকেটারদের হয়তো আইপিএলে খেলতে দেখা যাবে না। বাংলাদেশ ক্রিকেট বোর্ড যতি এভাবে অসহযোগিতা করে তাহলে ভবিষ্যতে সাকিবরা আইপিএলে হয়তো কোনও দলই পাবেন না। আইপিএল নিলামে টাইগারদের অগ্রাহ্য করা হবে।



আইপিএলের এক ফ্র্যাঞ্চাইজি মালিক এক ওয়েবসাইটে বলেছেন, আমাদের অভিযোগ করার কোনও জায়গা নেই। কারণ ক্রিকেটারদের ব্যাপারে বিসিসিআই বাকি বোর্ডগুলোর সঙ্গে সমঝোতা করে। কিন্তু পরের দিকে নির্দিষ্ট কিছু দেশের ক্রিকেটার নেওয়া ব্যাপারে ফ্র্যাঞ্চাইজিরা সতর্ক হয়ে যাবে। তিন আরও বলেন, এর আগে তাসকিন আহমেদও আই-পিএলে দল পেলেও বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) থেকে এনওসি পায়নি। এখন সাকিবদের ক্ষেত্রেও একই জিনিস হচ্ছে। বিসিবি যদি ক্রিকেটারদের আইপিএলে খেলতে দিতেই না চায়,তাহলে নিলামে নথিভুক্ত করারই দরকার নেই। তবে বাংলাদেশের ক্রিকেটারদের নিয়ে ধারণা যে বদলাবে এ ব্যাপারে আমরা নিশ্চিত।

শুধু বাংলাদেশ নয়, একই জিনিস দেখা যেতে পারে শ্রীলংকার ক্ষেত্রেও। এবারের আইপিএলে শ্রীলংকার চার ক্রিকেটার সুযোগ পেয়েছেন। নিউজিল্যান্ডের বিপক্ষে সিরিজ থাকায় প্রথম সপ্তাহে তারা খেলতে পারবেন না। অতীতে ইংল্যান্ড ক্রিকেট বোর্ডও ক্রিকেটারদের এনওসি দেয়নি।

শুক্রবার বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নাজমুল হাসান পাপন বলেছেন,আই-পিএলের জন্য ক্রিকেটারদের কবে ছাড়া হবে, এই প্রশ্ন আমাকে বার বার করা হচ্ছে। আমার উত্তর একটাই। আই-পিএলের নিলামের আগে সংশ্লিষ্ট কর্তারা আমার কাছে জানতে চেয়েছিলেন, কবে থেকে বাংলাদেশের ক্রিকেটারদের পাওয়া যাবে। আমি বাংলাদেশের আন্তর্জাতিক সূচি পাঠিয়ে দিয়েছিলাম। তার ভিত্তিতেই নিলামে আমাদের ক্রিকেটারদের নাম রাখা হয়েছিল।

অধিনায়ক এমবাপ্পের ঝলক, পেছনে ফেললেন বেনজেমাকে

ঢাকা ডেস্ক, : ফ্রান্সের অধিনায়ক হিসাবে নতুন অধ্যায়ের শুরুটা জোড়া গোলে রাঙালেন কিলিয়ান এমবাপ্পে। নতুন অধিনায়কের ঝলকে দাপুটে জয়ে ২০২৪ ইউরো বাছাই অভিযান শুরু করল বিশ্বকাপ রানার্সআপরা।

শুক্রবার রাতে প্যারিসে নেদারল্যান্ডসকে ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে এমাবাপ্পের ফ্রান্স। বিশ্বকাপ বিপর্যয়ের পর নতুন কোচের অধীনে নতুন চেহারার দল নিয়ে প্রথম মাঠে নামা বেলজিয়াম জিতেছে তাদের পুরোনো নায়কের ঝলকে।



রোমেলু লুকাকুর হ্যাটট্রিকে সুইডেনকে ৩-০ গোলে হারিয়েছে বেলজিয়াম। প্রায় এক বছর বিরতির পর ৪১ বছর পাঁচ মাস ২১ দিন বয়সে সুইডিশ ফরোয়ার্ড ইব্রাহিমোভিচের আন্তর্জাতিক ফুটবলে ফেরা নিয়ে ছিল সবার কৌতূহল।

কিন্তু মাঠে দুর্দান্ত হ্যাটট্রিকে সব আলো কেড়ে নেন লুকাকু। দ্বিতীয় সবচেয়ে বেশি বয়সি খেলোয়াড় হিসাবে ইউরো বাছাইপর্বে খেলার রেকর্ড গড়লেও বদলি হিসাবে নেমে ম্যাচে কোনো প্রভাব বিস্তার করতে পারেননি ইব্রা।

উগো লরিসের অবসরের পর অভিজ্ঞ আঁতোয়া গ্রিজমানকে উপেক্ষা করে এমবাপ্পেকে নেতৃত্ব দেওয়ায় ফরাসি শিবিরে অশান্তির আভাস পাওয়া গিয়েছিল।

কিন্তু মাঠে নামতেই এক নিমিষে সব উধাও। দুজনের দারুণ বোঝাপড়ায় দুই মিনিটেই এগিয়ে যায় ফ্রান্স। অধিনায়ক এমবাপ্পের পাস থেকে গোল করেন সহঅধিনায়ক গ্রিজমান। আট মিনিটে গ্রিজমানের সহায়তায় ব্যবধান দ্বিগুণ করেন উপমেকানো। ২১ মিনিটে চুয়ামেনির পাস থেকে ব্যবধান ৩-০ করে রোনাল্ড কোমানের নেদারল্যান্ডসকে ম্যাচ থেকে ছিটকে দেন এমবাপ্পে।

৮৮ মিনিটে ডাচদের কফিনে শেষ পেরেক ঠুকে করিম বেনজেমাকে (৩৭) ছাড়িয়ে ফ্রান্সের পঞ্চম সর্বোচ্চ গোলদাতা হন এমবাপ্পে। দেশের হয়ে ৬৭ ম্যাচে তার গোল এখন ৩৮টি।



টি ২০ তে আগ্রাসী খেলতে চায় সাকিবরা

ঢাকা ডেস্ক : নেটে ব্যাট করছেন শান্ত, লিটন, হৃদয়রা। সেটি পছন্দ হচ্ছিল না কোচ চন্ডিকা হাথুরুসিংহের। ব্যাট হাতে নিয়ে নিজেই দেখিয়ে দিলেন কীভাবে খেলতে হবে বিগ শট।

কোচের ওষুধে কাজ হলো। একের পর এক উড়িয়ে মারতে শুরু করেন ব্যাটাররা। আয়ারল্যান্ডের বিপক্ষে সোমবার চট্টগ্রামে প্রথম টি ২০তে আগ্রাসী ব্যাটিং করতে চায় বাংলাদেশ। অনুশীলনে তারই আভাস।

এদিকে আয়ারল্যান্ড জানিয়েছে, তারা বাংলাদেশকে ভয় পায় না। শনিবার বেলা ২টায় জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুশীলনে নামে টাইগাররা। জন্মদিনে ঢাকায় নিজের নামে ক্যানসার ফাউন্ডেশনের উদ্বোধনী অনুষ্ঠানে থাকায় দলের সঙ্গে আগেরদিন আসতে পারেননি অধিনায়ক সাকিব আল হাসান।

কাল সকালে চট্টগ্রামে পৌঁছে দলে যোগ দেন সাকিব। তার সঙ্গে মাঠে হাথুরু প্রায় আধা ঘণ্টা কথা বলেন।

গত কয়েকদিন ধরে হালকা বৃষ্টি হলেও শনিবার চট্টগ্রামে ছিল রোদ। বিকাল ৫টা পর্যন্ত চলে অনুশীলন। বোলিংয়ে মোস্তাফিজ, তাসকিন, নাসুম, হাসান মাহমুদদের কঠোর পরিশ্রম করতে দেখা গেছে। ব্যাটিংয়ে শান্ত, লিটন, হৃদয় ঘাম ঝরিয়েছেন।

একই মাঠে সকালে অনুশীল সেরে আয়ারল্যান্ড দল বেলা সাড়ে ১২টার দিকে চলে যায় ভাটিয়ারি গলফ ক্লাবে। তার আগে সংবাদ সম্মেলনে কথা বলেন অলরাউন্ডার রস এডেয়ার। জানালেন, তার দল আগ্রাসী ক্রিকেট খেলবে। তারা মোটেও ভয় পান না বাংলাদেশকে। যদিও সিলেটে ওয়ানডে সিরিজে টাইগারদের সামনে দাঁড়াতেই পারেনি আয়ারল্যান্ড।

চট্টগ্রামে টি ২০ দিয়ে ঘুরে দাঁড়াতে চায়। এক প্রশ্নের জবাবে এডেয়ার বলেন, 'আমরা যেমন শৃঙ্খলাবদ্ধ থাকতে চাই, তেমনি আগ্রাসী। আমরা বাংলাদেশকে ভয় পাই না। তাদের ওপর চড়াও হতে চাই। দেখা যাক কী হয়।'



তিস্তায় ‘দুই’ খালের আড়ালে তিন সর্বনাশ

॥ শেখ রোকন ॥

প্রকৃতপক্ষে তিন খাল; দুটি নয়। শুধু খাল নয়; খালের আড়ালে উজানের অংশে আরও তিন সর্বনাশ ঘনিয়ে উঠছে বহুল আলোচিত আন্তঃসীমান্ত নদী তিস্তাকে কেন্দ্র করে। ভাটিতে বসে আমরা যখন দৃশ্যত ও কার্যত শুধু খাল দিয়ে তিস্তার পানি অপসারণের শঙ্কা ব্যক্ত করছি, তখন উত্তরাঞ্চলের আরেকটি প্রধান নদী ধরলার পানিও একই খাল দিয়ে অপসারণের পরিকল্পনা চূড়ান্ত। একই সঙ্গে তিস্তা, ধরলা ও মহানন্দার উপনদীগুলোতে এক ডজনের বেশি জলবিদ্যুৎ প্রকল্পের উদ্যোগ নেওয়া হয়েছে। তিস্তায় দুই খালের আড়ালে আসলে চলছে তিন সর্বনাশের তোড়জোড়।

প্রথম সর্বনাশ অবশ্যই নতুন করে খনন হতে যাওয়া খালগুলো। গজলডোবা ব্যারাজ প্রকল্প থেকে যে আরও দুটি খাল খনন করে পানি সরানোর উদ্যোগ নিয়েছে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার–সেই খবর দিয়েছিল ভারতের দ্য টেলিগ্রাফ পত্রিকা। এই লক্ষ্যে ৩ মার্চ ২০২৩ আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্য সেচ বিভাগের কাছে এক হাজার একর জমি হস্তান্তর করে জলপাইগুড়ি জেলা প্রশাসন। যদিও ‘দুই খাল খনন’ সংক্রান্ত খবরটি সীমান্তের দুই পাশে ছড়িয়ে পড়তে আরও সপ্তাহখানেক লেগেছিল। শেষ পর্যন্ত তৃতীয় খালের খবরটি আড়ালেই পড়ে যায়।

আলোচ্য দুই খালই খনন করা হবে তিস্তার বাম তীরে, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায়। এর মধ্যে ৩২ কিলোমিটার দীর্ঘ একটি খাল গজলডোবা ব্যারাজ থেকে কোচবিহারের চ্যাংড়াবান্ধা পর্যন্ত যাবে। দ্বিতীয় খালটি জলপাইগুড়ি জেলাতেই থাকবে; দৈর্ঘ্য ১৫ কিলোমিটার। তৃতীয় আরেকটি খাল ১৯৮৭ সালে প্রকল্পটি উদ্বোধনের সময়েই জলপাইগুড়ির ধুপগুড়ি ব্লক এলাকায় খনন করা হয়েছিল। কিন্তু পুরোপুরি চালু করা হয়নি। কালক্রমে অনেক জায়গায় বুজেও গেছে। এখন সেই খালও খনন করা হবে। এর প্রকৃত দৈর্ঘ্য এখনও স্পষ্ট নয়।

গজলডোবা ব্যারাজ প্রকল্পের প্রধান খালগুলো নদীর দুই পাশে দুই ভাগে বিভক্ত। ডান তীরের প্রধান ও শাখা খালগুলোর দাপ্তরিক নাম ‘টিএমএলসি’ তথা তিস্তা-মহানন্দা সংযোগ খাল এবং বাম তীরের প্রধান ও শাখা খালগুলোর দাপ্তরিক নাম ‘টিজেএলসি’–তিস্তা-জলঢাকা সংযোগ খাল। কৌতূহলোদ্দীপক বিষয়, এত দিন শুধু ডান তীরের খালগুলোই চালু ছিল; তিস্তার পানি মহানন্দা হয়ে ডাহুক পর্যন্ত পৌঁছে গেছে। কিন্তু বাম তীরের খালগুলোর খননকাজ কার্যত শুরুই হয়নি। পাশ্চিমবঙ্গ রাজ্য সরকার এবার সেদিকে নজর দিয়েছে।

জমি হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের সেচমন্ত্রী পার্থ ভৌমিক। তিনি বলেছেন, ‘২০০৯ সালেই কেন্দ্রীয় সরকার এটাকে (টিজেএলসি খাল খনন) জাতীয় প্রকল্প ঘোষণা করেছিল। কিন্তু কোনো অর্থ বরাদ্দ দিচ্ছিল না। যদি বরাদ্দ নাও মেলে, নিজেদের অর্থেই পর্যায়ক্রমে প্রকল্পটি বাস্তবায়ন করব আমরা।’ (দ্য টেলিগ্রাফ, ৪ মার্চ, ২০২৩)।

এসব খাল খননের মাধ্যমে নিশ্চিতভাবেই তিস্তা থেকে ভারতে পানি অপসারণের মাত্রা ও পরিমাণ আরও বাড়বে। গজলডোবা ব্যারাজ নির্মিত হওয়ার আগে তিস্তার বাংলাদেশ অংশে শুকনো মৌসুমে পানি প্রবাহ ছিল ৬ থেকে ৭ হাজার কিউসেক। ব্যারাজ নির্মাণের পর সেটা গড়ে ১২ থেকে ১৫শ কিউসেকে নেমে আসে। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশের ডালিয়া ব্যারাজ পয়েন্টে ৫শ কিউসেকেরও নিচে নেমে এসেছে পানি প্রবাহ। তিন খাল খননের পর পর সেটুকুও পাওয়া যাবে কিনা, সন্দেহ।

দ্বিতীয় সর্বনাশের পথরেখা লুকিয়ে আছে মূল নকশায় প্রধান খালটির ‘টিজেএলসি’–তিস্তা-জলঢাকা সংযোগ নামের মধ্যেই। শুধু তিস্তা নয়; ৩২ কিলোমিটার দীর্ঘ খালটির মাধ্যমে জলঢাকা নদীর পানিও সেচকাজের জন্য প্রত্যাহার করা হবে। তার মানে, এক ঢিলে দুই পাখি মারার মতো এক খালে দুই নদীর সর্বনাশ করতে যাচ্ছে উজানের প্রতিবেশী। অনেকের মনে থাকার কথা, ২০১৫ সালের এপ্রিলে ভারত সফরে গিয়েছিলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তখন প্রায় শেষ মুহূর্তে, মূলত সফরকারী অতিথির আগ্রহেই কেন্দ্রীয় সরকারের তরফে নয়াদিল্লিতে আমন্ত্রিত হয়েছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানকার রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠিত বৈঠকে শেখ হাসিনা তিস্তার পানি বণ্টন চুক্তির বিষয়টি তুললে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, তিস্তায় ভাগাভাগির মতো পানি অবশিষ্ট নেই। তার বদলে বরং তোরষা ও জলঢাকা নদীর পানি বণ্টন করা যেতে পারে। তখনই আমি লিখেছিলাম, এটা আসলে শুভঙ্করের ফাঁকি। কারণ তোরষা ও জলঢাকা আসলে বাংলাদেশের দুধকুমার ও ধরলা নদী। ওই দুই আন্তঃসীমান্ত নদীতেও আমাদের পূর্ণ অধিকার রয়েছে। অপর আন্তঃসীমান্ত নদী তিস্তার বিনিময়ে ওই দুই নদীতে নতুন করে অধিকার প্রতিষ্ঠার কিছু নেই। এখন দেখা যাচ্ছে, তিস্তার হিস্যা দূরে থাক, জলঢাকার পানিও নিয়ে যেতে চাইছে ভারত!

আলোচ্য দুই খালই খনন করা হবে তিস্তার বাম তীরে, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায়। এর মধ্যে ৩২ কিলোমিটার দীর্ঘ একটি খাল গজলডোবা ব্যারাজ থেকে কোচবিহারের চ্যাংড়াবান্ধা পর্যন্ত যাবে। দ্বিতীয় খালটি জলপাইগুড়ি জেলাতেই থাকবে; দৈর্ঘ্য ১৫ কিলোমিটার। তৃতীয় আরেকটি খাল ১৯৮৭ সালে প্রকল্পটি উদ্বোধনের সময়েই জলপাইগুড়ির ধুপগুড়ি ব্লক এলাকায় খনন করা হয়েছিল।

তৃতীয় সর্বনাশ হচ্ছে, তিস্তা ও মহানন্দার উজানে দার্জিলিং জেলার বিভিন্ন এলাকায় তিনটি জলবিদ্যুৎ প্রকল্প। ভারতীয় পত্রপত্রিকাই খবর দিচ্ছে, তিস্তায় অন্তত দুটি মাঝারি জলবিদ্যুৎ প্রকল্প নির্মাণের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে পশ্চিমবঙ্গ সরকার। এখন ডিপিআর-বিস্তারিত প্রকল্প প্রতিবেদন তৈরি হচ্ছে। প্রকল্প দুটির নাম তিস্তা লো ড্যাম প্রজেক্ট বা টিএলডিপি–এক ও দুই। আমরা বাংলাদেশে যে নদীকে তিস্তা নামে চিনি, সিকিমে সেটা রঞ্জু ও রঞ্জিত নামে দুই ধারার মিলনে সৃষ্ট। ডানদিক থেকে রঞ্জিত এবং বামদিক থেকে রঞ্জু সিকিম-বেঙ্গল সীমান্তরেখা তৈরি করে পশ্চিমবঙ্গে প্রবেশের আগে মিলিত হয়ে তিস্তা তৈরি করেছে। পশ্চিমবঙ্গ সরকার চাইছে ওই রঞ্জিত নদীতে প্রকল্প দুটি বাস্তবায়নের মাধ্যমে ৭১ মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদন করতে।

এখানেই শেষ নয়; আরেকটি জলবিদ্যুৎ প্রকল্পের জন্যও নীতিগত সিদ্ধান্ত ও ডিপিআর তৈরির নির্দেশনা দিয়েছে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার। ৩৮ মেগাওয়াট জলবিদ্যুতের এই প্রকল্পের নাম বালাসন হাইড্রো-ইলেকট্রিক প্রজেক্ট বিএইচপি। প্রায় ৪৭ কিলোমিটার দীর্ঘ ও খরস্রোতা বালাসন নদী মহানন্দার ডান তীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রবাহ। দার্জিলিংয়ের জোড়পাখরি পার্বত্যাঞ্চলে উৎপন্ন হয়ে শিলিগুড়ি শহরের কাছে মহানন্দায় মিশেছে। আরও উজানে আরেকটি পার্বত্য নদী রঙভঙ মিশেছে বালাসনের সঙ্গে। এ দুই নদীর মিলনস্থলের কাছে নির্মিত হবে জলবিদ্যুৎ কেন্দ্রটি। এ ছাড়া দার্জিলিংয়ের বিভিন্ন পার্বত্য প্রবাহে আরও ১০টি ক্ষুদ্র জলবিদ্যুৎ কেন্দ্রের পরিকল্পনা নিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। এর অর্থ, তিস্তা ও মহানন্দায় পানিপ্রবাহ আরও কমে যাবে। জলবিদ্যুৎ প্রকল্পের কারণে কীভাবে ভাটির দেশে প্রবাহ কম ও সিল্টেশন বা তলানিপ্রবাহ বৃদ্ধি হয়, তা নিয়ে স্বতন্ত্র নিবন্ধ লিখতে হবে। এখনকার কথা হচ্ছে–নতুন খাল, জলঢাকা নদীর পানি প্রত্যাহার ও ডজনখানেক জলবিদ্যুৎ প্রকল্প–পশ্চিমবঙ্গের তিন ধরনের প্রকল্পেই সর্বনাশ হবে বাংলাদেশের।

এদিকে ঢাকার পররাষ্ট্র দপ্তরের পক্ষে নতুন দুটি খাল খনন বিষয়ে বিস্তারিত তথ্য চেয়ে নয়াদিল্লিকে কূটনৈতিক চিঠি বা ‘নোট ভারবাল’ পাঠানো হয়েছে। (সমকাল, ২০ মার্চ, ২০২৩)। আনুষ্ঠানিক চিঠি দেওয়ার দায়িত্ব যাদের, সেই পানিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেছেন–‘আমরা এটার ওপর কমেন্ট করব না। আমরা যেটা করতে চাচ্ছি যে, আমরা একটা চিঠি তাদেরকে দিচ্ছি। সেই চিঠিটার উত্তর এলে পরে আমরা বুঝতে পারব, সত্যি তারা ডাইভার্ট করতেছে কি, করতেছে না।’ (বিডিনিউজ, ১৬ মার্চ, ২০২৩)।

বলা বাহুল্য, জলঢাকা তথা ধরলার পানি প্রত্যাহারের আশঙ্কা কিংবা তিস্তা ও মহানন্দার উপনদীগুলোতে জলবিদ্যুৎ প্রকল্পের ব্যাপারে উদ্বেগ জানানোর বিষয়টি সম্ভবত আরও দূরের বিষয়।

শেখ রোকন: সহযোগী সম্পাদক, সমকাল; মহাসচিব, রিভারাইন পিপল







ব্রঙ্কসে বারী রেস্টুরেন্টের বর্ণাঢ্য উদ্বোধন

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কেও বাংলাদেশী অধ্যুষিত ব্রঙ্কসে বর্ণাঢ্য আয়োজনে উদ্বোধন হলো বারী রেস্টুরেন্ট। এ উপলক্ষ্যে গত ২২ মার্চ বুধবার বিকেলে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। ব্রঙ্কসের ১৪১২ ক্যাসেল হিল এভিনিউতে প্রতিষ্ঠিত রেষ্টুরেন্টটির উদ্বোধনী অনুষ্ঠানে সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন। বাংলাবাজার জামে মসজিদের খতীব মাও-লানা আবুল কাশেম মোহাম্মদ ইয়াহইয়া মিলাদ ও দোয়া পরিচালনা করেন। উল্লেখ্য, এই রেষ্টুরেন্ট উদ্বোধনের মধ্য দিয়ে ব্রঙ্কসে একই ছাদের নিচে চালু হলো রেস্টুরেন্ট, পার্টি হল, সুপার মার্কেট ও হোম কেয়ার সেবা।

দোয়া মাহফিলের পরে বারী হোম কেয়ার ও রেস্টুরেন্টের প্রেসিডেন্ট আসেফ বারী টুটুল ও চেয়ারপারসন হাসিনা মুনমুন বারী কমিউনিটি নেতৃবৃন্দকে নিয়ে ফিতা কেটে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় আরও শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাবাজার জামে মসজিদ পরিচালনা কমটির উপদেষ্টা মোহাম্মদ এন মজুমদার ও সভাপতি ডা. আবদুস সবুর।

অনুষ্ঠানে আসেফ বারী (টুটুল) বারী রেস্টুরেন্টের সফলতা কামনা করে বলেন, একই ছাদের নিচে এখানে



রেস্টুরেন্ট, পার্টি হল, সুপার মার্কেট ও হোম কেয়ার সেবা চালু করতে পেরে মহান আল্লার নিকট শুকরিয়া আদায় করছি। তিনি বলেন, শুধু ব্যবসায়িক উদ্দেশ্যে নয়, সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে আমরা এই ব্যবসা প্রতিষ্ঠান চালু করেছি। এতে করে কমিউনিটির মানুষ উপকৃত হবে।

বারি হোম গ্রুপের চেয়ারপারসন হাসিনা মুনমুন বারী অনুষ্ঠানে যোগদানের জন্য সকলের প্রতি বিশেষ কৃজ্ঞতা জানিয়ে বলেন, নিউইয়র্কে আমরা বাংলাদেশীরা একটি পরিবারের মতো। আমাদের নতুন এই ব্যবসার সাফল্য কামনায় আপনাদের দোয়া চাই।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)
একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী
Accident Cases, Medical Malpractice & Legal Malpractice
SHEIKH SALIM
Attorney at Law
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
কন্ট্রাকশন দুর্ঘটনা
স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
লেড বিষ সম্পর্কীয়
বার্থ রিলেটেড ইনজুরি
ভুল চিকিৎসা
মটর গাড়ি দুর্ঘটনা
কাজের সময় দুর্ঘটনা
পিছলে পড়া, হোঁচট খাওয়া
ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
অ্যাসবেস্টস থেকে ক্ষতি
মিসিসায় প্রেজ বা ওভারটাইম না পাওয়া
যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
SERVICES
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
• Represent Taxpayers for I.R.S./ State Audit
• Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
• Accounting: Payroll, Sales Tax, etc.
• Business Licenses
• ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member : naea
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।
37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



বাংলাদেশের স্বাধীনতা লক্ষ প্রাণের দান

মহান স্বাধীনতার এই মাসে

সকল বীর শহীদদের প্রতি

আমাদের বিনম্র শ্রদ্ধা

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন











প্রধান অতিথি ডা. জাহাঙ্গীর আলম

লং আইল্যান্ডে স্বাধীনতা দিবস উদযাপন

শেখ সিরাজ: বাংলাদেশের ৫২তম মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে 'বাংলাদেশী আমেরিকান কমিউনিটি অব লং আইল্যান্ড, নিউইয়র্ক'-এর উদ্যোগে গত ১৮ মার্চ লংআইল্যান্ডের 'থাই কালচারাল সেন্টারে' মহান স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। মূলধারার বিশিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও নিউইয়র্কের স্বনামধন্য শিল্পী ও প্রবাসী বাংলাদেশীরা এতে অংশ গ্রহন করেন।

নির্ধারিত সময়ের কিছু পরে শুরু হওয়া অনুষ্ঠানটি প্রায় মধ্যরাত অবধি চলে। সাংস্কৃতিক পর্বে বিভিন্ন শিল্পীর গাওয়া গান ও নৃত্যানুষ্ঠান দর্শকদের মুগ্ধ করে। বক্তাদের আলোচনা আর শিল্পীদের পরিবেশনায় প্রবাসে ফুঠে উঠে লাল-সবুজের বাংলাদেশ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুনি স্ট্রনিব্রুক ইউনিভার্সিটিতে কর্মরত বাংলাদেশী চিকিৎসক ডা. মোহাম্মদ জাহাঙ্গীর আলম। তিনি তার বক্তব্যে ১৯৭১ সালে বাংলাদেশে মুক্তিযুদ্ধ চলাকালে যারা শহীদ হয়েছেন তাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, মুক্তিযোদ্ধারা তাঁদের প্রাণ দিয়ে একটি স্বাধীন দেশ ও একটি পতাকা দিয়ে গিয়েছেন। আমাদের সকলের উচিত ঐক্যবদ্ধভাবে আমাদের প্রিয় জন্মভূমি বাংলাদেশকে গড়ে তোলা।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি জিল্লুর রহমান, মীর এম আলীসহ আরো অনেকে। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের-কে বিশেষ সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী রোক-সানা মীর্জা, ডা. শাহনাজ লিপি, রোজী সিদ্দিকী ও কামরুজ্জামান বকুল।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহ:

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package





WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেওলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্নালবন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যাডক, ফ্লাউন্ডার, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনেলস ফ্রাইস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফ্রাইস	$ 18.99
স্যাবার স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com









নিউইয়র্কে সংবর্ধনা সভায় কেন্দ্রীয় যুবদল নেতা ইলিয়াস খান

দল মনোনয়ন দিলে শেরপুর-২ আসন থেকে প্রার্থী হবো

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মনোনীত হওয়ায় সংবর্ধিত হয়েছেন নিউইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী, কাওরান বাজার সুপারমার্কেটের অন্যতম স্বত্তাধিকারী ইলিয়াস খান। নিউইয়র্ক সিটির জ্যামাইকাবাসী বাংলাদেশীরা গত ১৭ মার্চ শুক্রবার রাতে তাকে সংবর্ধিত করেন। সভায় সংবর্ধনার জাবাবে ইলয়াস খান বলেন, দল আমাকে সম্মানিত করেছে, জ্যামাইকাবাসীও আমাকে সম্মান দিয়েছেন। আমি এজন্য সবার প্রতি কৃতজ্ঞ। আমি আমার দায়িত্ব পালনের মধ্য দিয়ে প্রতিদান দেয়ার চেষ্টা করবো। তিনি ঘোষণা দেন যে, আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি'র মনোনয়ন পেলে শেরপুর-২ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করবো। উল্লেখ্য, বাংলাদেশ জাতীয় সংসদের উপনেতা, সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য বেগম মতিয়া চৌধুরী এই আসনের বর্তমান এমপি এবং বিগত দিনে তিনি এই আসন থেকে একাধিকবার এমপি নির্বাচিত হয়েছেন। খবর ইউএনএ'র।

স্থানীয় হিলসাইড এভিনিউস্থ একটি মিলনায়তনে আয়োজিত সংবর্ধনা সভায় প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি আব্দুল লতিফ সম্রাট। যুবদল নেতা জহিরুল ইসলাম মোল্লার সভাপতিত্বে সভায় যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল, সাবেক যুগ্ম সম্পাদক কাজী সাখাওয়াত হোসেন আজম ও ফিরোজ আহমেদ, সাবেক প্রচার সম্পাদক সাইফুল ইসলাম, যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতিত জাকির এইচ চৌধুরী, যুবদল নেতা আবুল কাশেম, কেন্দ্রীয় যুবদলের সাবেক সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এম এ বাতেন, যুক্তরাষ্ট্র জাজাস-এর আহ্বায়ক ইঞ্জিনিয়ার মোহাম্মদ রহমান সায়েম ও সদস্য সচিব জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিইএব) ইঞ্জিনিয়ার মাইন উদ্দিন মিয়াজী, সাবেক চেয়ারমান রুহুল কদ্দুস, চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক প্যানেল চেয়ারমান কাজী মোবাশ্বের আহমেদ হাসেমী, সাবেক শিক্ষক শওকত আলী, নিউইয়র্ক উত্তর মহানগর বিএনপি'র সদস্য সেলিম আহমদ, ড. খন্দকার মোশাররফ হোসেন ফাউন্ডেশন ইউএসএ'র সভাপতি আল আমীন সুমন, সাবেক ছাত্রনেতা রাসেদ আল হাসান, আরাফাত রহমান কোকো স্মৃতি পরিষদ ইউএসএ'র সভাপতি শাহদৎ হোসেন রাজু সহ আরো অনেকে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শুরুতে ফুলের তোড়া দিয়ে যুনেতা ইলিয়াস খানকে সংবর্ধিত এবং বিশেষ মুনাজাত করা হয়। সংবর্ধনার জবাবে আবে-আপ্লুত কণ্ঠে ইলিয়াস খান বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও দলীয় মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং কেন্দ্রীয় যুবদল নেতৃবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, প্রবাসে থেকেও ২০১৮ সাল থেকে নিরবে-নিভৃতে দলের জন্য করেছি, আগামী দিনেও কাজ করবো। দেশ ও প্রবাসে সবাইকে নিয়েই কাজ করতে চাই। তিনি বলেন, আওয়ামী লীগের দু:শাসনের আমলে দলীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে যখন মামলা-মোকদ্দমা, হামলা-নির্যাতন চলছে। আমার নির্বাচনী এলাকায় বিএনপি'র ৩জন লোক একত্রে বসে চা খেতে পারতো না। তখন আমি প্রবাসে বসেই আমার লোক দিয়ে তাদের পাশে থাকার চেষ্টা করেছি। নিজের অর্থ খরচ করে গত দুই মাসে আমার নির্বাচনী এলাকা ৬১জন বিএনপি নেতা-কর্মীকে হাইকোর্টের মাধ্যমে জামিন করিয়েছি।


ইলয়াস খান বলেন, বিএনপি নেতা আব্দুল লতিফ সম্রাটের হাত ধরেই আমি প্রবাসে বিএনপি'র রাজনীতি শুরু করি। আপনাদের সহযোগিতা পেলে আর দল আমাকে মনোনয়ন দিলে আমি আগমী নির্বাচনে শেরপুর-২ আসন থেকে প্রার্থী হবো। তিনি বলেন, কেন্দ্রীয় বিএনপি প্রবাসের তিন নেতাকে মূল্যায়ন করেছে, আগামী দিনে যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি হবে, ইনশাল্লাহ আরা সবাই ঐক্যবদ্ধভাবে কাজ করবো।

আব্দুল লতিফ সম্রাট বলেন, যুক্তরাষ্ট্র বিএনপি'র সভাপতি হিসেবে আমি বিশ্বের ৪২টি দেশের বহির্বিশ্ব বিএনপি প্রধান সমন্বয়কারী ছিলাম, দলের বিদায়ী কমিটির সভাপতি হিসেবে আমি নেতৃত্ব দেওয়ার দাবী রাখী। কিন্তু আমরা কেন্দ্রীয় নেতৃত্বে প্রতি শ্রদ্ধা রাখতে চাই, যোগ্য নেতার যোগ্য স্থান চাই, পদ-পদবির চেয়ে সম্মান দিয়ে আর সম্মান নিয়ে বাঁচতে চাই। তিনি বলেন, দলের মধ্যে চেইন অব কমান্ড বজায় থাকা জরুরী। তিনি বলেন, যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি গঠন জরুরী হয়ে পড়েছে।

সভায় কোন কোন বক্তা যুক্তরাষ্ট্র বিএনপি'র কয়েকজন নেতার আকস্মিক লন্ডন সফরের সমালোচনা করে বলে, তাদের উচিৎ ছিলো শীর্ষ স্থানীয় নেতাদের জানিয়ে লন্ডন যাওয়া এবং সেখানে যাওয়ার উদ্দেশ্য জানানো। তারা বলেন, একা একা দল করা যায় না, নেতাও হওয়া যায় না। দলের জন্য যুক্তরাষ্ট্র বিএনপি'র সকল নেতা-কর্মীর অর্থ, শ্রম-ঘাম-সময় রয়েছে। তাদের মূল্যায়ন হওয়া উচিৎ।

অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র জাসাস-এর সাবেক সভাপতি আলহাজ্ব আবু তাহের, সাবেক ছাত্রনেতা আলমগীর হোসেন, নিউইয়র্ক ষ্টেট বিএনপি নেতা আব্দুল মান্নাফ তালুকদার, জাতীয়তাবাদী মহিলা দল নেত্রী সৈয়দা মাহামুদা শিরিন, প্রমুখ উপস্থিত ছিলেন।





রমজানে সংঘটিত ঐতিহাসিক ৬ ঘটনা

(শেষের পাতার পর)

স্বদেশ রক্ষায় অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। এ মাসে আলাহর সাহায্যে তারা ঐতিহাসিক বহু বিজয় লাভ করেছে। ইসলামের ইতিহাসের প্রথম উলেখযোগ্য যুদ্ধ বদর রমজানেই সংঘটিত হয়েছিল। রমজানেই মুসলিমরা পৌত্তলিকদের কবজা থেকে পবিত্র ভূমি মক্কাকে উদ্ধার করেছিল। রমজানে সংঘটিত এমন কয়েকটি ঐতিহাসিক যুদ্ধের বিবরণ তুলে ধরা হলো।

১. বদর যুদ্ধ : দ্বিতীয় হিজরির রমজান মাসে ঐতিহাসিক বদর যুদ্ধ সংঘটিত হয়। এটা ছিল মুসলমানদের অস্তিত্ব রক্ষার লড়াই। মহানবী (সা.) আবু সুফিয়ানের নেতৃত্বাধীন একটি বাণিজ্য কাফেলাকে আটক করতে চেয়েছিলেন। তিনি তা করতে চেয়েছিলেন হিজরতের পর মক্কার কুরাইশদের নানামুখী ষড়যন্ত্র, মদিনা থেকে মুসলমানদের বের করে দেওয়ার অন্যায় চাপ, মদিনার উপকণ্ঠে এসে লুটতরাজ ইত্যাদি কারণে। কিন্তু আবু সুফিয়ানের কাফেলা রাস্তা পরিবর্তন করে নিরাপদে মক্কায় পৌঁছে যায়। মক্কার মুশরিকরা এটাকে সুযোগ হিসেবে ব্যবহার করে মদিনায় সামরিক অভিযান চালায়। সহস্রাধিক সেনার কুরাইশি বাহিনীর বিরুদ্ধে ৩১৩ সদস্যের মুসলিম বাহিনী বিজয় লাভ করে। কুরাইশের বহু শীর্ষ নেতা নিহত হয়। বদর যুদ্ধের বিজয় মদিনায় সার্বভৌম ইসলামী রাষ্ট্রের গোড়াপত্তন করে।

২. মক্কা বিজয় : অষ্টম হিজরির রমজান মাসে মুসলিম বাহিনী মক্কা জয় করে। এই বিজয়কে পবিত্র কোরআনে 'সুস্পষ্ট বিজয়' বলা হয়েছে। নানা কারণেই মক্কা বিজয় ছিল মুসলমানের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। কেননা মক্কা বিজয়ের মাধ্যমে মক্কা থেকে অন্যায়ভাবে বিতাড়িত মুসলমানরা মাতৃভূতিতে ফেরার সুযোগ পায়, মুসলমানের কিবলা পবিত্র মক্কা পৌত্তলিকতামুক্ত হয়, মুসলমান কাবাঘর দর্শনের অধিকার পায়, সমগ্র আরবে মুসলমানের রাজনৈতিক আধিপত্য প্রতিষ্ঠিত হয়। মক্কার কুরাইশরা হুদাইবিয়া সন্ধির একাধিক ধারা লঙ্ঘন করলে মহানবী (সা.) মক্কা অভিযানের সিদ্ধান্ত নেন। মুসলিম বাহিনী প্রায় বিনা প্রতিরোধে ও বিনা রক্তপাতে মক্কা বিজয় করে। মুসলিম বাহিনীতে সদস্য ছিল ১০ হাজার। মক্কা বিজয়ের পর মহানবী (সা.) সাধারণ ক্ষমা ঘোষণা করেন।

৩. তাবুক যুদ্ধ : মক্কা বিজয় ও হুনাইনে মুসলমানদের বড় বিজয় আবরের ইসলামবিরোধী শক্তিকে হতাশ করেছিল। যখন তারা বুঝল তাদের পক্ষে মুসলমানদের প্রতিহত করা সম্ভব নয়, তখন তারা মুসলমানদের বিরুদ্ধে বহিঃশক্তির হস্তক্ষেপ চাচ্ছিল। তাদের মধ্যে নেতৃত্ব দিচ্ছিল আউস গোত্রের নেতা ও খ্রিস্টান ধর্মীয় গুরু আবু আমের। সে সিরিয়া চলে যায় এবং সিরিয়ার রাজধানী দামেস্কে অবস্থান করে রোম সম্রাটকে মদিনায় আক্রমণ করতে প্ররোচিত করে। তাঁর নির্দেশনায় মুনাফিকরা কোবা মসজিদের অদূরে 'মসজিদে জিরার' নির্মাণ করে। নবম হিজরিতে মহানবী (সা.) সংবাদ পান, মদিনায় আক্রমণের উদ্দেশ্যে রোম সম্রাট হিরাক্লিয়াস ৪০ হাজার সৈন্যের বিশাল বাহিনী প্রস্তুত করেছে এবং তাদের অগ্রবর্তী দল সিরিয়ার বালকা এলাকায় পৌঁছে গেছে। নবম হিজরির রজব মাসে মহানবী (সা.) তাদের প্রতিহত করতে অভিযান শুরু করেন। তাবুকে তিনি ২০ দিন অপেক্ষা করে রমজানের শেষাংশে মদিনায় ফিরে আসেন। ৩০ হাজার সৈন্যের বিশাল বাহিনী নিয়ে নবী (সা.) তাবুক অভিমুখে বের হন। এটা ছিল তাঁর জীবনে সবচেয়ে বড় সেনা অভিযান। আরব উপদ্বীপে মুসলমানের প্রভাব ও প্রতিপত্তির চূড়ান্ত ধাপ ছিল তাবুক যুদ্ধ। তাবুক যুদ্ধের পর আরবের পৌত্তলিকসহ মুসলমানের অন্যান্য শত্রুরা সাহস হারিয়ে ফেলে এবং আরবরা সব দ্বিধা ত্যাগ করে দলে দলে ইসলামের ছায়াতলে আশ্রয় গ্রহণ করতে থাকে।

৪. বুওয়াইবের যুদ্ধ : আবু বকর (রা.) মুসলিম সেনাপতি মুসান্না বিন হারিসা (রা.)-কে ইরাক সীমান্তে নিযুক্ত করে রেখেছিলেন। তাঁর খেলাফতের শুরুতে যে বিশৃঙ্খলা দেখা দিয়েছিল তা স্তিমিত হয়ে এলে তিনি ইরাক অভিযানের সিদ্ধান্ত নেন। ফলে তিনি মুসান্না বিন হারিসা (রা.)-এর বাহিনীতে সেনাসংখ্যা বৃদ্ধির নির্দেশ দেন। সেনাসংখ্যা বৃদ্ধির সংবাদ পেয়ে পারস্য সম্রাট সেনাপতি মেহরানের নেতৃত্বে এক বিশাল বাহিনী ইরাক সীমান্তে প্রেরণ করেন। উভয় বাহিনী বর্তমান কুফার নিকটবর্তী বুওয়াইব নামক স্থানে মুখোমুখি হয়। ১৩ হিজরির রমজানে উভয় বাহিনীর মধ্যে যুদ্ধ শুরু হয়। রক্তক্ষয়ী সংঘাতের পর মুসলিম বাহিনী পারস্য বাহিনীকে পরাজিত করে। বুওয়াইবের বিজয় মুসলিম ভূখণ্ডকে পারস্য বাহিনীর আক্রমণ থেকে রক্ষা করেছিল এবং মুসলমানদের ইরাক ও পারস্য বিজয়ের পথ উন্মুক্ত করেছিল।

৫. আমুরিয়ার যুদ্ধ : রোমান সম্রাট টিউপিল যখন দেখলেন মুসলিম বাহিনী আজারবাইজান বিজয়ে ব্যস্ত, তখন তিনি মুসলিম ভূখণ্ডে অভিযানের ইচ্ছা করলেন। এক লাখ সেনার বিশাল বাহিনী নিয়ে ঝাবতারা দুর্গে (বর্তমান তুরস্কে অবস্থিত) আক্রমণ করে, যা তৎকালীন আব্বাসীয় খেলাফতের অধীন ছিল। দুর্গ দখলের পর টিউপিল বাহিনী নারী, শিশু, বৃদ্ধা নির্বিশেষে গণহত্যা চালায় এবং নারীদের বন্দি ও সম্ভ্রমহানি করে। সংবাদ পেয়ে খলিফা মুতাসিম খুবই ক্রোধান্বিত হন। রোমানদের বিরুদ্ধে অভিযানের নির্দেশ দেন। সংবাদ পেয়ে রোমান বাহিনী আমুরিয়া দুর্গে আশ্রয় নেয়। প্রতিরক্ষার ব্যবস্থায় দুর্গটি ছিল অদ্বিতীয়। মুসলিম বাহিনী দুর্গ অবরোধ করে এবং মিনজানিকের আঘাতে ক্ষত-বিক্ষত করে। অবশেষ রোমান বাহিনী সন্ধির প্রস্তাব দেয়। কিন্তু খলিফা মুতাসিম তাদের আত্মসমর্পণের নির্দেশ দেন। এই বিজয়ের ফলে রোমানদের মনোবল একেবারেই ভেঙে যায়। এই অঞ্চলের বহু মানুষ ইসলামের ছায়াতলে আশ্রয় গ্রহণ করে।

৬. আইনে জালুতের যুদ্ধ : মুসলিম মামলুক সাম্রাজ্য ও মঙ্গোলীয়দের মধ্যে সংঘটিত হয়েছিল আইনে জালুতের যুদ্ধ। এই যুদ্ধে বিজয় লাভ করার মাধ্যমেই মুসলিম বাহিনী হালাকু খানের ধ্বংসযাত্রা থামিয়ে দেয়। এই বিজয় ছিল মুসলিম বাহিনীর জন্য বড় স্বস্তির সংবাদ। সুলতান সাইফুদ্দিন কুতুজ মুসলিম বাহিনীর নেতৃত্ব দেন।

২৬ মার্চ জন্ম হওয়াটা সৌভাগ্যের: মৌটুসী

(শেষের পাতার পর)


তবে দিনটি নিয়ে তার কোনো পরিকল্পনা নেই বলে জানিয়েছেন। পরিবারের সদস্যদের নিয়ে অন্যসব দিনের মতোই কাটবে আজকের দিনটিও।

এ প্রসঙ্গে মৌটুসী বলেন, 'কাকতালীয়ভাবে আমার জন্মদিনটা স্বাধীনতা দিবসের সঙ্গে মিলে গেল, এটাই আমার কাছে সৌভাগ্যের ব্যাপার। এদিন ছুটি থাকে, সবাই বাসাতেই থাকে। আজও পরিবারের সবাইকে নিয়ে ব্যস্ততার মধ্য দিয়েই কাটবে। তবে সবার কাছে দোয়া চাই যেন সুস্থ থাকি, ভালো থাকি।

এদিকে অভিনয়েও আগের মতো ব্যস্ত নন তিনি। কারণ, অভিনয়ের জন্য ওয়ার্কশপ করছেন। তবে খুলনায় একটি কৃষি খামার দিয়েছেন। সেটারও কাজ করছেন। আগামীতে আরও একটি প্রকল্পের কাজে হাত দেবেন বলে জানিয়েছেন তিনি।

প্রসঙ্গত, মৌটুসী সর্বশেষ 'আগুনপাখি' নামে একটি ধারাবাহিক নাটকে অভিনয় করেছেন। কয়েকটি সিনেমায় কাজ করারও প্রস্তাব এসেছিল বলে জানিয়েছেন তিনি। বর্তমানে ইংরেজি মাধ্যম স্কুলে 'স্পিচ অ্যান্ড ড্রামা'বিষয়ক একটি কর্মশালা করছেন। সেখানে তিনি শিশুদের সঙ্গে কাজ করেন একজন ট্রেইনার হিসাবে।







২০২৩ সালেই পাল্টে যাবে বাংলাদেশ



(শেষের পাতার পর)এখন নিশ্চিতভাবেই চোখে দেখা যায়। আবু জাফর মাহমুদ তার প্রবন্ধ সংকলন 'জয় বাংলা জয় বাংলাদেশ,-এর প্রকাশনা অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। নিউইয়র্কের 'জয় বাংলাদেশ প্রকাশন' থেকে প্রকাশিত গ্রন্থের প্রকাশনা উপলক্ষে শনিবার (১৮ মার্চ) জ্যাকসন হাইটস এর জুইশ সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে নিউইয়র্কের প্রায় সকল বাংলা সংবাদ মাধ্যমের সম্পাদক, প্রধান কর্মাধ্যক্ষ, সাংবাদিকসহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে শুরু হওয়া ব্যতিক্রমী এই অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাংবাদিক আদিত্য শাহীন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং তার বাংলায় তর্জমা করেন মওলানা আব্দুস সাদিক।

আবু জাফর মাহমুদ বলেন, আমরা বাংলাদেশী-আমেরিকান। বাংলাদেশী স্বকীয়তার যে শক্তি ও সত্য, সেখানে যে ভালোবাসা রয়েছে ওই ভালোবাসা নিয়েই আমরা আমেরিকান। যখন আমরা আমেরিকান তখন আমরা বিশ্বনেতা। আমাদের প্রতিটি কাজ বিশ্ব নেতৃত্বের। ইনশাল্লাহ ২০২৩ সালেই প্রমাণ করে ছাড়বো আমরা বিশ্বনেতা। বাংলাদেশ পাল্টে যাবে। ফিরে দাঁড়াবে।

অনুষ্ঠানে বক্তারা আবু জাফর মাহমুদের প্রবন্ধ সংকলনের মূল্যায়ণ নিয়ে সবিস্তারে আলোচনা করেন। তারা বলেন, বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ সচেতন মানুষের চোখে খুলে দেবার মতো নানান বিষয় তুলে ধরেছেন তার সংকলন গ্রন্থটিতে। 'জয় বাংলা, জয় বাংলাদেশ' নামকরণের মধ্য দিয়ে বর্তমান সময়ের অপরিহার্য রাজনৈতিক সিদ্ধান্তের কথা মনে করিয়ে দিয়েছেন। সে সঙ্গে তার সাহসী উচ্চারণের মধ্য দিয়ে পরিবর্তিত বাংলাদেশের স্বপ্ন দেখার নতুন সুযোগ তৈরি হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক সাঈদ তারেক ও মাঈনুদ্দিন নাসের, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভি'র প্রধান নির্বাহী আবু তাহের, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা.ওয়াজেদ এ খান, সাপ্তাহিক জন্মভূমির সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক প্রথম আলো (নিউইয়র্ক) সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, সাপ্তাহিক প্রবাস সম্পাদক আবু সাঈদ, নিউইয়র্ক কাগজ'র কন্ট্রিবিউটিং এডিটর মনোয়ারুল ইসলাম, টিবিএন ২৪'র এএফএম মিসবাহউজ্জামান, আইনজীবি শেখ আখতারুল ইসলাম, সারওয়ার চৌধুরী সিপিএ ও প্রফেসর ড. আবুল কাশেম। অনুষ্ঠানে সিনিয়র সাংবাদিক ও বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, মূলধারার রাজনীতিক মোর্শেদ আলম, সাপ্তাহিক হক কথা'র সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, ভোরের কাগজের বিশেষ প্রতিনিধি শামীম আহমেদ, আই অন টিভি'র রিমন ইসলাম, চ্যানেল টিটি'র সিইও শিবলী চৌধুরী কায়েস, সাপ্তাহিক বাংলাদেশ প্রতিদিন'র আবুল কাশেম, ইউএসএ নিউজ অনলাইনের শাখাওয়াত সেলিম ও নিউইয়র্ক কাগজ-এর সম্পাদক আফরোজা ইসলাম উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান প্রবন্ধ সংকলটি সম্পর্কে তার লিখিত মূল্যায়ণ তুলে ধরেন। তিনি বলেন, আবু জাফর মাহমুদের প্রবন্ধ সংকলন তথা 'জয় বাংলা জয় বাংলাদেশ' শিরোনাম বা শ্লোগানের আবেদন রাজনীতির চেয়ে প্রাসঙ্গিকতা বিবেচনায় অনেক বেশি গুরুত্বপূর্ণ। তিনি সময়ের দাবি পুরণের পাশাপাশি ইতিহাসের সত্য অনুসন্ধান করেছেন। দেশে বা প্রবাসে যে যেখানেই থাকি, এই সত্যের পথে আমাদের সামিল হতে হবে। এই সত্য প্রচারে আন্তরিকভাবে উদ্যোগী হতে হবে।

বিশিষ্ট সাংবাদিক সাঈদ তারেক বইয়ের নামকরণ প্রসঙ্গে তার মূল্যায়ণ তুলে ধরেন। তিনি বলেন, আজ বাংলাদেশিরা দ্বিধাবিভক্ত হয়ে পড়েছি। জয় বাংলা ও বাংলাদেশ জিন্দাবাদ দুটি গ্রুপ। আমরা যুদ্ধ করে দেশ স্বাধীন করেছিলাম একটি জাতি, একটি জাতীয় ঐক্য গড়ে তোলার প্রত্যাশায়। কিন্তু বাস্তবে সেই জাতীয় ঐক্যই ধ্বংস করা হয়েছে।

পরিচয় সম্পাদক নাজমুল আহসান বলেন, জয় বাংলা বা বাংলাদেশ জিন্দাবাদ একটি জাতির জন্য মূখ্য ব্যাপার নয়। মুখ্য ব্যাপার হলো ঐক্য। একতাবদ্ধ হওয়া। আমাদের রাজনৈতিক বিরোধীতা থাকতে পারে। কিন্তু দেশের প্রশ্নে এক থাকা দরকার ছিল। ১৯৭১ সালে জয় বাংলা আমাদের ঐক্যবদ্ধ করেছিল। কিছু অংশ এর বিরোধীতা করেছিল। কিন্তু মানুষ এত বেশি স্বতস্ফূর্তভাবে ঐক্যবদ্ধ হয়েছিল, এর মধ্য দিয়ে আমাদের একটি জাতীয় চেতনা প্রতিষ্ঠিত হয়েছিল। কিন্তু সময়ের বিবর্তনে সে অবস্থা নেই জাতি এখন স্পষ্টত দুটি ভাগে বিভক্ত। তিনি 'জয় বাংলা জয় বাংলাদেশ' প্রবন্ধ সংকলনটিকে তথ্যের একটি আকর উল্লেখ করে বলেন, এই গ্রন্থটি একবার পড়লে সবকিছু বুঝে ওঠা যাবে না। এটি বারবার পড়তে হবে। বেশ কয়েকবার পড়লে অনেক কিছু পরিস্কার হয়ে উঠবে।

টাইম টিভির সত্তাধিকারী আবু তাহের বলেন, স্বপ্ন একজনই দেখেন, তার পথ ধরে অন্যরা এগিয়ে যায়। আবু জাফর মাহমুদ পরিবর্তনের স্বপ্ন রচনা করেছেন, আমরা বিশ্বাস করি, এখান থেকেই একটি নতুন পথ সূচিত হবে।

ইব্রাহিম চৌধুরী বলেন, আমাদের দেশের হাতে গোনা যে দুয়েকজন রাজনীতিক ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার স্বপ্ন দেখেছেন ও বীরদর্পে কাজ করে চলেছেন তার মধ্যে আবু জাফর মাহমুদ একজন।

প্রফেসর ড. আবুল কাশেম বলেন, জয় বাংলা জয় বাংলাদেশ প্রবন্ধ সংকলনটি বাংলাদেশ সম্পর্কিত বহু তথ্যের সমাহার। এখানে এমন কিছু তথ্য রয়েছে যা সাধারণ মানুষের ধারণা ও চিন্তার বাইরের বিষয়। এই প্রবন্ধগুলো অধ্যায়ণ করলে অনেক অজানা বিষয় সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া যাবে। একই সঙ্গে অনেক জটও খুলে যাবে।

